face or disturb any of the said lamps or extinguish any light therein, or abstract or take away from any of the said lamps any oil or other matter or thing therein, or any part thereof without the order of the said Commissioners, or of their said Surveyor, shall forfeit and pay on conviction before a Magistrate for every such offence any sum not exceeding 50 Rupees.

XLIX. And it is enacted, that if any party shall have committed any irregularity, trespass or other wrongful proceeding in the execution of this Act, or by virtue of any power or authority hereby given, and if before action brought in respect thereof, such party shall make tender of sufficient amends to the party injured, such last mentioned party shall not recover in any such action when brought, and if no such tender shall have been made, it shall be lawful for the defendant in such action by leave of the Court, where such action shall be pending at any time before issue joined to pay into Court, such sum of money as he shall think fit, and thereupon such proceedings shall be had as in other cases where defendants are allowed to pay money into Court.

L. And it is enacted, that in all cases where any damage, costs or expences are by this Act directed to be paid, and the method of ascertaining the amount or enforcing the paying thereof is not provided for, such amount in case of dispute, shall be ascertained and determined by arbitration in like manner as is provided for proceeding by arbitration under Act No. XXII. of 1847, and if the parties cannot agree upon two persons as arbitrators or the arbitrators fail to pronounce their award as aforesaid, then by any two Magistrates of Calcutta, and if the amount so ascertained be not paid by the said Commissioners or by the other party liable to pay the same, as the case may be, within seven days after demand thereof, the amount may be recovered by action of debt or on the case in Her Majesty's said Supreme Court of Judicature.

LI. And it is enacted, that the said Commissioners shall publish short particulars of the several offences for which any penalty is imposed by this Act, or by any Bye-laws of the said Commissioners affecting other persons than Officers or servants of the said Commissioners, and of the amount of every such penalty, and shall cause such particulars to be printed on a board, or printed upon paper and pasted thereon, in English and Bengalee, and shall cause such board to be hung up or affixed in some conspicuous place in the Office of the Clerk of the said Commissioners, and when any such penalties are of local application shall cause such boards to be affixed in some conspicuous place of the immediate neighbourhood to which such penalties are applicable or have reference, and such particulars shall be renewed as often as the same or any part thereof is obliterated or destroyed, and no such penalty shall be recoverable unless such particulars shall have been published and kept published in

বিরূপ করে কি ব্যাঘাত করে কি তাহার মধ্যের কোন আলো নির্ব্বাণ করে বা উক্ত কমিস্যানরেরদের বা তাঁহারদের উক্ত সরবেয়রের হুকুম না পাইয়া উক্ত দীপহইতে কোন তৈল বা অন্য বিষয় কি দ্রব্য তুলিয়া লয় বা লইয়া যায় সেই ব্যক্তির অপরাধ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি প্রত্যেক অপরাধের নিমিত্তে ৫০৲ টাকার অনধিক জরীমানা দিবেক ইতি।

৪৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনানুসারে কার্য্যকরণেতে কি এই আইনের দত্ত কোন ক্ষমতা বা শক্তিক্রমে যে কোন ব্যক্তি কোন বেদাঁড়া কর্ম্ম বা দোষ কি অন্য অনুপযুক্ত কার্য্য করে যদি তন্নিমিত্ত নালিশ হওনের পূর্ব্বে ঐ ব্যক্তি ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে উপযুক্ত টাকা দিবার প্রস্তাব করে তবে ঐ ক্ষতিগ্রস্ত ব্যক্তি নালিশ করিলে কিছু টাকা পাইবেক না এবং যদি সেইরূপ কোন টাকা দিবার প্রস্তাব না হয় তবে যে আদালতে নালিশ উপস্থিত হইয়াছে সেই আদালতের অনুমতিক্রমে নালিশের বিচার হওনের পূর্ব্বে সেই নালিশে ঐ আসামী যত টাকা উচিত বোধ করে তত টাকা আদালতে আমানৎ করিতে পারে এবং তাহা হইলে অন্যান্য যে গতিকে আসামীরা আদালতে টাকা আমানৎ করণের অনুমতি পায় সেই গতিকে যেরূপ কার্য্য হয় সেইরূপ কার্য্য হইবেক ইতি।

৫০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে সকল গতিকে কোন ক্ষতিপূরণের টাকা বা খরচ কি খরচা এই আইনের দ্বারা দিবার হুকুম আছে এবং ঐ টাকার সংখ্যা নির্ণয় করণের এবং তাহা আদায় করণের কোন নিয়ম নির্দ্দিষ্ট নাই সেই২ গতিকে যেরূপে ১৮৪৭ সালের ২২ আইনক্রমে সালিসীর দ্বারা কার্য্যকরা নির্দ্দিষ্ট আছে সেইরূপে ঐ বিবাদি টাকার সংখ্যা সালিসীর দ্বারা নির্ণয় ও নির্দ্দিষ্ট হইবেক এবং যদি উভয় পক্ষীয় ব্যক্তি দুই জন সালিস নিযুক্ত করণের বিষয়ে ঐক্য না হইতে পারে অথবা যদি সালিসেরা পূর্ব্বোক্তমতে আপনারদের ফয়সলা না করেন তবে কলিকাতার কোন দুই জন মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা ঐ টাকার সংখ্যার নির্ণয় হইবেক এবং সেইরূপ নির্দ্দিষ্ট টাকা উক্ত কমিস্যানরেরদের দ্বারা অথবা অন্য যে ব্যক্তির সেই টাকা দেয় হয় সেই ব্যক্তির দ্বারা যদি দাওয়া হওনের সাত দিবসের মধ্যে না দেওয়া যায় তবে সেই টাকা কর্জ্জের নালিশের দ্বারা বা প্রকারান্তরে শ্রীশ্রীমতী মহারাণীর উক্ত সুপ্রিম কোর্টের দ্বারা আদায় হইতে পারে ইতি।

৫১ ধারা। এবং হুকুম হইল যে উক্ত কমিস্যানরেরদের কর্ম্মকারক অথবা চাকর ভিন্ন অন্য ব্যক্তির সম্পর্কে এই আইনের দ্বারা কি উক্ত কমিস্যানরেরদের কোন ব্যবস্থার দ্বারা যে২ অপরাধের জন্যে দণ্ড নিরূপণ আছে সেই নানা অপরাধের সংক্ষেপ বিবরণ এবং প্রত্যেক দণ্ডের বিবরণ তাঁহারা প্রকাশ করিবেন এবং ঐ বিবরণ একটা তক্তার উপরে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় লেখাইবেন কি তাহা কাগজের উপর মুদ্রাঙ্কিত করিয়া ঐ তক্তার উপর লেয়াই দিয়া বসাইবেন এবং ঐ তক্তা উক্ত কমিস্যানরেরদের মুহুরীরের দফ্তরেরসকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে লট্কাইবেন অথবা বসাইবেন। এবং যখন ঐরূপ কোন জরীমানা কোন বিশেষ স্থানের বিষয়ে খাটে তখন যে স্থানে ঐ জরীমানা অর্শে বা সম্পর্ক রাখে তাহার অতি নিকটবর্ত্তি সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে ঐ তক্তা লট্কাইবেন। এবং যতবার ঐ সকল বিবরণ কিম্বা তাহার কোন ভাগ মোচা যায় বা নষ্ট হয় ততবার তাহা পুনর্ব্বার লিখিবেন। এবং যদি সেই বিবরণ পূর্ব্বোক্ত নির্দ্দিষ্ট প্রকারে প্রকাশ না হয় অথবা প্রকাশ করিয়া না রাখা যায় কিম্বা খামখা ও দ্বেষপূর্ব্বক লুপ্ত

the manner hereinbefore required, or wantonly and maliciously obliterated or destroyed.

LII. And it is enacted, that if any person shall pull down, break or defase any board put up as required by this Act, or shall obliterate any of the letters or figures thereon, he shall forfeit and pay for every such offence a sum not exceeding 50 Rupees, and shall also defray the expences attending the restoration of such board.

LIII. And it is enacted, that every penalty or forfeiture imposed by this Act, or by any Bye-law made in pursuance thereof, the recovery of which is not otherwise provided for may be recovered by summary proceeding before any Magistrate of Calcutta, and on complaint being made to any such Magistrate, he shall issue his summons requiring the party complained against to appear before him at a time and place to be named in such summons, and every such summons shall be served on the party offending either in person or by leaving the same at his usual or last known place of abode, and upon the appearance of the party complained against or in his absence after proof of the due service of such summons, it shall be lawful for such Magistrate to proceed to the hearing of the complaint which complaint shall be reduced to writing, and upon proof of the offence either by the confession of the party complained against, or upon the oath or solemn affirmation of one credible witness or more, it shall be lawful for such Magistrate to convict the offender, and upon such conviction to adjudge the offender to pay the penalty or forfeiture incurred as well as such costs attending the conviction as such Magistrate or Assistant Magistrate shall think fit, which penalty or forfeiture and costs so adjudged may be levied by distress.

LIV. And it is enacted, that where in this Act or in Act No. XVI. of 1847, any sum of money whether in the nature of penalty or otherwise is directed to be levied by distress, such sum of money shall be levied by distress and sale of the Goods and Chattels of the party liable to pay the same, and the overplus arising from such Goods and Chattels after satisfying such sum of money, and the expences of the distress and sale, shall be returned on demand to the party whose Goods shall have been restrained.

LV. And it is enacted, that no distress levied by virtue of this Act, or of Act No. XVI. of 1847, shall be deemed unlawful, nor shall any party making the same be deemed a trespasser on account of any defect or want of form in the summons, conviction, warrant of distress, or other proceeding relating thereto, nor shall any such party be deemed a trespasser ab initio on account of any irregularity afterwards committed by him, but all persons aggrieved by such defect or irregularity may and shall recover full satisfaction for the special damage in an action on the case in Her Majesty's said Supreme Court.

[*Government Gazette*, 28*th March*, 1848.]

অথবা বিনষ্ট না হয় তবে সেই প্রকার কোন গুনাহগারী আদায় হইতে পারে না ইতি।

৫২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের দ্বারা যে তক্তা লট্‌কাইবার হুকুম আছে তাহা যদি কোন ব্যক্তি নামাইয়া ফেলে অথবা ভগ্ন করে কি বিরূপ করে অথবা তাহার উপর লিখিত কোন অক্ষর বা অঙ্ক মুচিয়া ফেলে তবে এইরূপ প্রত্যেক অপরাধের জন্যে ৫০৲ টাকার অনধিক জরীমানা দিবেক এবং সেইরূপ তক্তা পুনর্ব্বার প্রস্তুত করণে যে খরচ লাগে তাহা দিবেক ইতি।

৫৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনক্রমে বা তদনুসারে করা কোন ব্যবস্থাক্রমে যে কোন দণ্ড বা গুনাহগারী নির্দ্দিষ্ট আছে যদি তাহা আদায় করণের অন্য কোন প্রকার নিয়ম না থাকে তবে তাহা সরাসরীমতে কলিকাতার কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আদায় হইতে পারে। এবং ঐ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে কোন নালিশ হইলে তিনি সমনের মধ্যে নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে হাজির হওনার্থ নালিশগ্রস্ত ব্যক্তিকে তলব করিবার সমন বাহির করিবেন এবং ঐরূপ প্রত্যেক সমন অপরাধি ব্যক্তির উপর নিজে জারী হইবেক অথবা তাহার সামান্যতঃ বাস স্থান বা শেষে জ্ঞাতহওয়া বাসস্থানে দিয়া আসিতে হইবেক এবং যে ব্যক্তির নামে নালিশ হইয়াছে সেই ব্যক্তি হাজির হইলে অথবা হাজির না হইলে সমন রীতিমত জারী হওনের প্রমাণ হইলে ঐ মাজিষ্ট্রেট সাহেব এই নালিশ শুনিতে পারেন। এবং ঐ নালিশ লিখনের দ্বারা দাখিল হইবেক। এবং নালিশগ্রস্ত ব্যক্তির কবুলের দ্বারা অথবা এক বা ততোধিক বিশ্বাসযোগ্য সাক্ষিদের শপথ কি সুকৃতির দ্বারা ঐ অপরাধ সাব্যস্ত হইলে ঐ মাজিষ্ট্রেট সাহেব ঐ অপরাধির দোষ নির্ণয় করিতে পারেন এবং তাহার দোষ এইরূপ সাব্যস্ত হইলে অপরাধি ব্যক্তি যে দণ্ড ও গুনাহগারীর যোগ্য তাহা এবং ঐ দোষ সাব্যস্ত করণের যে খরচা মাজিষ্ট্রেট সাহেব অথবা আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট সাহেব উচিত বোধ করেন তাহা ঐ অপরাধির দিবার হুকুম করিবেন। এবং ঐরূপে হুকুম করা দণ্ড বা জরীমানা বা খরচা জিনিস ক্রোকের দ্বারা আদায় হইতে পারে ইতি।

৫৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের মধ্যে অথবা ১৮৪৭ সালের ১৬ আইনের মধ্যে যদি কোন টাকা গুনাহগারীস্বরূপ বা প্রকারান্তরে ক্রোকের দ্বারা আদায় করণের হুকুম হয় তবে সেই টাকা যে ব্যক্তির দেয় হয় সেই ব্যক্তির জিনিস ও সম্পত্তি ক্রোক ও বিক্রয় করণের দ্বারা আদায় হইবেক এবং সেই দেনা টাকা ও ক্রোক ও বিক্রয়ের খরচা পরিশোধ হইলে ঐ জিনিস ও সম্পত্তিহইতে উৎপন্ন অবশিষ্ট টাকা যাহার জিনিস ক্রোক হইয়াছে তাহার দাওয়াক্রমে তাহাকে ফিরাইয়া দেওয়া যাইবেক ইতি।

৫৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন অথবা ১৮৪৭ সালের ১৬ আইনের শক্তিক্রমে যে ক্রোক হয় তাহা সমনে বা দোষ সাব্যস্ত করণে বা ক্রোকী পরওয়ানাতে কি তৎসম্পর্কীয় অন্য কার্য্যেতে কোন দোষ বা বেদাঁড়া হইয়াছে বলিয়া বেআইনী জ্ঞান হইবেক না এবং যে ব্যক্তি সেই ক্রোক করে সেই ব্যক্তি অপরাধী জ্ঞান হইবেক না এবং সেই ব্যক্তি তৎপরে কোন বেদাঁড়া কর্ম্ম করিলে তৎপ্রযুক্ত আদৌ দোষী জ্ঞান হইবেক না কিন্তু যে সকল ব্যক্তি ঐ দোষ অথবা বেদাঁড়া কর্ম্মের দ্বারা ক্ষতিগ্রস্ত হয় সেই সকল ব্যক্তি সেই বিশেষ ক্ষতির সম্পূর্ণ প্রতিকার সেই বিষয়ের নালিশক্রমে শ্রীশ্রীমতী মহারাণীর উক্ত সুপ্রিম কোর্টে পাইতে পারে ও পাইবেক ইতি।

LVI. And it is enacted, that the Magistrate by whom any such penalty or forfeiture shall be imposed may when the application thereof is not otherwise provided for, award not more than one-half thereof to the informer, and shall award the remainder to the said Commissioners to be by them applied to the purposes of this Act as to them shall appear fit, and shall order the same to be paid over to the Clerk of the said Commissioners for that purpose, whose receipt shall be a good and sufficient discharge to the person so paying the same.

LVII. And it is enacted, that no person shall be liable to the payment of any penalty or forfeiture imposed by virtue of this Act, for any offence complained of before a Magistrate, unless the complaint respecting such offence shall have been made before such Magistrate within six months next after the commission of such offence.

LVIII. And it is enacted, that if through any act, neglect or default, on account whereof any person shall have incurred any penalty imposed by this Act, any damage to the property of the said Commissioners shall have been committed by such person, he shall be liable to make good such damage as well as to pay such penalty, and the amount of such damages shall in case of dispute be determined by the Magistrate by whom the party incurring such penalty shall have been convicted, and in case such damages shall not be paid on demand the same may be recovered by action of debt or on the case in Her Majesty's said Supreme Court of Judicature.

LIX. And it is enacted, that it shall be lawful for any Magistrate to summon any person to appear before him as a witness in any matter in which such Magistrate shall have jurisdiction under the provisions of this Act at a time and place to be mentioned in such summons, and require from him an oath or solemn affirmation that he will testify the truth in such matter, and if any person so summoned shall without reasonable cause refuse or neglect to appear at the time and place appointed for that purpose, having been paid or tendered a reasonable sum for his expences if from distance or any other cause he shall be lawfully entitled to claim such expences, or if any person appearing shall refuse to be examined on his oath or solemn affirmation according to law, or to give evidence before such Magistrate or Assistant Magistrate, every such person shall for every such offence forfeit and pay a sum not exceeding fifty Rupees.

LX. And it is enacted, that in Acts No. XVI. of 1847, and No. XXII. of 1847, and in this Act, the following words and expressions shall have the several meanings hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such construction (that is to say,) words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number, words import-

৫৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা সেইরূপ কোন দণ্ড বা গুনাহগারী নির্দ্দিষ্ট হয় সেই গুনাহগারী ব্যয় করণের বিষয়ে অন্য প্রকারে কোন নিয়ম না থাকিলে সেই মাজিষ্ট্রেট সাহেব তাহার অর্দ্ধেকের অনধিক গোয়েন্দাকে দিতে পারেন এবং অবশিষ্ট কমিস্যানরদিগকে দিতে হুকুম করিবেন এবং তাঁহারা যেমত উচিত বোধ করেন সেই মতে ঐ টাকা এই আইনের অভিপ্রায়েতে খরচ করিবেন এবং মাজিষ্ট্রেট সাহেব তন্নিমিত্ত সেই টাকা উক্ত কমিস্যানরেরদের মুহুরীরকে দিতে হুকুম করিবেন এবং মুহুরীরের রসীদ যে ব্যক্তি সেই টাকা দেয় সেই ব্যক্তির প্রতি উত্তম ও মাতবর ফারখৎ হইবেক ইতি।

৫৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐরূপ কোন অপরাধ হওনের পর যদি তাহার বিষয়ে নালিশ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ছয় মাসের মধ্যে না করা যায় তবে কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সেই অপরাধের বিষয়ে নালিশ হইলে কোন ব্যক্তি এই আইনের শক্তিক্রমে নির্দ্দিষ্ট কোন দণ্ড বা গুনাহগারী দেওনের যোগ্য হইবেক না ইতি।

৫৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে কোন কর্ম্ম কি ত্রুটি বা কসুরের দ্বারা কোন ব্যক্তি এই আইনের দ্বারা নির্দ্দিষ্ট জরীমানার যোগ্য হইয়াছে সেই কর্ম্মপ্রভৃতিপ্রযুক্ত যদি সেই ব্যক্তি উক্ত কমিস্যানরেরদের সম্পত্তির কোন ক্ষতি করিয়া থাকে তবে সেই ব্যক্তি সেই জরীমানা দিবেক এবং সেই ক্ষতি পূরণ করিয়া দিবার যোগ্য হইবেক এবং যদি সেই ক্ষতি পূরণের বিষয়ে কোন বিবাদ হয় তবে দণ্ডগ্রস্ত ব্যক্তির দোষ যে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা সাব্যস্ত হইল সেই মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা ঐ বিবাদের নিষ্পত্তি হইবেক এবং যদি সেই ক্ষতি পূরণের টাকা দাওয়া হইলে না দেওয়া যায় তবে তাহা শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টে কর্জের নালিশের দ্বারা বা বিশেষ নালিশের দ্বারা আদায় হইতে পারে ইতি।

৫৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে কোন বিষয়ে এই আইনের নিয়মানুসারে মাজিষ্ট্রেট সাহেবের এলাকা থাকে সেই বিষয়ে মাজিষ্ট্রেট সাহেব কোন ব্যক্তিকে আপনার সম্মুখে সাক্ষিস্বরূপ হাজির হইতে তলব করিতে পারেন এবং যে সময়ে ও যে স্থানে তাহার হাজির হইতে হইবেক তাহা ঐ সমনে লেখা থাকিবেক এবং সেই বিষয়ে যথার্থ সাক্ষ্য দেওনার্থ তাহাকে শপথ করাইতে বা তাহার স্থানে মুকৃতি লইতে পারেন। এবং যদি কোন ব্যক্তির এইরূপে তলব হইলে এবং দূরত্ব বা কারণান্তর প্রযুক্ত সেই ব্যক্তি আইনের মতে আপনার খরচার জন্যে যথার্থ দাওয়া করিতে পারে তাহার সেই খরচার জন্যে তাহাকে ওয়াজিবী টাকা দেওয়া গেলে বা দিবার প্রস্তাব হইলে যদি সেই ব্যক্তি তন্নিমিত্ত নির্দ্দিষ্ট সময়ে ঐ স্থানে হাজির হইতে উপযুক্ত কারণ বিনা অস্বীকৃত হয় বা ত্রুটি করে তবে অথবা যদি কোন ব্যক্তি হাজির হইয়া মাজিষ্ট্রেট সাহেব বা আসিস্টাণ্ট মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আইনানুসারে শপথ বা মুকৃতিক্রমে জোবানবন্দী দিতে বা সাক্ষ্য দিতে স্বীকৃত না হয় তবে এমত ব্যক্তি প্রত্যেক অপরাধের জন্যে ৫০৲ টাকার অনধিক জরীমানা দিবেক ইতি।

৬০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ১৮৪৭ সালের ১৬ আইনের এবং ১৮৪৭ সালের ২২ আইনের এবং এই আইনের পশ্চাৎ লিখিত কথার যে নানা অর্থ এই আইনের দ্বারা নিরূপণ হইয়াছে যদি সেই বিষয়ে অথবা তাহার পূর্ব্বাপর কথায় সেই অর্থ করণের বিরুদ্ধে কিছু না থাকে তবে সেই কথার সেই অর্থ হইবেক। বিশেষতঃ যে কথা এক বচনে লেখা গিয়াছে তাহাতে বহু বচনের অর্থও বুঝাইবেক এবং যে কথা বহু বচনে লেখা গিয়াছে তাহার অর্থ এক বচ-

ing the masculine gender only shall include females unless the word male is used. The word "person" shall include corporations whether aggregate or sole. The words "Oath," "Affirmation," and "Solemn Affirmation" when used alone shall include oath or affirmation or other declaration lawfully substituted for an oath in such case by any Legislative Act of the Governor General of India in Council, or by any Act of the Parliament of Great Britain extended to India. The word "Street" shall include any square, circus, street, court, alley, footpath, highway, lane, road, thoroughfare, public passage, or other public place within the said Town. The words "the said Commissioners" shall mean the Commissioners for the time being appointed under the provisions of Act No. XVI. of 1847.

G. A. BUSHBY,
Secy. to the Govt. of India.

নেও হইবেক এবং যে কথা পুংলিঙ্গ আছে তাহা যদি "পুং" এই বিশেষ লেখা না থাকে তবে স্ত্রীলিঙ্গও বুঝাইবেক। এবং "ব্যক্তি" এই কথা বহু জনবিশিষ্ট বা এক জনের চার্টরপ্রাপ্ত সমাজ বুঝাইবেক। এবং "শপথ" ও "সুকৃতি" এবং "ধর্ম্মতঃপ্রতিজ্ঞা" এই কথা যখন অন্য কথায় সংযুক্ত না থাকে তখন ভারতবর্ষে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের কোন আইনের দ্বারা বা ভারতবর্ষে প্রচলিত ইঙ্গলণ্ড দেশের পার্লিমেণ্টের কোন আক্টের দ্বারা শপথের পরিবর্ত্তে যে কোন শপথ বা সুকৃতি কি প্রতিজ্ঞা আইনমতে নির্দ্দিষ্ট হইয়াছে তাহাও বুঝাইবেক। এবং "রাস্তা" এই কথা কোন চক বা আখড়া কি রাস্তা কিম্বা অঙ্গন বা সুড়িপথ কি পদব্রজে গমনোপযুক্ত পথ বা রাজমার্গ কিম্বা গলি অথবা পন্থা বা খোলা পথ কি প্রবেশের স্থান বা অন্য কোন সাধারণ জায়গা বুঝাইবেক। এবং "উক্ত কমিস্যনরেরা" এই কথা ১৮৪৭ সালের ১৬ আইনের বিধির অনুসারে যে কমিস্যনরেরা নিযুক্ত হন তাহারদিগকে বুঝাইবেক ইতি।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

REPORTS OF SUMMARY CASES DETERMINED BY THE COURT OF SUDDER DEWANNY ADAWLUT.

10th January, 1848.

A Judge having granted permission to a decree-holder intending to purchase the property of his judgment debtor, to file his receipt, instead of paying the purchase money, is competent to withdraw such permission under altered circumstances shewn by the application of a party holding a decree against such decree-holder.

Musst. Wuzeer-oonnissa,—Petitioner.

Meer Kubeer Hussein, husband of the petitioner, having sold to her a decree obtained by him against Meer Ukbar Ullee and others, she was, on the 23d July, 1847, permitted, by the Additional Judge of Behar, to give her receipt for the amount due, in lieu of the purchase money, if she purchased the property to be sold in satisfaction of the decree. Afterwards this permission was withdrawn on the objection of Byjnath Sahoo, who held a decree against Meer Kubeer Hussein; and who represented that the sale of this latter's decree to his wife was collusive, with a view to defraud him.

Against the order to such effect, which was dated the 22d September following, the petitioner appealed to the Sudder Dewanny Adawlut.

By the Court (Mr. Hawkins.) "When the order of the 23d July was passed, there were no "apparent objections. Afterwards, upon the application of Byjnath Sahoo, that he held a decree "against Meer Kubeer Hussein, who was husband "of the petitioner, and that the sale to the latter "was fraudulent and collusive, the features of the "case became altered. The Judge was then competent to require payment of the purchase money "in cash. It is clear that Meer Kubeer Hussein "sold his decree against Meer Ukbar Ullee and

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তি হওয়া সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৪৮ সাল ১০ জানুআরি।

ডিক্রীদার যদি দেনদারের সম্পত্তি খরীদ করিতে মানস করে এবং বিচারকর্ত্তা তাহাকে খরীদী টাকার পরিবর্ত্তে আপনার রসীদ দাখিল করিতে অনুমতি দেন তবে ঐ ডিক্রীদারের বিরুদ্ধে যে ব্যক্তি ডিক্রী পাইয়া থাকে সেই ব্যক্তি দরখাস্ত করিয়া বিষয়ের বৈলক্ষণ্য দর্শাইলে বিচারকর্ত্তা আপনার ঐ অনুমতি অন্যথা করিতে পারেন।

মসম্মাৎ উজীরন্নেছা। দরখাস্তকারিণী।

দরখাস্তকারিণীর স্বামী মীর কবির হুসেন মীর আকবার আলী ও অন্যেরদের বিরুদ্ধে যে ডিক্রী পাইয়াছিল তাহা দরখাস্তকারিণীকে বিক্রয় করিল এবং বেহারের অতিরিক্ত জজ সাহেব ১৮৪৭ সালের ২৩ জুলাই তারিখে ঐ স্ত্রীকে এই অনুমতি দিলেন যে ডিক্রী জারীক্রমে যে সম্পত্তি বিক্রয় হইবার কল্প আছে তাহা যদি দরখাস্তকারিণী খরীদ করে তবে খরীদী টাকার পরিবর্ত্তে আপনার পাওনা টাকার রসীদ দিতে পারে। তাহার পর মীর কবির হুসেনের বিরুদ্ধে বৈজনাথ সাহুর এক ডিক্রী থাকাতে সেই ব্যক্তি আপত্তি করিয়া কহিল যে ঐ মীর কবির হুসেন আমার পাওনা টাকা না দিবার অভিপ্রায়ে ঐ ডিক্রী গণতাক্রমে আপনার স্ত্রীকে বিক্রয় করিয়াছে। তাহাতে ঐ অতিরিক্ত জজ সাহেব আপনার পূর্ব্বোক্ত অনুমতি অন্যথা করিলেন।

ঐ হুকুম ১৮৪৭ সালের ২২ সেপ্টেম্বর তারিখে হইল তাহার উপর দরখাস্তকারিণী সদর দেওয়ানী আদালতে আপীল করিল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত হকিন্স সাহেব কহিলেন "যে ১৮৪৭ সালের ২৩ জুলাই তারিখে যখন "ঐ হুকুম হইল তখন কোন আপত্তি দৃষ্ট ছিল না। "তাহার পরে বৈজনাথ সাহু এই দরখাস্ত করিল যে "দরখাস্তকারিণীর স্বামি মীর কবির হুসেনের বিরুদ্ধে "এক ডিক্রী আমার নিকটে আছে এবং দরখাস্তকারিণীকে ঐ বিক্রয় প্রতারণা ও গণতাক্রমে হইয়াছে। "তাহাতে মোকদ্দমার ভাবের এইরূপ বৈলক্ষণ্য হওয়াতে "জজ সাহেবের এই ক্ষমতা ছিল যে মূল্য নগদ টাকায় "দিতে হুকুম করেন। মীর কবির হুসেনের নিকটে মীর "আকবার আলী ও অন্যেরদের বিরুদ্ধে যে ডিক্রী ছিল

" others, to his wife, to defraud his judgment cre-
" ditors. For these reasons the Judge's order, of
" 22d September, must be upheld." Petition re-
jected.

10th January, 1848.

An estate, only privately divided, is not exempt from attachment under Section 26, Regulation V. 1812.

Muhindur Nurain Raee, &c.—Petitioners.

The Judge of Zillah Backergunge had, on the petition of Hursoondree, &c., issued a precept to the Collector of the Zillah, under Section 26, Regulation V. 1812, as modified by Regulation V. 1827, to appoint a manager to a Mehal, consisting of 10 gundahs, 1 cowree, of Pergunnah Suleemabad ; of which, taken as a whole, 10 annas, 13 gundas, 1 cowree, 1 krant, belonged to petitioners ; and 5 annas, 6 gundas, 2 cowrees, 2 krants to Hursoondree and others.

From the order to this effect, which was dated the 8th September, 1847, the petitioners appealed to the Sudder Dewanny Adawlut, urging more especially, that a division of the lands, forming the above two shares, had taken place ; and that they were distinct and separate. As it appeared, however, that the alleged partition was not a regular one under Regulation XX. 1814, their objections were over-ruled by the Court, (present Mr. Hawkins,) and the Judge's order confirmed.

11th January, 1848.

When not otherwise specified, the era current in any particular district is to be presumed.

Girdharee Purshad,—Petitioner.

In execution of a decree, obtained against the petitioner by Bydnath Das Mahapatr, the parties had entered into a compromise, by which, on condition of the former paying a certain sum, on the 25th Jheit 1253, the decree was to be considered satisfied. The money being deposited in the Court of the Principal Sudder Ameen of Midnapore, on the 26th Jheit Umlee, he, on the 3d April, 1847, ordered the decree-holder to receive it ; observing that the era not being mentioned, and the above date corresponding with the 25th Jheit, B. S., the petitioner had fulfilled his bargain.

On appeal by the decree-holder, the Zillah Judge reversed the above order, on the 14th June following, on the ground that the Umlee style should be presumed ; such being the custom of the district.

The petitioner then appealed to the Sudder Dewanny Adawlut.

By the Court (Mr. Hawkins.) " The Umlee
" Era is current in the Zillah, and where the par-
" ties reside, as appears from a report specially
" called for from the Zillah Judge, and from other
" documents executed between the same parties.
" The order of the Judge is therefore correct."
Petition rejected.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৮। ২৮ মার্চ।]

" তাহা আপন স্ত্রীকে বিক্রয় করিবার অভিপ্রায় এই যে
" ডিক্রী প্রাপ্ত আপনার মহাজনেরদিগের পাওনা টাকা
" না দেয় ইহা অতিস্পষ্ট দৃষ্ট হইতেছে। এই২ হেতুতে
" ঐ জজ সাহেবের ২২ সেপ্টেম্বর তারিখের হুকুম
" বহাল করিতে হইবেক।" দরখাস্ত নামঞ্জুর হইল।

১৮৪৮ সাল ১০ জানুআরি।

যে মহাল কেবল আপোসে বিভক্ত হইয়াছে তাহা ১৮১২ সালের ৫ আইনের ২৬ ধারানুসারে ক্রোক হইতে পারে।

মহেন্দ্রনারায়ণ রায় ও অন্যেরা। দরখাস্তকারী।

হরসুন্দরী ও অন্যেরদের দরখাস্তক্রমে জিলা বাকরগঞ্জের জজ সাহেব ১৮২৭ সালের ৫ আইনের দ্বারা মতান্তরহওয়া ১৮১২ সালের ৫ আইনের ২৬ ধারানুসারে জিলার কালেক্টর সাহেবের নিকটে এই হুকুম করিলেন যে তিনি সলীমাবাদ পরগনার ১০ গণ্ডা ১ কড়া রকম মহালে সরবরাহকার নিযুক্ত করেন। সেই সম্পূর্ণ মহালের ॥৶ আনা ১৩ গণ্ডা ১ কড়া = ক্রান্তি হিস্যা দরখাস্তকারিরদের এবং ৴ আনা ৬ গণ্ডা ॥ কড়া = ক্রান্তি হিস্যা হরসুন্দরী ও অন্যেরদের।

এই হুকুম ১৮৪৭ সালের ৮ সেপ্টেম্বর তারিখে হইল তাহার উপর দরখাস্তকারিরা সদর দেওয়ানী আদালতে আপীল করিয়া বিশেষ মতে জানাইল যে ঐ দুই হিস্যার ভূমি বিভাগ হইয়াছে এবং তাহা স্বতন্ত্র ও পৃথক্ আছে। পরন্তু দৃষ্ট হইল যে ঐ কথিত বিভাগ ১৮১৪ সালের ২০ আইনানুসারে রীতিমতে হয় নাই। তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত হকিন্স সাহেব তাহারদের আপত্তি অগ্রাহ্য করিয়া জজ সাহেবের হুকুম বহাল রাখিলেন।

১৮৪৮ সাল ১১ জানুআরি।

যদি কোন কাগজপত্রে সনের কোন নিদর্শন না থাকে তবে সেই বিশেষ জিলাতে যে সন চলন আছে সেই সন লিখনের অভিপ্রায় ছিল এমত বোধ করিতে হইবেক।

গিরিধারিপ্রসাদ। দরখাস্তকারী।

দরখাস্তকারির বিরুদ্ধে বৈদ্যনাথ দাস মহাপাত্র ডিক্রী পাইয়াছিল ঐ ডিক্রী জারীকরণ সময়ে উভয় পক্ষীয় ব্যক্তিরা আপোসে এই বন্দোবস্ত করিল যে দরখাস্তকারী যদি ১২৫৩ সালের ২৫ জ্যৈষ্ঠে নির্দ্দিষ্ট কতক টাকা দাখিল করে তবে ডিক্রীর মতাচরণ হইয়াছে বোধ হইবেক। দরখাস্তকারী ঐ টাকা অমলী সনের ২৬ জ্যৈষ্ঠে মেদিনীপুরের প্রধান সদর আমীনের আদালতে আমানৎ করিল এবং তিনি ১৮৪৭ সালের ৩ আপ্রিল তারিখে ডিক্রীদারকে ঐ টাকা লইতে হুকুম করিয়া কহিলেন যে বন্দোবস্তপত্রের মধ্যে কোন সন নির্দ্দিষ্ট নাই এবং ঐ অমলী ২৬ জ্যৈষ্ঠ তারিখ বাঙ্গলা সনের ২৫ জ্যৈষ্ঠের সঙ্গে মিলে অতএব দরখাস্তকারী আপন বন্দোবস্ত সম্পূর্ণ করিয়াছে।

ডিক্রীদার আপীল করিলে জিলার জজ সাহেব ১৮৪৭ সালের ১৪ জুন তারিখে ইহা বলিয়া ঐ হুকুম অন্যথা করিলেন যে ঐ জিলাতে অমলী সন চলন আছে অতএব বন্দোবস্তপত্রে ঐ সন লিখনের অভিপ্রায় ছিল এমত বোধ করিতে হইবেক।

তাহাতে দরখাস্তকারী সদর দেওয়ানী আদালতে আপীল করিল।

সদর আদালতের জজ শ্রীযুত হকিন্স সাহেব কহিলেন যে " ঐ জিলার জজ সাহেবের স্থানে যে বিশেষ রি-
" পোর্ট তলব হইয়াছে তাহার দ্বারা এবং ঐ উভ
" পক্ষের মধ্যে অন্য যে লেখাপড়া হইয়াছে তাহার
" দ্বারা দৃষ্ট হইতেছে যে ঐ জিলাতে এবং উভয় পক্ষ
" যে স্থানে বাস করে সেই স্থানে অমলী সন চলন আছে।
" অতএব জজ সাহেবের হুকুম যথার্থ।" দরখাস্ত নামঞ্জুর হইল।

17th January, 1848.

The personal attendance in Court of the Principal to execute the engagement on receipt of a certificate, under Act XX. 1841, is unnecessary.

Birm Mye Goopteea, Mother of Bhojindur Raee, and Poornomunnee Goopteea, mother of Gopal Chunder Raee and of Kedarnath Raee,—Petitioners.

This was an appeal from an order of the Judge of Nuddea, dated 26th July, 1847, striking off the file the petitioner's application to obtain, under Act XX. 1841, a certificate of representative title of their deceased husband, Kaleepershad, because they did not attend personally in Court to execute the engagement, required prior to the grant of the certificate. This order was passed in pursuance of an opinion expressed by the Sudder Dewanny Adawlut.

It was held by the Court at large, on further consideration, that the personal attendance of the Principal was unnecessary. The applicant, if unable to attend, might execute the deed in question in the usual way adopted in such cases, viz. by an authorised agent, or before a commission issued to attest their execution.

The order of the Judge was accordingly reversed.

18th January, 1848.

The application of the holder of a decree against several judgment debtors to divide their liabilities according to shares being rejected, does not preclude execution being taken out against them all jointly and severally.

Saliheh Khatoon and Kamleh Khatoon,—Petitioners.

Kurm Ullee Chowdree and others, having obtained a decree against the petitioners, and Gholam Imam Chowdree and others, had caused the attachment of their property. Afterwards, the decree-holders represented that the amount decreed was due by the petitioners in the proportion of 5 *annas*, 6 *gundas*, 2 *cowrees*, 2 *krants*, and by Gholam Imam Chowdree and others, in that of 10 *annas*, 13 *gundas*, 1 *cowree*, 1 *krant*. They, therefore, applied to the Principal Sudder Ameen of Nuddea, in whose Court the case was pending, to have the property of the former sold, and that of the latter released, as they had arranged to pay. The Principal Sudder Ameen observing, that the respective shares of the debtors could not be ascertained, but by a regular suit, struck the case of execution of decree off the file on the 6th July, 1847.

১৮৪৮ সাল ১৭ জানুআরি।

১৮৪১ সালের ২০ আইনানুসারে সর্টিফিকট দেওন সময়ে যে জামিনীনামা লিখিতে হয় তাহা লিখিবার জন্যে সর্টিফিকটের দরখাস্তকারির স্বয়ং আদালতে হাজির হইবার আবশ্যক নাই।

ভোজেন্দ্র রায়ের মাতা ব্রহ্মময়ী গুপ্তী এবং গোপালচন্দ্র রায় ও কেদারনাথ রায়ের মাতা পূর্ণমণি গুপ্তী দরখাস্তকারিণী।

দরখাস্তকারিণীরা আপনারদের মৃত স্বামি কালীপ্রসাদের স্থলাভিষিক্ত হওনের সর্টিফিকট ১৮৪১ সালের ২০ আইনানুসারে পাইবার দরখাস্ত নদীয়ার জজ সাহেবের নিকটে করিল এবং তিনি ১৮৪৭ সালের ২৬ জুলাই তারিখে ইহা বলিয়া তাহারদের দরখাস্ত নথীহইতে উঠাইয়া দিলেন যে সর্টিফিকট দেওনের পূর্ব্বে যে জামিনীনামা দিতে হয় তাহাতে দস্তখৎ করিবার নিমিত্তে তাহারা স্বয়ং আদালতে হাজির হইল না। এই হুকুম সদর দেওয়ানী আদালতের প্রকাশিত মতানুযায়ী হইল তাহার উপর এই আপীল হইল।

তাহাতে সদর আদালতের সকল জজ সাহেব এই বিষয় পুনশ্চ বিবেচনা করিয়া নির্দ্ধারণ করিলেন যে "যে ব্যক্তি সর্টিফিকটের দরখাস্ত করে সে ব্যক্তির "স্বয়ং হাজির হওনের আবশ্যক নাই। যদি দরখাস্ত-"কারী হাজির হইতে না পারে তবে এই প্রকার গতিকে "যে উপায় রীতিমতে করা যায় তদনুসারে ঐ দলীলে "দস্তখৎ হইতে পারে অর্থাৎ কোন নিযুক্ত মোখ্তারের "দ্বারা অথবা ঐ দলীলে দস্তখতের প্রমাণ করিবার যে "কমিসান নিযুক্ত হয় তাহার সম্মুখে দস্তখৎ হইতে "পারে"।

তদনুসারে জজ সাহেবের হুকুম মতান্তর করা গেল।

১৮৪৮ সাল ১৮ জানুআরি।

যে নানা দেনদারের বিরুদ্ধে ডিক্রী হইয়াছে তাহারদের দায় অংশাংশ করিবার ডিক্রীদারের দরখাস্ত যদি নামঞ্জুর হয় তবে তাহার দ্বারা ঐ ডিক্রী তাহারদের সকলের প্রতিকূলে সাধারণে এবং একেং জারী করণের কোন বাধা নাই।

সালিহে খাতুন ও কামলে খাতুন। দরখাস্তকারী।

দরখাস্তকারিরদের ও গোলামইমাম চৌধুরী ও অন্যেরদের বিরুদ্ধে করম আলী চৌধুরী ও অন্যেরা ডিক্রী পাইয়া তাহারদের সম্পত্তি ক্রোক করাইয়াছিল। পরে ডিক্রীদারেরা কহিল যে ডিক্রীর টাকার ৵ আনা ৬ গণ্ডা ॥ কড়া= দুই ক্রান্তি হিসাব দরখাস্তকারিরদের স্থানে পাওনা আছে এবং গোলামইমাম চৌধুরী ও অন্যেরদের স্থানে ॥৵ আনা ১৩ গণ্ডা। কড়া – ক্রান্তি হিসাব পাওনা আছে। ঐ মোকদ্দমা নদীয়ার প্রধান সদর আমীনের আদালতে উপস্থিত ছিল অতএব ডিক্রীদারেরা তাঁহার নিকটে দরখাস্ত করিল যে দরখাস্তকারিরদের সম্পত্তি বিক্রয় করা যায় এবং গোলামইমাম চৌধুরী ও অন্যেরদের জমা খালাস হয় যেহেতুক তাহারা ঐ টাকা দিবার বন্দোবস্ত করিয়াছে। তাহাতে প্রধান সদর আমীন কহিলেন যে দেনদারেরদের স্বতন্ত্র হিসাব কেবল জাবেতামত মোকদ্দমার দ্বারা নিশ্চয় করা যাইতে পারে অতএব তিনি ১৮৪৭ সালের ৬ জুলাই তারিখে ঐ ডিক্রী জারীর মোকদ্দমা নথীহইতে উঠাইয়া দিলেন।

The decree-holders then appealed to the Zillah Judge, who, on the 21st September following, allowed execution to be proceeded with against all the judgment debtors as before, as the decree was against them jointly and severally.

From this order the petitioners appealed to the Sudder Dewanny Adawlut, when the Court (present Mr. Hawkins) upheld it, as the petitioners had not satisfied the claims against them.

20th January, 1848.

Objections to a sale in execution of a decree, founded on its having been previously satisfied, cannot be heard after such sale when held after due notice.

Sreemuttee Dasee,—Petitioner.

Turruff Khetr Pala, the property of the petitioner, had been sold, on the 1st February, 1847, and purchased by Sumbhoo Chunder Mujmooadar in execution of a decree obtained against her by Omeschunder Ghose, Surbarakar on the part of Rajah Indur Bhoosun Deb Raee, a minor. Afterwards the petitioner represented to the Principal Sudder Ameen of Jessore, that she had settled with Ram Chunder Mujmooadar, a former Surbarakar, in satisfaction of the decree, and had his receipt in full endorsed upon it; notwithstanding which, the present Surbarakar had caused the sale of her property, without the issue of notice or proclamation as required by Law. This statement of the petitioner was contradicted both by the auction purchaser and the decree-holder: the former urging that she should have objected to the sale before it was held, and that she could not be heard after it; nevertheless the Principal Sudder Ameen, on the 1st June, 1847, reversed the sale, considering both the satisfaction of the decree and the non-issue of proclamation to have been established. On the 29th September following, the Zillah Judge reversed this order on appeal; because it appeared to him that the sale had been held after due notice given, and without the decree having been satisfied.

The petitioner then appealed to the Sudder Dewanny Adawlut.

By the Court, (present Mr. Tucker, Sir R. Barlow, and Mr. Hawkins.) "As the Roobookaree, "of the Zillah Judge shows that the proclamation "was issued, and no irregularity appears in the "sale proceedings, and the petitioner did not pre-"fer her objections before the sale that she had "satisfied the decree, there being no grounds for "the summary reversal of the sale, the order of the "Zillah Judge must be confirmed." Order accordingly.

পরে ডিক্রীদারেরা জিলার জজ সাহেবের নিকটে আপীল করিলে তিনি ১৮৪৭ সালের ২১ সেপ্টেম্বর তারিখে এই হুকুম করিলেন যে ঐ ডিক্রী সাধারণে ও একে২ সকল দেনদারের বিরুদ্ধে হইয়াছিল অতএব ডিক্রীর মধ্যে লিখিত সকল দেনদারের বিরুদ্ধে পূর্ব্বের মতে ডিক্রী জারী করিতে অনুমতি দিলেন।

এই হুকুমের উপর দরখাস্তকারিরা সদর দেওয়ানী আদালতে আপীল করিল তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত হকিন্স সাহেব তাহা বহাল রাখিলেন যেহেতুক দরখাস্তকারিরা আপনারদের দেনা টাকা পরিশোধ করে নাই।

১৮৪৮ সাল ২০ জানুআরি।

উপযুক্ত এত্তেলা দেওনপূর্ব্বক ডিক্রী জারীক্রমে নীলাম হইলে পর ঐ ডিক্রীর মতাচরণ পূর্ব্বে হইয়াছিল বলিয়া নীলামের বিষয়ে কোন আপত্তি শুনা যাইতে পারে না।

শ্রীমতী দাসী। দরখাস্তকারিণী।

নাবালগ রাজা ইন্দ্রভূষণ দেব রায়ের সরবরাহকার উমেশচন্দ্র ঘোষ দরখাস্তকারিণীর বিরুদ্ধে এক ডিক্রী পাইল এবং তাহা জারী করিয়া ১৮৪৭ সালের ১ ফেব্রুআরি তারিখে তরফ ক্ষেত্রপালনামক দরখাস্তকারিণীর সম্পত্তি নীলাম করিল ঐ সম্পত্তি শম্ভুচন্দ্র মজুমদার খরীদ করিয়াছিল। তাহার পরে দরখাস্তকারিণী যশোহরের প্রধান সদর আমীনের নিকটে এই দরখাস্ত করিল যে ঐ ডিক্রীর মতাচরণ করিয়া আমি সাবেক সরবরাহকার রামচন্দ্র মজুমদারের সঙ্গে এ বিষয়ের বন্দোবস্ত করিয়াছিলাম এবং ঐ ডিক্রীর পৃষ্ঠে মজুমদার সম্পূর্ণ রসীদ লিখিয়া দিয়াছে কিন্তু এইমত হইলেও বর্ত্তমান সরবরাহকার আইনমতে কোন এত্তেলা কি ঘোষণাপত্র জারী না করিয়া আমার সম্পত্তি বিক্রয় করাইয়াছে। দরখাস্তকারিণীর এই কথা নীলামী খরীদার এবং ডিক্রীদার উভয়ে অস্বীকার করিল। খরীদার কহিল যে নীলাম হওনের পূর্ব্বে দরখাস্তকারিণীর সেই বিষয়ে আপত্তিকরা উচিত ছিল কিন্তু নীলামের পরে তাহার ওজর শুনা যাইতে পারে না। তথাপি প্রধান সদর আমীন বোধ করিলেন যে ঐ ডিক্রী পূর্ব্বে জারী হইয়াছে এবং ঘোষণাপত্র প্রকাশ হয় নাই ইহা সাব্যস্ত হইয়াছে এবং ১৮৪৭ সালের ১ জুন তারিখে নীলাম অসিদ্ধ করিলেন। জিলার জজ সাহেবের নিকটে এই হুকুমের উপর আপীল হইলে তিনি ১৮৪৭ সালের ২৯ সেপ্টেম্বর তারিখে ঐ হুকুম অন্যথা করিলেন যেহেতুক ঐ নীলাম উপযুক্ত এত্তেলা দেওনের পরে হইয়াছিল এবং ঐ ডিক্রীর মতাচরণ পূর্ব্বে হয় নাই তাঁহার এমত বোধ হইল।

দরখাস্তকারিণী সদর দেওয়ানী আদালতে আপীল করিল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত টকর সাহেব ও শ্রীযুত সর আর বার্লো সাহেব ও শ্রীযুত হকিন্স সাহেব এই হুকুম করিলেন "যে জিলার জজ সাহেবের রুবকারীর দ্বারা দৃষ্ট হইতেছে যে ঘোষণাপত্র প্রকাশ "হইয়াছিল এবং নীলামের কার্য্যেতে কোন বেদাড়া "কার্য্য দৃষ্ট হয় না এবং দরখাস্তকারিণী পূর্ব্বে ডিক্রীর "মতাচরণ করিয়াছে বলিয়া কোন আপত্তি নীলামের "পূর্ব্বে করিল না অতএব সমারীমতে নীলাম অন্যথা "করণের কোন হেতু নাই এবং জিলার জজ সাহেবের "হুকুম বহাল রাখিতে হইবেক।" তদনুসারে হুকুম হইল।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 2.

To the Civil Judges in the Lower Provinces.

The Sudder Dewanny Adawlut notify, for general information, that their Court will be closed on the dates indicated in the annexed Memorandum, being the days on which English, Mahomedan, and Hindoo holidays will take place in the present year 1848, and they hereby authorize the closing of the Civil Courts in the several Districts under their control, for the same periods.

Fort William, the 25th February, 1848.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Statement of English, Mahomedan, and Hindoo holidays in the year 1848.

Names of Holidays.	English Month.	Bengalee Month.	Days of the Week.
New year's day,	1st January,	18th Poos 1254,	Saturday.
Akheree Chahar Sumba,	2d February,	21st Maugh,	Wednesday.
Busunt Punchumee,	9th and 10th Do.,	28th and 29th Do.,	Wednesday and Thursday.
Futteh Dwazduhun,	18th Do.	7th Falgoon,	Friday; but if the Moon be visible on the 7th February, then on the 19th.
Sheorathree,	3d and 4th March,	21st and 22d Falgoon,	Friday and Saturday.
Doljathra, including Eclipse of the Moon,	19th, 20th and 21st March,	7th, 8th and 9th Chyte,	Sunday to Tuesday.
Barunee Usnan,	1st April,	20th Chyte,	Saturday.
Churruk Poojah,	10th and 11th April,	29th and 30th Chyte,	Monday and Tuesday.
Ramnowmee,	12th Do.,	1st Bysakh 1255,	Wednesday.
Good Friday,	21st Do.,	10th Bysakh,	Friday.
Queen's Birthday,	24th May,	12th Jyte,	Wednesday.
Dusserah Gunga Poojah,	10th June,	29th Do.,	Saturday.
Usnan Jattra,	16th Do.,	4th Ashar,	Friday.
Ruth Jattra,	2d July,	20th Do.,	Sunday.
Ooltah Ruth,	10th Do.,	28th Do.,	Monday.
Shub-e-burat,	16th Do.,	2d Surwan,	Sunday; if the Moon be visible on the 3rd July, then on the 17th, Monday.
Raksha Bundun,	14th August,	31st Surwan,	Monday.
Junum Ushtumee,	22d and 23d Do.,	8th and 9th Bhadoon,	Tuesday and Wednesday.
Eedool fitre,	31st August, and 1st September,	17th and 18th Do.,	Thursday and Friday; if the Moon be visible on the 31st August, then on the 1st and 2d September, Friday and Saturday.
Eclipse of the Moon,	14th September,	31st Bhadoon,	Thursday, provided the Eclipse be visible on the previous night.
Dusserah Vacation, including Mahaloya, Dewallee, and Bhydooj,	24th September to 29th October (both days inclusive,)	10th Assin to 14th Kartick, (both days inclusive,)	Sunday to Sunday.

Names of Holidays.	English Month.	Bengalee Month.	Days of the week.
Juggut-dhuttree Poojah, ...	5th and 6th November, ...	21st and 22d Kartick, ...	Sunday and Monday.
Edooz Zoha, ...	7th and 8th Do., ...	23d and 24th Do., ...	Tuesday and Wednesday; if the Moon be visible on the 29th October, then on the 8th and 9th November, Wednesday and Thursday.
Kartick Poojah, ...	14th and 15th November, ...	30th Kartick and 1st Ughrun, ...	Tuesday and Wednesday.
Mohurrum, ...	28th November to 12th December, (both days inclusive,)	14th to 28th Ughrun, both days inclusive,	Tuesday to Tuesday; if the Moon be visible 28th November, then from 29th November to 13th December, Wednesday to Wednesday.
Christmas-day, ...	25th December, ...	12th Poos, ...	Monday.

*** The holidays falling in the latter part of 1254, B. S. are included here, with a view to make this list complete.

(True copy,) W. KIRKPATRICK, *Deputy Register.*

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

২ নম্বর।

বাঙ্গালাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

সদর দেওয়ানী আদালত সকল লোককে জানাইতেছেন যে বর্ত্তমান ১৮৪৮ সালে ইঙ্গরেজী ও হিন্দু ও মুসলমানের পরবের নিমিত্ত সদর আদালত পশ্চাৎ লিখিত তালিকার নির্দ্দিষ্ট দিবসে বন্দ হইবেক এবং তাঁহারদের অধীন নানা জিলার দেওয়ানী আদালত সেই২ দিবসে বন্দ করিতে হুকুম দিতেছেন।

ফোর্ট উলিয়ম। ১৮৪৮। ২৫ ফেব্রুআরি।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

১৮৪৮ সালে ইঙ্গরেজী ও মুসলমানেরদের ও হিন্দুরদের পরবের তালিকা।

পরবের নাম।	ইঙ্গরেজী মাস	বাঙ্গলা মাস	সপ্তাহের দিবস
নূতন বৎসরারম্ভ	১ জানুআরি	১২৫৪। ১৮ পৌষ	শনিবার
আখেরী চহার শোম্বা	২ ফেব্রুআরি	„ ২১ মাঘ	বুধবার
বসন্ত পঞ্চমী	৯। ১০ ঐ	„ ২৮। ২৯ ঐ	বুধ ও বৃহস্পতিবার
ফতে দোআজদহম	১৮ ঐ	„ ৭ ফাল্গুণ	শুক্রবার কিন্তু যদি চন্দ্র ৭ ফেব্রুআরি তারিখে দেখা যায় তবে ১৯ তারিখে
শিবরাত্রি	৩। ৪ মার্চ	„ ২১। ২২ ফাল্গুণ	শুক্র ও শনিবার
দোলযাত্রা ও চন্দ্রগ্রহণ	১৯। ২০। ২১ মার্চ	„ ৭। ৮। ৯ চৈত্র	রবি ও সোম ও মঙ্গলবার
বারুণী স্নান	১ আপ্রিল	„ ২০ চৈত্র	শনিবার
চড়কপূজা	১০। ১১ আপ্রিল	„ ২৯। ৩০ চৈত্র	সোম ও মঙ্গলবার

পরবের নাম।	ইঙ্গরেজী মাস।	বাঙ্গলা মাস	সপ্তাহের দিবস
রামনবমী	১২ আপ্রিল	১২৫৫। ১ বৈশাখ	বুধবার
গুডফ্রাইডে	২১ ঐ	„ ১০ বৈশাখ	শুক্রবার
শ্রীশ্রীমতী মহারাণীর জন্মদিন	২৪ মে	„ ১২ জ্যৈষ্ঠ	বুধবার
দশহরা গঙ্গা পূজা	১০ জুন	„ ২৯ ঐ	শনিবার
স্নানযাত্রা	১৬ ঐ	„ ৪ আষাঢ়	শুক্রবার
রথযাত্রা	২ জুলাই	„ ২০ ঐ	রবিবার
উল্টা রথ	১০ ঐ	„ ২৮ ঐ	সোমবার
শুবই বরাৎ	১৬ ঐ	„ ২ শ্রাবণ	রবিবার কিন্তু যদি চন্দ্রকে ৩ জুলাই তারিখে দেখা যায় তবে ১৭ তারিখ সোমবার
রক্ষা বন্ধন	১৪ আগস্ট	„ ৩১ শ্রাবণ	সোমবার
জন্মাষ্টমী	২২। ২৩ ঐ	„ ৮। ৯ ভাদ্র	মঙ্গল ও বুধবার
ঈদউল ফিত্র	৩১ আগস্ট ও ১ সেপ্টেম্বর	„ ১৭। ১৮ ঐ	বৃহস্পতি ও শুক্রবার যদি ৩১ আগস্ট চন্দ্রকে দেখা যায় তবে ১ ও ২ সেপ্টেম্বর শুক্র ও শনিবার
চন্দ্রগ্রহণ	১৪ সেপ্টেম্বর	„ ৩১ ভাদ্র	বৃহস্পতিবার যদি তাহার পূর্ব্ব রাত্রে চন্দ্রগ্রহণ দৃষ্ট হয়
দশহরা বন্দ ও মহালয়া ও দেওয়ালী ও ভ্রাতৃদ্বিতীয়া	২৪ সেপ্টেম্বরঅবধি ২৯ অক্টোবরপর্য্যন্ত	„ ১০ আশ্বিনঅবধি ১৪ কার্ত্তিকপর্য্যন্ত	রবিবারঅবধি রবিবারপর্য্যন্ত
জগদ্ধাত্রীপূজা	৫ ও ৬ নবেম্বর	„ ২১। ২২ কার্ত্তিক	রবি ও সোমবার
ঈদউজ্জহা	৭। ৮ ঐ	„ ২৩। ২৪ ঐ	মঙ্গল ও বুধবার যদি ২৯ অক্টোবর তারিখে চন্দ্রকে দেখা যায় তবে ৮। ৯ নবেম্বর বুধ ও বৃহস্পতিবার
কার্ত্তিক পূজা	১৪। ১৫ নবেম্বর	„ ৩০ কার্ত্তিক ও ১ অগ্রহায়ণ	মঙ্গল ও বুধবার
মহরম	২৮ নবেম্বরঅধি ১২ ডিসেম্বরপর্য্যন্ত	„ ১৪ অগ্রহায়ণঅবধি ২৮ অগ্রহায়ণ পর্য্যন্ত	মঙ্গলবারঅবধি মঙ্গলবারপর্য্যন্ত। কিন্তু যদি ২৮ নবেম্বর তারিখে চন্দ্রকে দেখা যায় তবে ২৯ নবেম্বর বুধবারঅবধি ১৩ ডিসেম্বর বুধবারপর্য্যন্ত।
কৃসমাস দিন	২৫ ডিসেম্বর	„ ১২ পৌষ	সোমবার

*** এই তালিকা সম্পূর্ণ করণের অভিপ্রায়ে বাঙ্গলা ১২৫৪ সালের শেষে যে কএক পরব হয় তাহাও লেখা গিয়াছে।

(যথার্থ নকল)

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

EDUCATION NOTICE.

In consequence of Saturday, the 1st of April, being a Hindu holiday "Baronee" the examination of Candidates for promotion and employment in the Education Department, has been postponed to Monday, the 3d of April, 1848.

(By order,)

FRED. J. MOUAT, M. D.,
Secy. Council of Education.

Council of Education, March 25, 1848.

A Special Examination of Candidates for admission to the free and stipendiary lists of the Medical College, will be held in that Institution during the first week in April next.

2. There are several stipendiary vacancies of Eight Rupees per mensem each, tenable for five years. No candidate can be admitted under the full age of 16, or above that of 20 years, on any account whatever.

3. Every applicant for admission must bring a letter of recommendation from some respectable person, certifying that he is of good character, and worthy of admission to the privilege of studying Medicine.

4. The candidates must present themselves before the Secretary to the College, at least three days prior to the date of examination with a view to their being identified as the persons really desiring admission.

5. All candidates will be expected to possess a competent knowledge of English, so as to be able to read, write, and enunciate it with fluency and facility. They must be able to analyse a passage in Milton's Paradise Lost, Robertson's Histories, or works of a similar classical standard; be acquainted with the elements of Arithmetic, Algebra, Geometry, and Natural Philosophy; and bring certificates from the proper authorities of the College or School in which they have studied, expressly stating that they possess the information required and are capable of undergoing the ordeal proposed. The preference in selection will always be given to those who possess the greatest amount of information in the abovementioned branches of education.

6. The course of instruction given in the Bengal Medical College is recognized by the University of London, the Royal College of Surgeons of England, and the Worshipful Society of Apothecaries of London, the Degrees, Diploma, and License of which bodies respectively can be obtained by any pupil who has studied in Calcutta, provided he passes through the particular course and extent of study required by each; of which every particular may be ascertained on personal application to the Secretary, Medical College.

(By order,)

FRED. J. MOUAT, M. D.,
Secretary.

Council of Education, February 22d, 1848.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৮। ২৮ মার্চ।]

বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

আপ্রিল মাসের ১ তারিখ শনিবার বারুণী স্নান হওয়াপ্রযুক্ত বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে নিযুক্ত হওন ও উচ্চ পদ প্রাপণাকাঙ্ক্ষিরদের ইমতিহান ১৮৪৮ সালের ৩ আপ্রিল তারিখ সোমবারে হইবেক।

(হুকুমক্রমে।)

এফ জে মৌআট।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল।

১৮৪৮। ২৫ মার্চ।

মেডিকাল কালেজের বৈতনিক ও অবৈতনিক সম্প্রদায়ের পদ প্রাপণাকাঙ্ক্ষিরদের বিশেষ ইমতিহান আগামি আপ্রিল মাসের প্রথম সপ্তাহের মধ্যে উক্ত কালেজে হইবেক।

২। বৈতনিক কএক পদ শূন্য আছে তাহার বেতন মাসিক ৮৲ টাকা এবং তাহা পাঁচ বৎসরপর্য্যন্ত ভোগ হইতে পারে। ষোল বৎসরের ন্যূন কি বিশ বৎসরের অধিকবয়স্ক কোন পদাকাঙ্ক্ষিকে কোনমতে নিযুক্ত করা যাইতে পারিবেক না।

৩। ঐ পদাকাঙ্ক্ষি প্রত্যেক জনের আবশ্যক যে তিনি কোন সম্ভ্রান্ত লোকের স্থানহইতে এক সুপারিশপত্র আনেন তাহাতে ইহা লেখা থাকিবেক যে তিনি সদাচারী এবং ঔষধ বিদ্যা শিক্ষা করণের যোগ্য বটেন।

৪। যাঁহারা ঐ পদ পাইতে প্রার্থনা করেন তাঁহারদের অনন্যতা নিশ্চয় করণের অভিপ্রায়ে তাঁহারদের আবশ্যক যে ইমতিহানের দিবসের অন্যূন তিন দিন পূর্ব্বে তাঁহারা কালেজের সেক্রেটারী সাহেবের নিকটে উপস্থিত হন।

৫। সকল পদাকাঙ্ক্ষির আবশ্যক যে তাঁহারা ইঙ্গরেজী ভাষা উত্তমরূপে জানেন ও শুদ্ধরূপে এবং সহজে তাহা পাঠ করিতে ও লিখিতে এবং উচ্চারণ করিতে পারেন। আরো তাঁহারদের আবশ্যক যে তাঁহারা মিল্টন পারাডৈস লষ্ট কিম্বা রাবর্টসনের ইতিহাস পুস্তক কি তত্তুল্য উত্তম পুস্তকের কোন ভাগের অর্থ করিতে পারেন এবং অঙ্ক বিদ্যা ও বীজগণিত বিদ্যা ও ভূমি পরিমাপক বিদ্যা ও পদার্থনির্ণায়ক বিদ্যার মূল নিয়ম জানেন এবং তাঁহারা যে কালেজে বা বিদ্যালয়ে শিক্ষা করিয়াছেন তাহার উপযুক্ত কার্য্যকারকের স্থানহইতে এক সর্টিফিকট আনেন তাহাতে লেখা থাকিবেক যে তাঁহারা আবশ্যক জ্ঞানপ্রাপ্ত হইয়াছেন এবং প্রস্তাবিত ইমতিহান দিতে পারেন। যাঁহারা উপরের লিখিত বিদ্যাবিষয়ে অধিক জ্ঞানপ্রাপ্ত হইয়াছেন তাঁহারাই অগ্রে মনোনীত হইবেন।

৬। বাঙ্গলা দেশের মেডিকাল কালেজে যেং বিষয়ের শিক্ষা হইতেছে তাহাতে লণ্ডন নগরের উনিবর্সিটির এবং ইঙ্গলণ্ড দেশের চিকিৎসকেরদের রাজকীয় কালেজের ও লণ্ডন নগরে ঔষধ প্রস্তুতকারিরদের অতিসম্ভ্রান্ত সভার সম্মতি আছে এবং কলিকাতায় যে ছাত্রেরা শিক্ষা করিয়াছেন তাঁহারা যদি ঐ প্রত্যেক বিদ্যালয়ের নিরূপিত বিশেষ বিদ্যাবলিতে বিজ্ঞ হন তবে তাঁহারা ঐ বিদ্যালয়ের উপাধি কিম্বা যোগ্যতার পত্র কি চিকিৎসা করণের অনুমতিপত্র পাইতে পারেন তাহার বিশেষ বৃত্তান্ত যে কেহ জানিতে চাহেন তিনি স্বয়ং মেডিকাল কালেজের সেক্রেটারী সাহেবের নিকটে দরখাস্ত করিলে জানিতে পারিবেন।

(হুকুমক্রমে।)

এফ জে মৌআট। সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৮। ২২ ফেব্রুআরি।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 17th March, 1848.

Moolvie Socjat Alli, Mahomedan Law Officer, to officiate for the Moonsiff of Rajarampore, Zillah Dinagepore, during the absence of the incumbent on deputation.

Baboo Ghunnoo Lall, Moonsiff of Bagdah, to be Moonsiff of Meherpoor, vice Baboo Gour Mohun Bidyalunkur deceased.

Baboo Ramgopal Shome, Moonsiff of Ranaghat, (which station is abolished) to be Moonsiff of Bagdah.

LEAVE OF ABSENCE.

The 17th March, 1848.

Baboo Greeschunder Chatterjea, Moonsiff of Pulasbaree, Zillah Rungpore, for 14 days in extension of that granted on the 16th ultimo.

B. J. Colvin, *Register*.

রাজকর্ম্মে নিয়োগ।

৫০৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৮ সাল ৯ মার্চ।

যশোহরের সিবিল আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর সি পামর সাহেব (Dr. C. Palmer,) ঐ জিলার দলীলদস্তাবেজের রেজিষ্টর ও হইবেন।

১৮৪৮ সাল ১৫ মার্চ।

শ্রীযুত এচ বি বেরেসফোর্ড সাহেবের (Mr. H. B. Beresford,) ছুটীপ্রযুক্ত অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত ডবলিউ জে আলেন সাহেব (Mr. W. J. Allen,) ময়মুনসিংহের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন। গত মাসের ৯ তারিখের শ্রীযুত ডবলিউ বেল সাহেবের(Mr. W. Bell,) নিয়োগ রহিত হইল।

শ্রীযুত বাবু নবচন্দ্র বাঁড়ুয্যা ছুটী লইয়া অনুপস্থিত হওয়াপ্রযুক্ত তাঁহার কর্ম্ম চালাইবার নিমিত্তে বলুআর অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী হামিদুল্লা খাঁ বাহাদুর বর্ত্তমান মাসের ১৩ তারিখঅবধি ত্রিপুরাতে নিযুক্ত হইয়াছেন।

১৮৪৮ সাল ১৭ মার্চ।

এদেশীয় ৩২ পদাতিক পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত এচ সি জেমস সাহেব (Lieutenant H. C. James,) আসিস্টাণ্ট রেবিনিউর সরবেয়র হইবেন এবং শ্রীযুত কাপ্তান স্মিথ সাহেবের (Captain Smyth,) অধীনে চব্বিশপরগনার রেবিনিউর সর্ব্বের কর্ম্মে নিযুক্ত হইবেন।

১৮৪৮ সাল ২১ মার্চ।

ডবলিউ এম হৌএল সাহেবের (Mr. W. M. Howell,) মৃত্যু হওয়াতে শ্রীযুত বড় ডি ব্রৌণ সাহেব (Mr. D. Brown, Senr.,) ত্রিহুতে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৪৮ সাল ১৫ মার্চ।

ত্রিপুরার অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নবচন্দ্র চাটুয্যা গত মাসের ৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে আরো এক মাসের ছুটী পাইয়াছেন।

[*Government Gazette*, 28*th March*, 1848.]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৮ সাল ১৭ মার্চ।

জিলা দিনাজপুরের রাজারামপুরের মুনসেফ সরকারী কর্ম্মোপলক্ষে স্থানান্তরে প্রেরিত হওনপ্রযুক্ত তাঁহার অনুপস্থানপর্য্যন্ত ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী সুজাত আলী তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

মৃত বাবু গৌরমোহন বিদ্যালঙ্কারের পরিবর্ত্তে বাগদহের মুনসেফ শ্রীযুত বাবু ঘনুলাল মেহরপুরের মুনসেফ হইবেন।

রাণাঘাটের মুনসেফী পদ মৌকুফ হওয়াতে রাণাঘাটের মুনসেফ শ্রীযুত বাবু রামগোপাল সোম বাগদহের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৮ সাল ১৭ মার্চ।

জিলা রঙ্গপুরের পলাশবাড়ীর মুনসেফ শ্রীযুত বাবু গিরীশচন্দ্র চাটুয্যা গত মাসের ১৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

১৮৪৮ সাল ১৬ মার্চ।

ঐ	ঐ	১৮	আচড়া	কমলনাথ রায় ওগয়রহ ...	৫১৬১ ॥৶১১ কাত কোং ৫৫০৫৸৩	ঐ		
ঐ	ঐ	৬৫৫	ডিহি সা দিপুর	রত্নেশ্বর মিত্র ওগয়রহ ...	কোম্পানি ১৮২৬৩৸৯	৶০ আনা	সন ১২৫৪ সালের লা২ ফাল্গুণ তলবের বাকী ৩৩৬১ ॥৴৭	জেলা ২৪ পরগনার শ্রীযুত কালেক্টর সাহেবের সন হালের ৬ মার্চ তারিখের রোবকারীর মর্ম্মানুসারে এবং অত্র স্থলের কাগজাত দৃষ্টে উক্ত জেলার ডিহি মাথুর ওগয়রহের ইজারদার ভগবানচন্দ্র বন্দ্যোপাধ্যায় লিখিত বাকী আদায় না করায় ইজারদার মজকুরের জামীনীর আবদ্ধীয় এই জায়দাদ নীলাম হইবেক।
ঐ	ঐ	২৪৩	ডিহি হা তিছানা	ডোমন সিংহ রায় ও শান্তিরাম রায় ও রঘুনাথ ও চন্দ্রমোহন ও কেশবচন্দ্র ও মাধবচন্দ্র ও নরেন্দ্রচন্দ্র ও বেহারিলাল ও দামোদর ও সর্ব্বচন্দ্র ও ঈশান চন্দ্র রায় ওগয়রহ এজমালী তালুকদারান।	কোং ৯৫৯৪ ॥৴৫	লিখিত সদর জমার মধ্যে জামীনদার চন্দ্রমোহন রায়ের নিজ অংশের মধ্যে ৪০০৲ টাকা সদর জমা নীলাম হইবেক।	লা২ ফাল্গুণ তলবের বাকী ১১৯৭৸৯/১	শ্রীযুত মহারাজা শ্রীশচন্দ্র বাহাদুরের অনিদ্ধ লাখরাজ বাজেআপ্তী মহাল সাহেব নগরের ইজারদার রামচরণ চট্টোপাধ্যায় লিখিত বাকী আদায় না করায় জামীনীর এই আবদ্ধীয় জায়দাদ নীলাম হইবেক। D. J. MONEY, *Collector.*

SALT. নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নেমক মাঞ্জ ৪ পরসেন্ট গোলাস্তক্তি বাবৎ লাগাদ ৩১ মার্চ ১৮৪৮ সাল প্রত্যেক এজেন্সীর ও খালিখার নমকের গোলাজাতের মৌজুদ নমকের মৌজুদ নমক বিঃ গত ইষ্টেটমেণ্ট।

এজেন্সীর নাম	সন ১২৫০ সাল মতাবকে ইং ১৮৪৩। ৪৪ সাল	সন ১২৫১ সাল মতাবকে ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মতাবকে ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মতাবকে ইং ১৮৪৬। ৪৭ সাল	সন ১২৫৪ সাল মতাবকে ইং ১৮৪৭। ৪৮ সাল	মৌজুদ নমকের একুন।
হিজলী।						
দক্ষিণ কালীনগর।	১১;১৪,৭৬০/	২,৭৯,৯৭৪/	৩,৮২,৫০৭৸৹	১,৬৫,১৪৩/	১৯,১৯৭/	১২;৬১,৫৮১৸০
ঐ ঐ কৃষ্ণনগর।	২২,০৬২৸০	০	০	০	৯,৫৫২/	৩১,৬১৪৸০
ঐ ঐ তেরপাইকা।	২,২০,৫৫৯/	১৮,০৪১/	৮৫,৫৩৩/	৫,১৯৭/	২১,২৪৫/	৩,৫০,৫৭৫/
ঐ ঐ রামনগর।	০	০	০	৩২,৫০৭/	১৩,৫৯২/	৪৬,০৯৯/
গাছা নমক।	২৮,৫৮৩ ॥০	০	০	০	০	২৮,৫৮৩ ॥০
একুন।	১৩,৮৫,৯৬৫ ।০	২,৯৮,০১৫/	৪,৬৮,০৪০৸০	২,০২,৮৪৭/	৬৩,৫৮৬/	২৪,১৮,৪৫৪/
তমলুক।						
পাঙ্গা নেমক। ঘাট নারায়ণপুর।	০	৩৩,৪২৩/৫	১,৩৫,৮৪৪/৭	৪,১৩,৩৬৪ ।০	০	৫,৮২,৬৩১ ॥২
ক্রোকী নেমক।	০	০	০	০	০	১০১ ।১ ॥১০
একুন।	০	৩৩,৪২৩/৫	১,৩৫,৮৪৪/৭	৪,১৩,৩৬৪ ।০	০	৫,৮২,৭৩২ ৸৩ ॥১০
২৪ পরগনা।						
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর বাহিরবুনি।	০	০	২,৫৭১/	২৮,২৬২/	০	৩০,৮৩৩/
ঐ ঐ ঐ তাফাল।	৬,৪৫৪/	৫৪,৩৫২৸০	২,৬৫,৮০৩ ॥০	২২,৯৫৭/	০	৩,৪৯,৫৬৭ ।০
ঐ ঐ বালিয়া ঘাটা।	০	০	১৫০ ।৫	০	০	১৫০ ।৫
ঐ ঐ বেঁওতা।	০	০	০	০	০	০
ঐ ঐ গোরদা।	০	০	৫৩৩ ॥০	০	০	৫৩৩ ॥০
ঐ ঐ ডাইমণ্ডহারবর।	০	০	১৬,১৭০/	৪৬,০৪১/	০	৬২,২১১/
ঐ ঐ বাগুন্ডী।	০	০	০	১,৬৭,৩৭২/	০	১,৬৭,৩৭২/
শ্রীযুত প্রিন্সেপ সাহেবের পহিলা রকম।	০	০	০	০	০	০
ঐ ঐ মিশ্রিত।	৪,৬২৮ ।০	৫,৭৯২ ॥০	২,৮০৭/	১১,৮০৩/৫	০	২৫,০৩০৸৫
ঐ ঐ মিশ্রিত পাঙ্গা।	০	০	০	০	০	১,১১১/
ঐ ঐ মিশ্রিত ইংলিস।	০	০	০	০	০	৫,৫৭৩/
একুন।	১১,০৮২ ।০	৬০,১৪৫ ।০	২,৮৮,০৩৫ ।৫	২,৭৬,৪৩৫/৫	০	৬,৪২,৩৮২/

এজেন্সীর নাম।	সন ১২৪০ সাল মতাবকে ইং ১৮৪৩। ৪৪ সাল	সন ১২৫১ সাল মতাবকে ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মতাবকে ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১৮৫৩ সাল মতাবকে ইং ১৮৪৬। ৪৭ সাল	১২৫৪ সাল মতাবকে ইং ১৮৪৭। ৪৮ সাল	মৌজুদ নমকের একুন
চট্টগ্রাম।						
পাঙ্গা নমক নেজামপুর ঘাট ডোমখালি।	১,৫৭,৬০২৸৫	১,০৯,৭২৪ ॥৫	০	০	০	২,৬৭,৩২৭ ॥০
ঐ সদর ঘাট।	০	০	০	১,৫৯,২১০ ॥৭	০	১,৫৯,২১০ ॥৭
ঐ আরাকান।	০	১,১২,৫৭৫ ।৯	১,৭৯,১৬৯ ।০	৪,১৮,৪৭২৸৫	৭৪/৩	৭,১০,২১৭ ॥৪
ক্রোকি নেমক।	০	০	০	০	০	৭৪/৩
একুন।	১,৫৭,৬০২৸৫	২,২২,৩০০/৪	১,৭৯,১৬৯ ।০	৫,৭৭,৬৮৩ ॥২	৭৪/৩	১১,৩৬,৮২৯৸৪
ভুলুয়া।						
পাঙ্গা ঘাট কাঁকড়া আরাকিন।	০	০	৯৭,১২৪৸০	০	০	৯৭,১২৪৸০
ক্রোকি নেমক।	০	০	০	০	০	০
একুন।	০	০	৯৭,১২৪৸০	০	০	৯৭,১২৪৸০
শালিখা।						
পাঙ্গা নেমক কটক।	১,৪০,০৯৮৸০	৩,০০,৬৬৬ ॥০	১,৭৯,৬২২/	১,৪৮,২৫৩৸০	০	৭,৬৮,৬৪১/
ঐ বালেশ্বর।	০	০	০	৭২,৪৫১/৭	০	৭২,৪৫১/৭
ঐ খোরদা।	০	৯,৯৩১ ॥০	৩৬,০০৯/	৩৪,৮৮৩৸৩	০	৮০,৮২৪ ।৩
ঐ চিলকা।	১,৯৫,১৭৬/	১,০০,২২২৸৫	৪৪,৪১৫/	৩৩,৩৮৪/	০	৩,৭৩,১৯৭৸৫
করকচ নেমক মান্দ্রাজ পরমিট ১ পহিলা রকম।	৩,০৮২ ॥০	১,৬৭৯/	১৭,৯৯২/	১,৯৭৪/	০	২৪,৭২৭ ॥০
ঐ ঐ ২ দোসরা রকম।	২,৮২,০৭৪/	২,৪৭,৪৪৫৸০	৭৭,১০৮/	২,১৯৬/	০	৬,০৮,৮২৩৸০
ঐ ঐ ৩ তেসরা রকম।	৪৮/	০	০	০	০	৪৮/
মিশ্রিত পাঙ্গা।	০	০	০	০	০	০
ক্রোকি করকচ।	০	০	০	০	০	০
ক্রোকি সৈন্ধব।	০	০	০	০	০	০
ক্রোকি নেমক।	০	০	০	০	০	০
মোট	৬,২০,৪৭৯ ।০	৬,৫৯,৯৪৫ ॥৫	৩,৫৫,১৪৬/	২,৯৩,১৪২৸০	০	১৯,২৮,৭১৩ ॥৫
পাঙ্গা ঘাট কৈফিয়ৎ। আরাকিন।	০	০	০	১,১৯,৬৭২/	৬৫,৬৭৫/	১,৮৫,৩৪৭/
একুন	০	০	০	১,১৯,৬৭২/	৬৫,৬৭৫/	১,৮৫,৩৪৭/
মোট একুন।	২,১৭৫,১২৯ ॥৫	১২,৭৩,৮২৯/৪	১৫,২৩,৩৬০ ।২	১৮,৮৩,১৪৪ ॥৭	১,২৯,৩৩৫/৩	৬৯,৯১,৫৮৪/২ ॥১০

সি বীডন। একটিং সেক্রেটারী।

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the fourth day of April instant, the matters of the Petition of OSWALD WOOD, of the Town of Calcutta, at Fort William, in Bengal, late a Clerk in the Office of the Railway Company in Calcutta, and late a prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court, on Saturday, the third day of June next.

The names of the Creditors of the said OSWALD WOOD now appear in a Schedule filed with his said petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

MOLLOY, MACKINTOSH and POE, *Attornies for the Insolvent.*

Calcutta, 12th April, 1848.

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

পূর্ব্বে কলিকাতা নগরের রেলওএ কোম্পানির দপ্তরখানায় কেরাণী বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়মের কলিকাতা নগরনিবাসি অসওয়াল্ড উড সাহেব সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইন দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান আপ্রিল মাসের ৪ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি জুন মাসের ৩ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত অসওয়াল্ড উড সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার উক্ত দরখাস্ত সহিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্তায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

মলয় ও মাকিন্টশ ও পো। যোত্রহীনের উকীল।

কলিকাতা। ১৮৪৮। ১২ আপ্রিল।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

রিসিবর আফিস সুপ্রিম কোর্ট।

জমীদারি ইজারা।

দ্বারকানাথ ঠাকুরদিগর। বাদী।
রাণী ইন্দ্রাণী দেবী ও আনন্দচন্দ্র ঘোষ। প্রতিবাদী।

ওরিবাইবেট সুট।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে আগামি ২২ আপ্রিল শনিবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত উইলিএম মেকফর্সন সাহেব তাঁহার আফিসে নীচের লিখিত জমীদারির ইজারার ডাক লইবেন ও যে২ নিয়মে ইজারা দেওয়া যাইবেক তৎকালীন ব্যক্ত করিবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন।

জেলা হুগলি মোতালক পরগনা মণ্ডলঘাটের উক্ত প্রতিবাদিনী রাণী ইন্দ্রাণী দেবীর অংশ রকম নয় আনা বার গণ্ডা ও ঐ পরগনার উক্ত প্রতিবাদী আনন্দচন্দ্র ঘোষের অংশ রকম তিন আনা চারি গণ্ডা একুনে বার আনা ষোল গণ্ডা। ৮১৬

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

রিসিবর আফিস কোর্ট হৌস।
তারিখ ৮ আপ্রিল ১৮৪৮ সাল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৮। ১৮ আপ্রিল।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট্

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 25, 1848.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৮ সাল ২৫ আপ্রিল।

DRAFT OF ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 15TH APRIL, 1848.

Resolution.—The following Act is brought up before the Legislative Council this day, The Right Honourable the Governor General in Council being desirous that no time should be lost in passing the Act, Resolved, that the Rule requiring a previous publication of two months or three months before the passing of any Act of the Government of India be suspended in respect to the following proposed Act, and that it be re-considered at the first Legislative Meeting after the 15th of May next.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 15TH APRIL, 1848.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 15th April, 1848.

ACT No. —— OF 1848.

An Act for better defining the jurisdiction of the Calcutta Court of Commissioners for the Recovery of Small Debts.

Whereas by a Statute passed in the 39th year of the reign of His late Majesty King George the Third, intituled "An Act for establishing further "Regulations for the Government of the Bri-"tish Territories in India and the better Adminis-"tration of Justice within the same," it was enacted that it should be lawful for the Governor General and Council of Fort William for the time being to order and appoint in what manner the Court of Requests of the Settlement of Fort William should in future be formed, and to what amount in value

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৮ সাল ১৫ আপ্রিল।

নির্দ্ধারণ।—নীচের লিখিত আইন ব্যবস্থাপক কৌন্সেলে অদ্য উপস্থিত করা গেল শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইচ্ছা করেন্ যে এই আইন জারী করণ বিষয়ে বিলম্ব না হয় অতএব নির্দ্ধারণ হইল যে ভারতবর্ষের গবর্ণমেণ্টের কোন আইন জারী হওনের পূর্ব্বে তাহা দুই মাস কিম্বা তিন মাসপর্য্যন্ত প্রকাশ করণের যে বিধান আছে সেই বিধান নীচের লিখিত প্রস্তাবিত আইনের বিষয়ে স্থগিত হয় এবং আগামি মে মাসের ১৫ তারিখের পর ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে তাহা পুনর্ব্বার বিবেচনা করা যায়।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৮ সাল ১৫ আপ্রিল।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৮ সালের ১৫ আপ্রিল তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৮ সাল —— আক্ট।

অল্প কর্জ আদায় করিবার জন্যে কলিকাতার কমিস্যনরেরদের আদালত অর্থাৎ ছোট আদালতের এলাকা পূর্ব্বাপেক্ষা স্পষ্টরূপে নির্ণয় করণের আইন।

যেহেতুক "ভারতবর্ষে ব্রিটনীয় রাজ্যের শাসনের জন্যে "নূতন নিয়ম স্থাপন করণার্থ এবং ঐ২ দেশে পূর্ব্বাপেক্ষা "উত্তমরূপে আদালতের কার্য্য নির্বাহার্থ আইন" এই নামবিশিষ্ট মৃত তৃতীয় জর্জ বাদশাহের রাজ্য কালের ৩৯ বৎসরে পার্লিমেণ্টের আইনের দ্বারা হুকুম হইয়াছিল যে ফোর্ট উলিয়মের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ও কৌন্সেলী পদে যাঁহারা নিযুক্ত হন তাঁহারা উক্ত ফোর্ট উলিয়মের বসতি অর্থাৎ শহর কলিকাতার ছোট আদালত উত্তর কালে যেরূপে সংস্থাপন হইবেক এবং সিক্কা চারি শত টাকা মূল্যের অনধিক যত টাকাপর্য্যন্ত তাহার এলাকা ধার্য্য হইবেক তাহার হুকুম ও নিরূ-

not exceeding the sum of Four Hundred Sicca Rupees the jurisdiction of the same should extend, and to frame and make such new rules and orders, and to establish and declare such new modes and forms of proceeding as to them should appear expedient for new-modelling, altering and reforming the then constitution of the said Court, and by their Proclamation to be made and published in due form of law to notify to all persons concerned such new constitution, rules, orders, modes and forms of proceeding and the time from whence they were to have force and effect : And whereas the then Vice President in Council, with the sanction and approbation of the then Governor General, by his Proclamation bearing date the 18th day of March in the year 1802, did in pursuance of the powers and authorities given by the said Statute, order and direct that the then Court of Requests for the Recovery of Small Debts, and all powers and authorities exercised by it should cease and determine, and that a new Court of Requests for the Recovery of Small Debts, to be composed of three Commissioners and to be called " The Court of Commissioners for the Recovery of Small Debts," should be created in and for the Settlement of Fort William, and should exercise the powers and authorities in the said Proclamation particularly mentioned or referred to, and did by the said Proclamation extend the jurisdiction of the said Court to the sum of One Hundred Sicca Rupees and no more, and did by the said Proclamation give to the said Court full power and authority to make and frame such Rules and Regulations as might be necessary to direct the process and practice of the same, provided that no rule should be made which should be inconsistent with the said Proclamation, and that no rule or order to be framed by the said Court should be in force until the same should have been allowed by the Supreme Court of Judicature, and that the same when so allowed should be printed and published for the information of the public, and did by the said Proclamation order that the Summonses issued by the said Court should be made returnable on Mondays, Wednesdays and Fridays only : And whereas the then Governor General of and for the Presidency of Fort William in Bengal in Council did afterwards by another Proclamation bearing date the 25th day of September in the year 1813, extend the jurisdiction of the said Court to the sum of Two Hundred and Fifty Sicca Rupees and no more: And whereas the then Governor General in and for the Presidency of Fort William aforesaid in Council did afterwards by another Proclamation, bearing date the 29th day of October in the year 1819, order and direct that from and after the First day of December then next ensuing the jurisdiction of the said Court should extend to the sum of Four Hundred Sicca Rupees and no more, and that the Commissioners of the said Court should hold and exercise all powers and authorities theretofore or

পণ করিতে পারেন এবং উক্ত আদালতের তৎকালের মূল নিয়মের নূতন দাঁড়া করণের ও মতান্তর করণের ও সংশোধন করণের জন্যে যে নূতন বিধান ও নিয়ম তাঁহারদের বোধে বিহিত হয় তাহা প্রস্তুত ও নিরূপণ করিতে পারেন এবং কার্য্য নির্ব্বাহের যে নূতন রীতি ও দাঁড়া তাঁহারদের বোধে বিহিত হয় তাহা সংস্থাপন ও প্রকাশ করিতে পারেন এবং আইনের রীত্যনুসারে করা ও প্রকাশহওয়া তাঁহারদের ঘোষণাপত্রের দ্বারা তদ্বিষয়ে লিপ্ত সকল ব্যক্তিকে ঐ নূতন মূল নিয়ম ও বিধান ও হুকুম ও কার্য্য নির্ব্বাহের রীতি ও দাঁড়া ও যে সময়-অবধি তাহা সিদ্ধ ও প্রবল হইবেক তাহা জানাইতে পারেন। এবং যেহেতুক তৎকালের শ্রীযুত বৈস প্রসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে তৎকালের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সম্মতি ও অনুমতিক্রমে পার্লিমেণ্টের উক্ত আইনের দ্বারা তাঁহাকে প্রদত্ত ক্ষমতা ও শক্ত্যনুসারে ১৮০২ সালের ১৮ মার্চ তারিখের আপনার এক ঘোষণাপত্রের দ্বারা হুকুম ও নিয়ম করিলেন যে অল্প কর্জ আদায় করণের তৎকালের যে কোর্ট রিকেস্ট অর্থাৎ ছোট আদালত ছিল তাহা এবং ঐ আদালতের সকল ক্ষমতা ও শক্তি শেষ ও নিবৃত্ত হইবেক এবং অল্প কর্জ আদায়ের জন্যে এক নূতন কোর্ট রিকেস্ট ফোর্ট উলিয়মের বসতির মধ্যে ও তন্নিমিত্তে স্থাপন হইবেক এবং তাহাতে তিন জন কমিস্যনর নিযুক্ত হইবেন এবং তাহার নাম " অল্প কর্জ আদায়ের জন্যে কোর্ট কমিস্যনর" থাকিবেক এবং উক্ত ঘোষণাপত্রে যে শক্তি ও ক্ষমতা বিশেষরূপে নির্দ্দিষ্ট অথবা উল্লিখিত ছিল ঐ আদালতের সেই শক্তি ও ক্ষমতা থাকিবেক এবং উক্ত ঘোষণাপত্রের দ্বারা উক্ত আদালতের এলাকা সিক্কা এক শত টাকামাত্রপর্য্যন্ত বিস্তার করিলেন এবং উক্ত ঘোষণাপত্রের দ্বারা উক্ত আদালতকে আপনার হুকুম ও ব্যবহার নির্দ্দিষ্ট করিবার জন্যে যে২ বিধান ও নিয়ম আবশ্যক বোধ হয় তাহা করিতে ও তাহা সৃষ্টি করিতে সম্পূর্ণ শক্তি ও ক্ষমতা দিলেন এবং আরো এই হুকুম করিলেন যে উক্ত ঘোষণাপত্রের অসঙ্গত কোন বিধান করিতে হইবেক না এবং উক্ত আদালত যে বিধান ও হুকুম করেন্ তাহা যাবৎ সুপ্রিম কোর্টের দ্বারা মঞ্জুর না হয় তাবৎ প্রবল হইবেক না এবং ঐ বিধান ও হুকুম সেইরূপ মঞ্জুর হইলে সকল লোকের বিজ্ঞাপনের নিমিত্তে তাহা ছাপা ও প্রকাশ হইবেক এবং উক্ত ঘোষণাপত্রের দ্বারা আরো বিধান করিলেন যে উক্ত আদালতের সমন কেবল সোমবার ও বুধবার ও শুক্রবার দিবসে আদালতে ফিরিয়া দাখিল হইতে পারে। এবং যেহেতুক বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়মের রাজধানীর তৎকালের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ১৮১৩ সালের ২৫ সেপ্টেম্বর তারিখে অন্য এক ঘোষণাপত্রের দ্বারা তৎপরে উক্ত আদালতের এলাকা সিক্কা আড়াই শত টাকামাত্রপর্য্যন্ত বিস্তার করিলেন। এবং যেহেতুক পূর্ব্বোক্ত ফোর্ট উলিয়ম রাজধানীর মধ্যে ও তাহার জন্যে নিযুক্তহওয়া শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ১৮১৯ সালের ২৯ অক্টোবর তারিখের অন্য এক ঘোষণাপত্রের দ্বারা তৎপরে এই হুকুম ও নিয়ম করিলেন যে তৎপরের ১ ডিসেম্বর তারিখ-অবধি ও তাহার পর উক্ত আদালতের এলাকা সিক্কা চারি শত টাকামাত্রপর্য্যন্ত বিস্তার হইবেক এবং সিক্কা আড়াই শত টাকা মূল্যপর্য্যন্ত বিষয়ে উক্ত আদালতের যেরূপ সম্পূর্ণ ও প্রচুর শক্তি ও ক্ষমতা পূর্ব্বে বা তৎসময়ে ছিল তত্তুল্য সম্পূর্ণ ও প্রচুররূপে উক্ত কমিস্যনরেরদের আদালতের প্রতি সিক্কা চারি শত টাকা মূল্যের অনধিক কর্জ ও কার্য্য ও দাওয়ার নালিশে যে শক্তি ও ক্ষমতা তাহার পূর্ব্বে অথবা ঐ ঘোষণাপত্রের দ্বারা প্রদত্ত হইয়াছিল সেই ক্ষমতা তাঁহারা ধার্য্য করিবেন ও সেই শক্ত্যনুসারে কার্য্য করিবেন এবং উক্ত ঘোষণাপত্রের

thereby granted to the said Court of Commissioners in suits for debts, duties or demands, not exceeding the value of Four Hundred Sicca Rupees in as full and ample a manner as the same powers and authorities had theretofore been or were then exercised by the said Court to the amount in value of Sicca Rupees Two Hundred and Fifty, and did by such Proclamation order that Summonses be made returnable on such days as the said Commissioners might lawfully from time to time direct: And whereas the said Court of Commissioners hath exercised jurisdiction over and heard and determined all such matters as it is in and by the said several Proclamations authorized to hear and determine to the extent and amount in the said last Proclamation authorized: And whereas doubts have arisen whether the Governor General in Council had authority by a second Proclamation further to extend the jurisdiction of the said Court, and it is expedient to establish both retrospectively and prospectively the legality of the said last two Proclamations, and of all that has been done or may hereafter be done in pursuance of and in conformity with the same or either of them: And whereas doubts have also arisen whether the powers given to the said Commissioners by the first of the said Proclamations are by the terms of the said third Proclamation effectually extended to the matters over which jurisdiction is thereby declared to be given to the said Court of Commissioners, and it is expedient to remove such doubts: And whereas the Rules, Orders and Regulations for the direction of the process and practice of the said Court which have been established in and by the said Court have not been allowed or published as directed by the said first Proclamation, and it is expedient to ratify and confirm the same notwithstanding such omission: And whereas the said Commissioners have been accustomed to sit separately and to form separate Courts sitting at the same time, and it is also expedient to establish as well prospectively as retrospectively the legality of that practice,—therefore, It is enacted, that all proceedings heretofore had or hereafter to be had in pursuance of and in conformity with the said Proclamations, or any of them by the said Commissioners, or any person or persons acting under their authority shall be deemed to have been and to be valid in law to all intents and purposes whatever and against all persons and bodies corporate whomsoever, and that all the powers and authorities declared to be given to the said Commissioners by the said first Proclamation shall extend to and be exercised in respect of and shall be deemed to have heretofore extended to all matters which in and by the said several Proclamations, or any of them, the said Commissioners were authorized to hear and determine, and that all proceedings heretofore had by any Commissioner or Commissioners whilst sitting apart from the others or other of them or by any person, or persons under his or their au-

দ্বারা হুকুম করিলেন যে যে২ দিবস উক্ত কমিস্যনরেরা সময়ক্রমে আইনানুসারে নিরূপণ করিতে পারেন সেই২ দিবসে উক্ত সমন ফিরিয়া দাখিল করিবার হুকুম হইতে পারে। এবং যেহেতুক উক্ত কোর্ট কমিস্যনরেরা যে সকল বিষয় উক্ত নানা ঘোষণাপত্রের দ্বারা শুনিতে ও নিষ্পত্তি করিতে ক্ষমতা পাইয়াছিলেন এবং ঐ শেষোক্ত ঘোষণাপত্রে যে সীমা ও সংখ্যা নির্দ্দিষ্ট ছিল সেই সীমা-পর্য্যন্ত সেই সকল বিষয়ের উপর উক্ত কোর্ট কমিস্যনরেরা কর্তৃত্ব করিয়াছেন এবং তাহা শুনিয়াছেন ও নিষ্পত্তি করিয়াছেন। এবং যেহেতুক দ্বিতীয় এক ঘোষণাপত্রের দ্বারা উক্ত আদালতের এলাকা বিস্তার করিতে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে ক্ষমতা ছিল কি না এই বিষয়ে সন্দেহ হইয়াছে এবং শেষোক্ত দুই ঘোষণাপত্র এবং তাহার উভয়ের অথবা তাহার কোন একটার অনুসারে ও অনুযায়ি যে২ কর্ম্ম ইহার পূর্ব্বে হইয়াছে বা উত্তর কালে হয় তাহার আইনসিদ্ধতা পূর্ব্ব কালাবধি ও উত্তর কালের সম্পর্কে সংস্থাপন করা বিহিত বোধ হইয়াছে। এবং যেহেতুক উক্ত প্রথম ঘোষণাপত্রের দ্বারা উক্ত কমিস্যনরদিগকে যে২ ক্ষমতা দেওয়া গিয়াছিল সেই২ ক্ষমতা উক্ত তৃতীয় ঘোষণাপত্রের কথার দ্বারা যে২ বিষয়ের উপর ঐ তৃতীয় ঘোষণাপত্রের দ্বারা উক্ত কোর্ট কমিস্যনরদিগকে কর্তৃত্ব দেওয়া গেল সেই২ বিষয়ের উপর সম্পূর্ণরূপে বিস্তার হইয়াছিল কি না এই বিষয়ে সন্দেহ হইয়াছে এবং ঐ সন্দেহ নিবৃত্ত করিতে বিহিত বোধ হইয়াছে। এবং যেহেতুক উক্ত আদালতের হুকুম ও ব্যবহারের নিয়ম করণের জন্যে যে বিধান ও হুকুম ও আইন উক্ত আদালতে এবং ঐ আদালতের দ্বারা স্থাপন হইয়াছে তাহা উক্ত প্রথম ঘোষণাপত্রের নিয়মমতে মঞ্জুর হয় নাই কিম্বা প্রকাশ হয় নাই এবং ঐ ত্রুটি হইলেও সেই বিধানপ্রভৃতি প্রবল ও স্থাপন করা বিহিত বোধ হইয়াছে। এবং যেহেতুক উক্ত কমিস্যনরেরা আলাহিদা২ বৈঠক করণের এবং একি কালে ভিন্ন২ আদালত করণের ব্যবহার করিয়া আসিতেছেন এবং এই ব্যবহারের আইনসিদ্ধতা পূর্ব্ব কালাবধি এবং উত্তর কালের নিমিত্তে সংস্থাপন করা বিহিত বোধ হইয়াছে। অতএব ইহাতে হুকুম হইল যে উক্ত সকল ঘোষণাপত্র বা তাহার কোন একটার অনুযায়ি বা তৎক্রমে উক্ত কমিস্যনরেরদের দ্বারা অথবা তাঁহারদের ক্ষমতানুসারে কর্ম্মকারি কোন ব্যক্তি বা ব্যক্তিরদের দ্বারা যে সকল কার্য্য ইহার পূর্ব্বে হইয়াছে বা উত্তর কালে হয় তাহা সর্ব্বতোভাবে এবং সকল ব্যক্তি ও সকল চার্টরপ্রাপ্ত সমাজের বিরুদ্ধে আইনমতে সিদ্ধ ছিল এবং সিদ্ধ আছে জ্ঞান হইবেক এবং যে সকল শক্তি ও ক্ষমতা উক্ত কমিস্যনরদিগকে পূর্ব্বোক্ত প্রথম ঘোষণাপত্রের দ্বারা দেওয়া গিয়াছিল তাহা যে সকল বিষয় উক্ত নানা ঘোষণাপত্র বা তাহার কোন একটার মধ্যে বা তাহার দ্বারা উক্ত কমিস্যনরদিগকে শুনিতে ও নিষ্পত্তি করিতে ক্ষমতা দেওয়া গিয়াছিল সেই সকল বিষয়ের উপর বিস্তার হইবেক ও আমলে আসিবেক এবং ইহার পূর্ব্বে বিস্তারিত ছিল এমত জ্ঞান হইবেক এবং ইহার পূর্ব্বে কোন কমিস্যনর অথবা কমিস্যনরেরা অন্য কমিস্যনরের বা অন্য কমিস্যনরদিগের-হইতে পৃথক করিয়া বৈঠক করণ সময়ে যে সকল কার্য্য করিয়াছিলেন বা তাঁহারদের শক্তিক্রমে কর্ম্মকারি কোন ব্যক্তি বা ব্যক্তিরা করিয়াছিলেন ঐ কমিস্যনরেরা উক্ত কোর্ট রিক্রেক্টের মধ্যে একত্র বৈঠক করিলে যেরূপ হইত সেইরূপে সেই সকল কার্য্য সর্ব্বতোভাবে এবং সকল ব্যক্তি ও সকল চার্টরপ্রাপ্ত সমাজের বিরুদ্ধে আইনানুসারে সিদ্ধ ছিল এবং সিদ্ধ আছে এমত জ্ঞান হইবেক এবং ঐ কমিস্যনরেরা ইহার পূর্ব্বে যেরূপ ব্যবহার করিয়া আসিতেছেন সেইরূপে ইহার পর সকলে একত্র বা আলাহিদা২ বৈঠক করিতে পারেন এবং একি সময়ে বৈঠককারি এক আদালত

thority, shall be deemed and taken to have been as valid in law to all intents and purposes whatever, and against all persons and bodies corporate whomsoever as if the said Commissioners had been sitting together in the said Court of Requests, and that it shall be lawful for such Commissioners henceforth to sit either all together or apart, and to hold one Court or separate Courts sitting at the same time in like manner as they have been heretofore accustomed to do; and that all rules, orders, forms of procedure, tables of fees now used or established in the said Court shall be deemed to have been from the time of their being first used or established respectively, and to be valid in law to all intents and purposes, notwithstanding the omission to procure the allowance of such of the same as should have been allowed as aforesaid, and notwithstanding the non-publication of such of the same as should have been published as aforesaid, and that all summonses and other process issued by the said Commissioners or any of them, whether issued before or after the passing of this Act, shall be deemed to be valid and effectual in the law on whatsoever day the same shall have been made returnable.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India after the 15th day of May, 1848.

G. A. Bushby,
Secy. to the Govt. of India.

কিম্বা স্বতন্ত্র আদালত করিতে পারেন এবং যে২ বিধান ও নিয়ম ও কার্য্য নির্ব্বাহের দাঁড়া ও রসুমের তফসীল উক্ত আদালতে এক্ষণে স্থাপন কিম্বা ব্যবহার আছে সেই সকল বিধানপ্রভৃতি প্রথম ব্যবহার ও সংস্থাপন হওনাবধি সর্ব্বতোভাবে আইনানুসারে সিদ্ধ ছিল এবং সিদ্ধ আছে এমত জ্ঞান হইবেক এবং তাহার মধ্যে যে২ বিধানপ্রভৃতি মঞ্জুর করাওনের আবশ্যক ছিল সেইরূপ মঞ্জুর করাওনের ত্রুটি হইলেও এবং তাহার মধ্যে যে২ বিধান পূর্ব্বোক্তমতে ঘোষণা করা উচিত ছিল তাহা ঘোষণা না হওয়াতেও কিছু ব্যাঘাত হইবেক না এবং যে সকল সমন ও অন্য হুকুম উক্ত কমিস্যনরেরদের বা তাঁহারদের কোন এক জনের দ্বারা বাহির হয় তাহা এই আইন জারী হওনের পূর্ব্বে বা পরে বাহির হইলে তাহা যে কোন দিবসে ফিরিয়া দাখিল করিবার হুকুম হয় তাহা আইনানুসারে সিদ্ধ ও প্রবল হইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ১৫ মে তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
John C. Marshman, Bengalee Translator.

REPORTS OF REGULAR CASES DETERMINED BY THE COURT OF SUDDER DEWANNY ADAWLUT.

6th January, 1848.

The *onus probandi* what has become of Property illegally attached, rests with the wrong doer.

Jobah Chowdhree,—Plaintiff,
versus
Pertab Nurain Singh,—Defendant.

This case was heard on the application of the plaintiff, for the admission of a special appeal from the decision of the Judge of Zillah Shahabad, under date the 17th June, 1846, altering that of the Sudder Ameen of the same district, dated 17th February preceding.

The application was granted by the Court (present Mr. C. Tucker,) on the following grounds:

"The petitioner, the original plaintiff, in this "case, stated in his plaint, that the defendant had "caused the attachment of 8 *biggahs* of sugarcane, "8 *biggahs* of transplanted paddy, 3 cows, and 3 "male buffaloes, belonging to him, as the property "of other persons, against whom he (the defendant "claimed arrears of rent; that he took all the steps "he could to get the attachment withdrawn, but to "no purpose, that part was sold and part destroyed: in short, that he never recovered any portion "of the said articles. This suit was brought to

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তি হওয়া নম্বরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৪৮ সাল ৬ জানুআরি।

বেআইনীমতে ক্রোকহওয়া সম্পত্তির কি হইয়াছে ইহা সাব্যস্ত করণের ভার অপরাধি ব্যক্তির প্রতি আছে।

জবা চৌধুরী ফরিয়াদী।
প্রতাপনারায়ণ সিংহ আসামী।

জিলা শাহাবাদের সদর আমীন ১৮৪৬ সালের ১৭ ফেব্রুআরি তারিখে যে হুকুম করিলেন তাহা ঐ জিলার জজ সাহেব ঐ সালের ১৭ জুন তারিখে মতান্তর করিলেন। ঐ জজ সাহেবের নিষ্পত্তির উপর ফরিয়াদী খাস আপীল গ্রাহ্য হওনের দরখাস্ত করাতে এই মোকদ্দমার শুননি হইল।

সদর আদালতের জজ শ্রীযুত সি টকর সাহেব এই২ হেতুতে ঐ দরখাস্ত মঞ্জুর করিলেন।

"দরখাস্তকারী অর্থাৎ এই মোকদ্দমার আদৌ ফরি-"য়াদী আপনার নালিশের আরজীতে লিখিল যে আ-"সামী অন্য যে ব্যক্তিরদের স্থানে বাকী খাজানার দাওয়া "করিল সেই ব্যক্তিরদের সম্পত্তি বলিয়া আমার ৮/ "বিঘা ইক্ষু ও ৮/ বিঘা রোআ ধান ও ৩ টা গরু ও "৩ টা মহিষ ক্রোক করাইয়াছিল আমি আপন সাধ্য-"পর্য্যন্ত ঐ ক্রোক খালাস করণের উদ্যোগ করিলাম "কিন্তু আমার উদ্যোগ বিফল হইল ঐ সম্পত্তির কতক "বিক্রয় হইল এবং কতক নষ্ট হইল ফলতঃ ঐ সম্পত্তির "কোন অংশ আমি ফিরিয়া পাইলাম না। ঐ ক্রোক

" reverse the attachment, and to recover the value " of the property.

" The attachment of the property was proved, " and the Sudder Ameen decreed for the plaintiff. " On appeal, the Judge modified the decision of " the Lower Court, decreeing the value of 4 *big-* " *gahs* of sugarcane, 20 *maunds* 34 *seers* of paddy, " and of some paddy straw; and, with regard to " the rest of the property, he observes he cannot " discover what became of it.

" This is no reason for dismissing the plaintiff's " claim. It was for the defendant, the wrong-doer, " to show what had become of the property illegal- " ly attached by his agent. Unless he can prove " that it was restored to the plaintiff, he is bound " to make good the value of it.

" Considering the proceedings of the Judge to " be incomplete and manifestly unjust, I admit a " special appeal, and remand the proceedings un- " der Clause 2, Section 2, Regulation 9, 1831, to " the Judge for further enquiry and investigation, " on the principle just laid down."

29th January, 1848.

What a farmer suing for arrears of rent, at a certain rate, is bound to do, his claim being disputed by the tenant.

Sheikh Nubbee Buksh,—Plaintiff,

versus

Shewuk Mehtoon,—Defendant.

This case was heard on the application of the defendant, for the admission of a special appeal from the decision of the Principal Sudder Ameen of Tirhoot, under date the 25th June, 1847, affirming that of the Moonsiff of Dulsing Surai, dated 18th December, 1846.

The application was granted by the Court, (present Mr. C. Tucker, Sir R. Barlow, and Mr. J. A. F. Hawkins,) on the following grounds:

" The plaintiff had taken the farm of certain " estates from the proprietor thereof, from the year " 1252 to 1258 F. S.; and now sued the defendant, " a tenant on the farm, for arrears of rent alleged " to be due for 1252 F. S., the first year of " the farm. The suit was for a money-rent, at 5 " Rupees and 2 Rupees a *biggah*, according to the " quality of the land.

" The defendant answered, that he and his re- " latives (sued in four other separate cases) held " part of the lands under a *mocurruree* tenure; " and that he held part under a *bhaolee* tenure, by " which the rent is satisfied by a division of the " produce in kind. Other pleas were urged, which " are not material to the disposal of the present " application.

" The Moonsiff and Principal Sudder Ameen gave " judgment for the plaintiff, on the grounds that " the *mocurruree* pottah, pleaded by the defen- " dant, was invalid, and that the rent must be " paid according to the proper rates for such " lands.

[*Government Gazette, 25th April,* 1848.]

" অন্যথা করিবার জন্যে এবং সম্পত্তির মূল্য ফিরিয়া " পাইবার জন্যে এই মোকদ্দমা উপস্থিত হইল।

" সম্পত্তি ক্রোকহওনের প্রমাণ হইয়াছিল এবং সদর " আমীন ফরিয়াদীর পক্ষে ডিক্রী করিলেন। তা- " হার উপর আপীল হইলে জজ সাহেব অধস্থ আদাল- " তের নিষ্পত্তি মতান্তর করিয়া ৪/ বিঘা ইক্ষু ও ২০মোন " ৩৪সের ধান ও কতক বিচালীর মূল্য ফরিয়াদীর পক্ষে " ডিক্রী করিলেন এবং অন্য সম্পত্তির বিষয়ে তিনি " কহিলেন যে তাহার কি হইয়াছে আমি বুঝিতে পা- " রিলাম না।

" কিন্তু ইহা ফরিয়াদীর দাওয়া ডিসমিস করণের উপ- " যুক্ত কারণ নহে। এই ক্রোকে আসামী অপরাধী " অতএব তাহার উচিত ছিল যে তাহার গোমাশ্তার " দ্বারা যে সম্পত্তি বেআইনীমতে ক্রোক হইয়াছিল তা- " হার কি হইল তাহা দর্শায়। এবং সেই জিনিস ফরি- " য়াদীকে ফিরিয়া দেওয়া গিয়াছে এমত প্রমাণ যদি সেই " ব্যক্তি দিতে না পারে তবে তাহার মূল্যের নিশা তা- " হার করিতে হইবেক।

" জজ সাহেবের কার্য্য অসম্পূর্ণ এবং স্পষ্টতঃ " অন্যায় বোধ করিয়া আমি খাস আপীল মঞ্জুর করি " এবং আমি ১৮৩১ সালের ৯ আইনের ২ ধারার ২ " প্রকরণানুসারে রোয়দাদ জজ সাহেবের নিকটে ফি- " রিয়া পাঠাইতেছি তিনি উক্ত নিয়মমতে এই বিষয়ের " পুনর্ব্বার তজবীজ ও বিচার করিবেন।"

১৮৪৮ সাল ২৯ জানুআরি।

ইজারদার বিশেষ হারানুসারে বাকী খাজানার বাবৎ নালিশ করিলে যদি রাইয়ত তাহার দাওয়া অস্বীকার করে তবে তাহার যাহা কর্ত্তব্য তাহা।

সেখ নবী বক্‌শ ফরিয়াদী।

সেবক মেহতুন আসামী।

দলসিংহ সরাইয়ের মুনসেফ ১৮৪৬ সালের ১৮ ডিসেম্বর তারিখে যে নিষ্পত্তি করিলেন তাহা ত্রিহুতের প্রধান সদর আমীন ১৮৪৭ সালের ২৫ জুন তারিখে বহাল রাখিলেন তাঁহার নিষ্পত্তির উপর আসামী খাস আপীল গ্রাহ্য হওনের দরখাস্ত করাতে এই মোকদ্দমার শুনানি হইল।

সদর আদালতের জজ শ্রীযুত সি টকর সাহেব ও শ্রীযুত সর আর বার্লো সাহেব ও শ্রীযুত হকিন্স সাহেব এই২ হেতুতে ঐ দরখাস্ত মঞ্জুর করিলেন।

" ফরিয়াদী ফসলী ১২৫২ সালঅবধি ১২৫৮ সাল- " পর্য্যন্ত কতক মহালের ইজারা ঐ মহালের মালিকের " স্থানে লইয়াছিল। আসামী ঐ ইজারার এক জন " রাইয়ত এবং ঐ ইজারার প্রথম বৎসর অর্থাৎ " ফসলী ১২৫২ সালের নিমিত্তে যে বাকী খাজানা পা- " ওনা আছে কহিল তাহার বাবতে আসামীর নামে " নালিশ করিল। ভূমি উত্তম ও অধম বুঝিয়া বিঘা " প্রতি ৫৲ টাকা এবং ২৲ টাকার হারে নগদ খাজানার " বাবতে এই মোকদ্দমা উপস্থিত করা গেল।

" আসামী জওয়াব দিল যে আমি ও আমার যে কুটু- " ম্বেরদের নামে চারি স্বতন্ত্র নালিশ হইয়াছে তাহারা " ও আমি ঐ ভূমির এক অংশ মোকররী পাট্টাক্রমে " দখল করি এবং ঐ ভূমির অন্য ভাগ আমি ভাও- " লীনামক পাট্টাক্রমে দখল করি সেই প্রকার পাট্টার " নিয়ম এই যে খাজানার বদলে ঐ ভূমির ফসলের ভাগ " দেওয়া যায়। সেই ব্যক্তি অন্যান্য ওজরও করিল কিন্তু " তাহা এই দরখাস্তের নিষ্পত্তির বিষয়ে আবশ্যক নহে।

" মুনসেফ এবং প্রধান সদর আমীন ইহা বলিয়া " ফরিয়াদীর পক্ষে ডিক্রী করিলেন যে আসামী যে " মোকররী পাট্টা ধরিয়া ওজর করে তাহা অসিদ্ধ এবং " ঐ প্রকার ভূমির উপযুক্ত হারানুসারে তাহার খাজানা " দিতে হইবেক।

" The defendant now applies for permission to " file a special appeal in this Court.

" We are of opinion, that the lower Courts have " proceeded upon a wrong principle in the deci- " sion of this case. If a farmer sues for a money- " rent at a given rate, he is bound, in the event of " the claim being disputed by the tenant, to show " that such tenant has previously paid at the same " rate, or has executed an engagement to the effect " that he will pay it. Again, if his claim is for an " enhanced rent, he is bound to show that he has " taken the proper steps to entitle him to recover " at the rate claimed by him. On these points, " the decisions of the lower Courts are defective.

" We accordingly admit the appeal; and remand " the case to the Principal Sudder Ameen, who " will replace it on the file, and decide it de novo, " with reference to the foregoing observations."

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 6.

From the Secretary to the Sudder Board of Revenue to the Commissioner of Revenue for the Division of ——.

In continuation of the Circular Orders of the 16th July last, No. 13, I am desired by the Sudder Board of Revenue to transmit to you the accompanying Copy of a Set of Rules of Practice, for the conduct of Summary Suits, proposed by Mr. Elliott, the Deputy Collector of Chumparun, with his explanatory Notes attached.

2d. The Board are desirous, agreeably to the suggestion of the late Commissioner of Patna, Mr. Ravenshaw, of bringing the whole law regarding the realization of rent by Distraint and Summary Suit, under the consideration of the Government, with a view to its consolidation and improvement.

3d. The law on this subject is scattered among the numerous enactments specified in the margin,* and the Board request that after considering these and the Rules now forwarded, and consulting with the several Collectors subordinate to you, you will favor them with your opinion of the omissions, additions, and amendments required to improve and render more complete—first, the Law and Process of Distraint and sale for Arrears of Rent; and second, the Law and Process of Summary Suits to recover arrears, or contest exactions of Rent.

(Signed) G. PLOWDEN,
Sudder Board of Revenue, *Secretary.*
Fort William, the 9th March, 1848.

* 17 of 1793; 35 of 1795; 7 of 1799; 2 of 1805; 5 of 1812; 29 of 1814; 19 of 1817; 20 of 1817; 8 of 1819; 2 of 1821; 7 of 1822; 14 of 1824; 8 of 1831; 7 of 1832.

" এক্ষণে আসামী এই আদালতে খাস আপীল দাখিল " করণের অনুমতি প্রার্থনা করে।

" আমরা বোধ করি যে এই মোকদ্দমার নিষ্পত্তি- " করণেতে উভয় অধস্থ আদালত অশুদ্ধ নিয়মানুসারে " কার্য্য করিয়াছেন। যদি ইজারদার নির্দ্দিষ্ট হারানুসারে " নগদ খাজানার বাবতে নালিশ করে তবে ঐ দাওয়া " রাইয়ত অস্বীকার করিলে তাহার কর্ত্তব্য যে ঐ রাইয়ত " সেই হারানুসারে পূর্ব্বে খাজানা দিয়া আসিতেছে কিম্বা " উত্তর কালে তাহা দিবার একরার লিখিয়া দিয়াছে " ইহা প্রমাণ করে। পুনশ্চ যদি সেই ইজারদার বেশী " খাজানার দাওয়া করে তবে তাহার কর্ত্তব্য যে যে " হারের দাওয়া করে সেই হারানুসারে খাজানা পাই- " বার নিমিত্তে যেং উদ্যোগ তাহার করিতে হয় তাহা " করিয়াছে এমত প্রমাণ দেয়। এইং বিষয়ে উভয় " অধস্থ আদালতের হুকুম অশুদ্ধ।

" অতএব আমরা আপীল মঞ্জুর করি এবং মোক- " দ্দমা প্রধান সদর আমীনের নিকটে ফিরিয়া পাঠাই " তিনি সেই মোকদ্দমা পুনর্ব্বার সাবেক নম্বরে বহাল " করিয়া উক্ত কথাতে দৃষ্টি রাখিয়া গোড়াঅবধি তাহার " বিচার করিবেন।"

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

৬ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

গত ১৬ জুলাই তারিখের ১৩ নম্বরী সরক্যুলর অর্ডরের অনুক্রমে সদর বোর্ড রেবিনিউর আজ্ঞানুসারে চম্পারণের ডেপুটী কালেক্টর শ্রীযুত এলিয়ট সাহেবের সরাসরী মোকদ্দমা নির্ব্বাহের জন্যে কার্য্যের নিয়মের এবং তাহা স্পষ্ট করিবার জন্যে তাহার সঙ্গে সংযুক্ত মন্তব্য কথার পশ্চাৎ লিখিত নকল তোমার নিকটে পাঠাইতেছি।

২। পাটনার পূর্ব্বকার কমিস্যনর শ্রীযুত রেবন্সা সাহেবের পরামর্শানুসারে ক্রোক ও সরাসরী মোকদ্দমার দ্বারা খাজানা আদায় করণের বিষয়ি সমস্ত আইন একত্র করণ ও সংশোধন করণের অভিপ্রায়ে গবর্ণমেণ্টের বিবেচনার অধীনে আনিতে বোর্ডের সাহেবেরদের ইচ্ছা আছে।

৩। এই বিষয়ের আইন পশ্চাৎ লিখিত* নানা আইনের মধ্যে ছিন্নভিন্ন আছে এবং বোর্ডের সাহেবেরা আদেশ করিতেছেন যে এই সকল আইন এবং এক্ষণকার প্রেরিত বিধি বিবেচনা করণের পর এবং তোমার অধীন নানা কালেক্টর সাহেবের সঙ্গে পরামর্শ করিয়া প্রথমতঃ বাকী খাজানার জন্যে ক্রোক ও নীলামের আইন ও রীতি এবং দ্বিতীয়তঃ বাকী খাজানা আদায়ের এবং বেশী খাজানা না লওনের সরাসরী মোকদ্দমার আইন ও রীতির উত্তম করণ এবং পূর্ব্বাপেক্ষা সম্পূর্ণ করণার্থ যাহা রহিত করা বা বৃদ্ধি করা কি সংশোধন করা আবশ্যক বোধ হয় তদ্বিষয়ে তোমার মত জানাও।

জি প্লৌডন্। সেক্রেটারী।
সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৮। ৯ মার্চ।

* ১৭৯৩ সালের ১৭ আইন। ১৭৯৫ সালের ৩৫ আইন। ১৭৯৯ সালের ৭ আইন। ১৮০৫ সালের ২ আইন। ১৮১২ সালের ৫ আইন। ১৮১৪ সালের ২৯ আইন। ১৮১৭ সালের ১৯ আইন। ১৮১৭ সালের ২০ আইন। ১৮১৯ সালের ৮ আইন। ১৮২১ সালের ২ আইন। ১৮২২ সালের ৭ আইন। ১৮২৪ সালের ১৪ আইন। ১৮৩১ সালের ৮ আইন। ১৮৩২ সালের ৭ আইন।

Rules of Practice for the Conduct of Summary Suits, proposed by the Deputy Collector of Chumparun, with explanatory notes.

Rule 1.—Every one wishing to institute a summary suit, will mention in his plaint the abstract of his claim, and at the foot of it the names of his witnesses, detailing the particulars of the debt on a separate paper, signed by the Putwaree. These two papers will be presented, with the Tulubana required according to the fixed rates of the District, for the issue of the Dustuck, to the Nazir, who will write on the upper cover of the petition, "The Tulubana has been deposited. Date ——;" and return the papers to the bearer, who will then file them in the Summary Suit Serishtah, where an order for the issue of the *Dustuck and Ishtihar* will be written, and presented to the Collector for signature.

Note. It seems to me pure waste of time for a Collector to receive and peruse Petitions like the plaint in a Summary Suit, upon which one only order can be passed, and which must afterwards be studied by him as a portion of the suit. I would therefore allow all such to be delivered in to the Serishtah. But whereas great delay often occurs, and Reports from the Nazir are rendered necessary in consequence of the Plaintiffs neglecting to deposit Tulubana, I propose that no plaint be received without a certificate of that deposit. This will save much trouble, it can in no wise injure the Plaintiff, and will greatly expedite the first steps in the case, and thereby necessarily reduce the average period required for the decision of these Suits.

Rule 2.—To the Peadah, sent for the Defendant, both Dustuck and Ishtihar will be delivered. If the Defendant be not found, he will issue the Ishtihar; and, on his return, the Nazir will certify on the back of the Dustuck the absence of the Defendant and the issue of the Ishtihar, and if the Defendant be still absent at the end of 15 days, the Nazir will certify that fact on the back of the Ishtihar, which he will file with the usual receipt.

Note. I do not think that the most scrupulous can consider the simultaneous issue of the Dustuck and Ishtihar illegal; and, if it be not so, it is a manifest saving of all the time now consumed in the return of the Peadah from the Mofussil, the issue of fresh orders, and his second arrival at the Defendant's village, while the Plaintiff will have to pay just one-half the present charge for these two processes.

Rule 3.—If the Defendant be found on the issue of the Dustuck, the Nazir will, on his reaching the Court, give the Ishtihar to him, taking his receipt in order that he may comply with the requisition for cash-deposit or security, and file his defence

সরাসরী মোকদ্দমা নির্ব্বাহার্থ যে২ কার্য্যের নিয়ম চম্পারণের ডেপুটী কালেক্টর সাহেব প্রস্তাব করিয়াছিলেন এবং স্পষ্ট করণার্থ যে২ মন্তব্য কথা লিখিয়াছিলেন তাহা।

১ বিধান। যে কোন ব্যক্তি সরাসরী মোকদ্দমা উপস্থিত করিতে চাহে সেই ব্যক্তি আপনার নালিশী আরজীতে আপনার দাওয়ার খোলাসা লিখিবেক এবং তাহার নিম্ন ভাগে আপনার সাক্ষিরদের নাম লিখিবেক এবং আলাহিদা এক কর্দ্দে পাওনা টাকার বৃত্তান্ত লিখিবেক এবং পাটওয়ারী তাহাতে দস্তখৎ করিবেক। এই দুই কাগজ নাজিরকে দিতে হইবেক এবং তাহার সঙ্গে২ দস্তক বাহির হওনের জন্যে জিলার নির্দ্ধারিত হারানুসারে যে তলবানা লাগিবেক তাহাও দাখিল করিতে হইবেক তৎপরে নাজির দরখাস্তের উপরি ভাগে "অমুক তারিখে তলবানা দাখিল হইয়াছে" এই কথা লিখিয়া কাগজবাহককে তাহা ফিরিয়া দিবেন এবং সেই ব্যক্তি তাহা সরাসরী মোকদ্দমার সিরিশ্তায় দাখিল করিবেক এবং সেখানে দস্তক ও ইশ্তিহার বাহির করণের হুকুম লেখা যাইবেক এবং তৎপরে কালেক্টর সাহেবের দস্তখৎ হইবার নিমিত্তে তাঁহাকে তাহা দেওয়া যাইবেক।

মন্তব্য কথা। সরাসরী মোকদ্দমার নালিশী আরজীর ন্যায় দরখাস্ত কালেক্টর সাহেবের লইয়া পাঠকরা আমার বোধে কেবল সময় হরণ হয়। তাহার বিষয়ে কেবল এক হুকুম দেওয়া যাইতে পারে এবং তৎপরে মোকদ্দমার এক ভাগস্বরূপ সেই দরখাস্ত তাঁহার বিবেচনা করিতে হইবেক। অতএব আমার পরামর্শ যে সেই সকল দরখাস্ত একেবারে সিরিশ্তায় দাখিল হয়। কিন্তু ফরিয়াদীরদের দ্বারা তলবানা দাখিল হওনের ত্রুটি হওয়াতে বারম্বার বিলম্ব হইয়া থাকে এবং নাজিরের স্থানে কৈফিয়ৎ তলব করণের আবশ্যক হয় অতএব আমার পরামর্শ যে ঐ তলবানা আমানৎ করণের সর্টিফিকট বিনা কোন নালিশ গ্রাহ্য না হয়। ইহাতে অনেক ক্লেশের নিবারণ হইবেক এবং ইহাতে ফরিয়াদীর কোন প্রকার ক্ষতি হইতে পারিবেক না এবং মোকদ্দমার আদি কার্য্য শীঘ্র হইবেক এবং তদ্দ্বারা এই প্রকার মোকদ্দমার নিষ্পত্তি করণার্থ গড়ে যে সময় লাগে তাহার লাঘব হইবেক।

২ বিধান। আসামীকে গ্রেফ্তার করিবার জন্যে যে পেয়াদা পাঠান যায় তাহাকে দস্তক ও ইশ্তিহার উভয় দেওয়া যাইবেক। যদি আসামীকে না পাওয়া যায় তবে সেই পেয়াদা ইশ্তিহার জারী করিবেক এবং সেই পেয়াদা ফিরিয়া আইলে নাজির দস্তকের পৃষ্ঠে লিখিবেন যে আসামীকে পাওয়া গেল না তাহাতে ইশ্তিহার জারী হইল এবং যদি আসামী তৎপরের পনের দিনের শেষ পর্য্যন্ত হাজির না হয় তবে নাজির ইশ্তিহারের পৃষ্ঠে তাহা লিখিবেন এবং নিয়মিত রসীদের সঙ্গে তাহা দাখিল করিবেন।

মন্তব্য কথা। আমার বোধ হয় যে অতিসন্দিগ্ধ ব্যক্তিও দস্তক ও ইশ্তিহার একি সময়ে বাহির করা বেআইনী জ্ঞান করিবেন না এবং তাহা যদি বেআইনী না হয় তবে মফঃসলহইতে পেয়াদা ফিরিয়া আইসনেতে এবং নূতন হুকুম বাহির করাতে এবং আসামীর গ্রামে তাহার দ্বিতীয়বার যাওয়াতে যে সকল সময় লাগে তাহা বাঁচিবেক এবং এই দুই হুকুমের নিমিত্তে ফরিয়াদীর এক্ষণে যত টাকা লাগে তাহার কেবল অর্দ্ধেক লাগিবেক।

৩ বিধান। যদি দস্তক বাহির হওনের পর আসামীকে পাওয়া যায় তবে সেই ব্যক্তি আদালতে পঁহুছিলে নাজির তাহাকে ইশ্তিহার দিবেন এবং তাহার রসীদ লইবেন তাহার অভিপ্রায় এই যে সেই ব্যক্তি নগদ টাকা আমানৎ করণের কিম্বা জামিন দেওনের হুকুম প্রতিপালন করে এবং সেই তারিখঅবধি পনের

either personally or by Attorney, within 15 days from that date.

Note. My remarks on Mr. Beaufort's proposed Rule 8 will shew the difficulties which a Defendant may have to undergo, and in consideration of which I think 15 days only a reasonable time to allow for the preparation of a reply.

Rule 4.—On the arrival of a Defendant the Plaintiff's Attorney must immediately deposit diet allowance, at the rate of one anna per diem, for the remaining portion of the current English month, and on the last day of each month, he must pay in diet allowance for the next month. In default of the first or any subsequent payment, the Jail Darogah will bring the Defendant before the Collector for instant release.

Note. By paying up at first only to the end of the month much trouble may be saved to the Jail Darogah and to the Attornies of Plaintiffs, as it will become a fixed rule that all diet money is to be paid on the last day of the month, and that, in default of such payment, the Defendant will certainly be released the next morning.

Rule 5.—Every Security bond must be presented to the Nazir with the Tulubana of the Peadah to be sent to investigate its validity, and must then be taken with the Nazir's Certificate to the Summary Serishtah, where the customary order will be written and presented to the Collector for signature. Whilst the validity of the bond is being tested, the Defendant may, with the sanction of the Plaintiff be left at liberty in charge of any one of the regular Mooktears of the Court whom he may have employed, on that person's giving a receipt for him on a Stamp Paper of 8 annas value, which receipt will be held binding on the giver to produce the Defendant or to pay the demand, failing in which his property will be distrained to make it good.

Rule 6.—The reply, at the foot of which the names of the Defendant's witnesses are to be specified, must be presented with the Tulubana for the subpœna for Defendant's witnesses (as directed in Rule 1 for the plaint) within 15 days after the appearance of the Defendant, and no reply without Tulubana will be received, excepting in the cases provided for in Rules 8 and 11.

Rule 7.—The Plaintiff will be required to deposit Tulubana for the issue of his subpœna within three clear days after the arrival of the Defendant in the Court, if brought up by the Dustuck or, if he be not then seized, within three clear days after the expiration of the term of the Ishtihar.

Rule 8.—If either party engage in writing, in the plaint or reply respectively, to produce his own witnesses, he need not deposit Tulubana, but no subpœna for those witnesses will afterwards be allowed, if he shall represent himself as unable to fulfil his intention.

Note. This restriction is absolutely necessary to prevent the parties making an engagement which

দিনের মধ্যে স্বয়ং আপনার জওয়াব দাখিল করে অথব, উকীলের মারফৎ তাহা দেয়।

মন্তব্য কথা। বোফর্ট সাহেবের প্রস্তাবিত ৮ বিধানের বিষয়ে আমি যাহা লিখিয়াছি তাহাতে দৃষ্ট হইবেক যে আসামীর কিপর্য্যন্ত ক্লেশ হইয়া থাকে এবং তাহা বিবেচনা করিয়া জওয়াব প্রস্তুত করণার্থ তাহাকে পনের দিবস মিয়াদ দেওয়া আমি উপযুক্ত বোধ করি।

৪ বিধান। আসামী পঁহুছিলে পর ফরিয়াদীর উকীলের সেই ইঙ্গরেজী মাসের অবশিষ্ট কালের জন্যে দিনপ্রতি ১০ আনা করিয়া খোরাকী আমানৎ করিতে হইবেক এবং প্রতি মাসের শেষ দিবসে তৎপর মাসের খোরাকী সেইরূপে আমানৎ করিতে হইবেক। যদি প্রথম টাকা কি তৎপরের কোন টাকা দিবার ত্রুটি হয় তবে জেলখানার দারোগা আসামীকে তৎক্ষণাৎ খালাস করিবার জন্যে তাহাকে কালেক্টর সাহেবের নিকটে আনিবেন।

মন্তব্য কথা। প্রথম কেবল সেই মাসের শেষপর্য্যন্ত টাকা দেওনের হুকুম করাতে জেলখানার দারোগা এবং ফরিয়াদীদের উকীল অনেক ক্লেশহইতে মুক্ত হইবেন যেহেতুক তাহাতে এই নিয়ম ধার্য্য হইবেক যে সকল খোরাকী মাসের শেষ দিবসে দাখিল করিতে হইবেক এবং সেই টাকা দাখিল না হইলে আসামী অবশ্য তৎপরে প্রাতঃকালে খালাস হইবেক।

৫ বিধান। প্রত্যেক জামিনীনামার সঙ্গে ঐ জামিনীর সিদ্ধতার তদারক করণার্থ যে পেয়াদা পাঠান যায় তাহার তলবানা নাজিরকে দিতে হইবেক এবং তৎপরে তাহা নাজিরের সর্টিফিকট সমেত সরামরী সিরিশ্তায় লইয়া যাইতে হইবেক সেই খানে নির্দ্ধারিত হুকুম লেখা যাইবেক এবং কালেক্টর সাহেবের দস্তখতের জন্যে তাঁহাকে তাহা দেওয়া যাইবেক। এবং যে কালে জামিনীনামার মাতবরীর তদারক হইতেছে সেই কালে আসামী আদালতের যে নিরূপিত মোখ্তারকে নিযুক্ত করিয়াছে ফরিয়াদীর অনুমতিক্রমে সেই মোখ্তারের জিম্মা করিয়া সেই ব্যক্তি বিনা কয়েদে থাকিতে পারে। এবং ঐ মোখ্তার তাহার বিষয়ে ॥০ আনা মূল্যের ইষ্টাম্প কাগজে এক রসীদ দিবেক ঐ রসীদের একরার এই যে মোখ্তার আসামীকে হাজির করিবেক নতুবা দাওয়ার টাকা দিবেক এবং তাহা না দিলে ঐ দাওয়ার জন্যে ঐ মোখ্তারের সম্পত্তি ক্রোক হইবেক।

৬ বিধান। জওয়াবের নিম্ন ভাগে আসামীর সাক্ষিরদের নাম লিখিতে হইবেক এবং ঐ জওয়াব নালিশী আরজীর বিষয়ে প্রথম বিধানে যেরূপ নিরূপণ আছে সেইরূপে আসামীর হাজির হওনের পর পনের দিবসের মধ্যে আসামীর সাক্ষির সফীনার তলবানা সমেত দাখিল করিতে হইবেক এবং ৮ ও ১১ বিধানের নির্দ্দিষ্ট গতিক ভিন্ন তলবানা বিনা কোন জওয়াব গ্রাহ্য হইবেক না।

৭ বিধান। যদি আসামী দস্তকঅনুসারে আদালতে হাজির হয় তবে তাহার পঁহুছনের পর তিন সম্পূর্ণ দিবসের মধ্যে ফরিয়াদীর সফীনা বাহির হইবার জন্যে তলবানা তাহার আমানৎ করিতে হইবেক। যদি আসামী দস্তকঅনুসারে গ্রেফ্তার না হয় তবে ইশ্তিহারের মিয়াদ অতীত হওনের পর তিন সম্পূর্ণ দিবসের মধ্যে তলবানা তাহার দাখিল করিতে হইবেক।

৮ বিধান। যদি ফরিয়াদী কি আসামী আপন২ সাক্ষী হাজির করাইবার একরার আপন২ নালিশী আরজী বা জওয়াবে লেখে তবে কোন তলবানা আমানৎ করণের আবশ্যক হইবেক না কিন্তু যদি সেই ব্যক্তি ইহার পর কহে যে আমি সাক্ষিরদিগকে হাজির করিতে অক্ষম তবে ঐ সাক্ষিরদিগকে হাজির করাওনের জন্যে কোন সফীনা বাহির হইবেক না।

মন্তব্য কথা। এই নিয়ম করা অত্যাবশ্যক যেহেতুক, তাহা না হইলে উভয় বিবাদী যে একরার প্রতিপালন

they have no intention of fulfilling, and set forth merely to create delay.

Rule 9.—When a subpœna on either side is issued, the witnesses must be pointed out without delay to the Peadah, who is required to return within the prescribed period; and if any party agree to bring up his own witnesses he must do so within that time, and no longer term, which he may mention in any receipt or other paper, will be allowed. If for any *special* reason, such as the illness or absence of a witness, an extra period be absolutely necessary, a Petition to that effect must be presented to the Collector, who will issue the requisite order. The documentary evidence of all parties concerned must be produced on or before the date on which the evidence of the respective witnesses is taken in writing.

Rule 10.—Whenever a Collector may have reason to suppose that a false, or malicious, or exaggerated demand has been made, he may call upon the Plaintiff [for a detail of the extent, and boundaries, and quality and rate of assessment of the lands for which the arrear is claimed, and also require him] to pay, according to the fixed meads of the District, one Rupee per diem for an Ameen, to be deputed by the Court to measure and assess the lands aforesaid. The Collector may also call upon the parties to bring forward any oral or documentary evidence, that may seem to him needful for the elucidation of the case, over and above any that may have been voluntarily offered by the parties concerned. The Defendant, or any interposing party, who may appear to be vexatiously disputing a reasonable demand, may also be called upon at the discretion of the Collector, to pay for the deputation of an Ameen.

Note. In the last clause of my remarks, on Mr. Beaufort's Rule 6, I have mentioned that I do not hesitate to adopt the plan here recommended, when I find it necessary; but, if new Rules are to be issued to assimilate the practice of the Courts, I think this should be one. The people here did not like it at first, but now freely acknowledge its usefulness, and I could not have a better proof of its working well, than the fact of my *now* being very seldom compelled to resort to it.

If Mr. Collector Sandys' proposal, that the *Plaint* should invariably specify in detail the lands on which arrear is claimed, be adopted, that order may be inserted in my first Rule, and the portion of this Rule No. 10, which I have included in brackets may be omitted. But it appears to me that this rule will answer all the purposes of justice, and will prove less troublesome in its working than that proposed by Mr. Sandys.

Rule 11.—If a defaulter, having been seized, and, by reason of inability to furnish security or deposit

করিতে তাহারদের কোন মানস নাই এমত একরার তাহারা কেবল বিলম্ব করণার্থ লিখিয়া দিবেক।

৯ বিধান। যখন উভয় পক্ষের সফীনা বাহির হইয়াছে তখন পেয়াদাকে অবিলম্বে সাক্ষিসকল দেখাইয়া দিতে হইবেক এবং নির্দ্দিষ্ট মিয়াদের মধ্যে ঐ পেয়াদার ফিরিয়া আসিতে হইবেক। যদি কোন বিবাদী আপনার সাক্ষিরদিগকে আনাইতে একরার করে তবে সেই মিয়াদের মধ্যে তাহারদিগকে আনিতে হইবেক এবং তাহাহইতে অধিক যে কোন মিয়াদ সেই ব্যক্তি কোন রসীদে বা অন্য কাগজে লেখে তাহা দেওয়া যাইবেক না। যদি কোন বিশেষ কারণ অর্থাৎ সাক্ষির পীড়া বা অবর্ত্তমানতাপ্রযুক্ত অধিক মিয়াদ দেওয়া নিতান্ত আবশ্যক হয় তবে সেই বিষয়ের এক দরখাস্ত কালেক্টর সাহেবকে দিতে হইবেক এবং তিনি যথোচিত হুকুম দিবেন। ঐ মোকদ্দমাতে যে সকল ব্যক্তি লিপ্ত আছে তাহারদের দলীলদস্তাবেজ যে দিবসে উভয় পক্ষের সাক্ষির জোবানবন্দী লেখা যায় সেই দিবসে কিম্বা তাহার পূর্ব্বে দাখিল করিতে হইবেক।

১০ বিধান। যখন কালেক্টর সাহেবের এমত বোধ হয় যে কোন মিথ্যা বা দ্বেষপূর্ব্বক কি বেশী দাওয়া হইয়াছে তখন তিনি ফরিয়াদীকে এমত হুকুম করিতে পারেন যে [যে ভূমির বিষয়ে বাকী খাজানার দাওয়া হইয়াছে সেই ভূমির পরিমাণ ও সীমা ও উত্তম অধমতা ও খাজানার হারের বৃত্তান্ত দাখিল করে এবং] সেই ভূমি জরিপ ও খাজানা ধার্য্য করণার্থ আদালত যে আমীন নিযুক্ত করেন সেই আমীনের নিমিত্তে জিলার নির্দ্দিষ্ট নিয়মানুসারে দিন প্রতি ১৲ টাকা আমানৎ করে। উভয় বিবাদী স্বেচ্ছাক্রমে যে মৌখিক অথবা দলীলদস্তাবেজের সাক্ষ্য দাখিল করিয়াছে তাহা ছাড়া যদি উভয় প্রকার অন্য কোন সাক্ষ্য মোকদ্দমা স্পষ্টরূপে বুঝিবার নিমিত্তে কালেক্টর সাহেব আবশ্যক বোধ করেন তবে তিনি বিবাদিরদিগকে সেই সাক্ষ্য আনাইতে হুকুম করিতে পারেন। আসামী অথবা অন্য যে কোন ব্যক্তি মোকদ্দমায় হাত দেয় সেই ব্যক্তি যদি ক্লেশ দিবার জন্যে ওয়াজিবী দাওয়ার আপত্তি করিতেছে এমত বোধ হয় তবে কালেক্টর সাহেব আপনার বিবেচনামতে সেই ব্যক্তিকে এক জন আমীন নিরূপণ করণের খরচা দিতে হুকুম করিতে পারেন।

মন্তব্য কথা। বোফর্ট সাহেবের ৬ বিধানের বিষয়ে আমি যাহা লিখিলাম তাহার শেষ দফাতে কহিয়াছি যে যে নিয়মের এখানে পরামর্শ দিতেছি তাহা যখন আবশ্যক বোধ করিলাম তখন তদনুসারে আমি নির্ভয়রূপে কার্য্য করিয়াছি। কিন্তু যদি আদালতের ব্যবহারের একি প্রকার করণার্থ নূতন নিয়ম করা যায় তবে তন্মধ্যে উক্ত নিয়ম এক নিয়ম করা আমার বোধে আবশ্যক হইবেক। এই জিলার লোকেরা প্রথমতঃ তাহাতে নারাজ ছিল কিন্তু এক্ষণে তাহারা তাহা উপকারক স্বীকার করিতেছে। এবং তাহার কার্য্য উত্তম হইতেছে ইহার সর্ব্বাপেক্ষা উত্তম প্রমাণ এই যে এক্ষণে সেই নিয়মানুসারে কার্য্যকরা প্রায় আবশ্যক হইতেছে না।

কালেক্টর শ্রীযুত সাণ্ডিস সাহেব প্রস্তাব করিয়াছেন যে যে ভূমির বাকী খাজানার দাওয়া হয় সেই ভূমির বৃত্তান্ত নিয়ত নালিশী আরজীতে বিশেষ করিয়া লেখা যায় যদি ঐ প্রস্তাব গ্রাহ্য হয় তবে ঐ হুকুম আমার প্রথম বিধানেতে লেখা যাইতে পারে এবং আমার ১০ বিধানের যে ভাগ আমি [ ] এইরূপে পৃথক করিয়াছি তাহা উঠাইয়া দেওয়া যাইতে পারে। কিন্তু আমার বোধ হয় যে এই বিধানের দ্বারা যথার্থ বিচারের সকল অভিপ্রায় সিদ্ধ হইবেক এবং সাণ্ডিস সাহেব যে প্রস্তাব করিয়াছিলেন তদপেক্ষা ইহাতে কম ক্লেশ হইবেক।

১১ বিধান। যদি বাকীদার গ্রেফ্তার হইলে পর জামিন দিতে কি টাকা আমানৎ করিতে না পারাপ্রযুক্ত

cash, confined in Jail, shall evidently be unable to adopt measures for his own defence, the Collector may receive his reply on plain paper, and require the Plaintiff to deposit Tulubana for the subpœna of the Defendant's witnesses, which will of course be charged on the decision of the suit to the losing party.

জেলখানায় কয়েদ হয় এবং আপনার জওয়াব দিতে স্পষ্টতঃ অপারক হয় তবে কালেক্টর সাহেব তাহার জওয়াব শাদা কাগজে লইতে পারেন এবং আসামীর সাক্ষিদের সফীনার জন্যে তলবানা আমানৎ করিতে ফরিয়াদীকে হুকুম দিতে পারেন। মোকদ্দমার নিষ্পত্তি হইলে পর সুতরাং পরাজিত ব্যক্তির শিরে তাহা পড়িবেক।

Note. A Rule of this kind appears to be required as cases sometimes occur, in which the main object of the Plaintiff seems to be to eject a tenant from his land, from mere malice, or with a view to a more profitable arrangement for the land held by him.

মন্তব্য কথা। এই প্রকার কোন নিয়ম করণের আবশ্যক বোধ হইতেছে, যেহেতুক কখন২ এই মত হইয়া থাকে যে ফরিয়াদীর মুখ্য অভিপ্রায় এই যে দ্বেষপূর্ব্বক অথবা রাইয়তের ভূমির বিষয়ে অধিক লাভজনক বন্দোবস্ত করণের জন্যে ঐ রাইয়তকে ভূমিহইতে বেদখল করিতে চাহে।

Rule 12.—These Rules for the conduct of Summary Suits in regard to arrears of land rent shall be held to apply and be in force, so far as they may be applicable, to all Summary Suits cognizable by a Collector, and any party failing to adhere to the practices herein enjoined, will, at the discretion of the Collector, subject his case, if a Plaintiff or other claimant, to be struck off the files, and, if a Defendant, to be decided ex-parte.

১২ বিধান। ভূমির খাজানার বাকীর বিষয়ে সরাসরী মোকদ্দমা নির্ব্বাহের এই২ বিধান যেপর্য্যন্ত খাটান যাইতে পারে সেইপর্য্যন্ত কালেক্টর সাহেবের বিচার্য্য সকল সরাসরী মোকদ্দমার বিষয়ে খাটিবেক এবং প্রবল হইবেক এমত জ্ঞান করিতে হইবেক। এবং যে কোন ব্যক্তি ইহার মধ্যে লিখিত কোন বিধানানুসারে কার্য্য না করে সেই ব্যক্তি ফরিয়াদী বা অন্য দাওয়াদার হইলে তাহার মোকদ্দমা কালেক্টর সাহেবের বিবেচনাক্রমে নম্বর খারিজ হওনের যোগ্য হইবেক এবং যদি আসামী হয় তবে তাহার মোকদ্দমা একতরফা নিষ্পত্তি হওনের যোগ্য হইবেক।

Rule 13.—The title *Collector* above used is to be understood to signify the Collector or any other Officer vested, pro-tempore, with the power of deciding Summary Suits.

১৩ বিধান। এই২ বিধানের মধ্যে "কালেক্টর সাহেব" এই কথা কালেক্টর সাহেব অথবা অন্য যে কোন কর্ম্মকারক ক্ষণেক কালের জন্যে সরাসরী মোকদ্দমা নিষ্পত্তি করিতে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন তাঁহাকে বুঝাইবেক।

(Signed) W. H. ELLIOTT,
Deputy Collector of Chumparun.

ডবলিউ এচ এলিয়ট।
চম্পারণের ডেপুটী কালেক্টর।

Chumparun, Depy. Collr.'s Office,
The 29th Sept., 1846.

চম্পারণের ডেপুটী কালেক্টরের
দপ্তরখানা। ১৮৪৬। ২৯ সেপ্টেম্বর।

Diary of Parties in attendance in the Court of the Collector of ——.

1	2	3	4	5	6	7
		Case in which concerned.				
Date of Arrival.	Names of Parties and designation, whether Plaintiff, Defendant or Witness.	Plaintiff.	Defendant.	Name of Mooktear of Party named in Column 2.	Date of Deposition or Examination.	Date of Discharge.

Chumparun, the 29th September, 1846.

(Signed) W. H. ELLIOTT, *Depy. Collector.*

True Copies,

(Signed) G. PLOWDEN, *Secretary.*

অমুক জিলার কালেক্টর সাহেবের কাছারীতে যাহারা হাজির হয় তাহারদের রোজনামা।

১	২	৩	৪	৫	৬	৭
		যে মোকদ্দমায় লিপ্ত।				
পঁহুছিবার তারিখ।	নাম ও খ্যাতি অর্থাৎ ফরিয়াদী কি আসামী কি সাক্ষী।	ফরিয়াদী	আসামী	২ নম্বরী ঘরে লিখিত ব্যক্তির মোখ্তারের নাম।	জোবানবন্দী দেওনের কিম্বা তজবীজ হওনের তারিখ।	ছাড়িয়া দিবার তারিখ।

চম্পারণ। ১৮৪৬। ২৯ সেপ্টেম্বর।

ডবলিউ এচ এলিয়ট। ডেপুটী কালেক্টর।

(যথার্থ নকল।)

জি প্লৌডন। সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 13th April, 1848.

Baboo Nobinchunder Mitter, Moonsiff of Rajapore, Zillah Hooghly, for two months.

Moulvy Fuzloollah, Moonsiff of Lubsha, 24-Pergunnahs, for two months, in extension of that granted on the 11th February last.

The 19th April, 1848.

Baboo Mohunlaul Panday, Moonsiff of Burjorah, Zillah West Burdwan, for one month, in extension of that granted on the 7th instant.

B. J. COLVIN, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৮ সাল ১৩ আপ্রিল।

জিলা হুগলীর রাজাপুরের মুনসেফ শ্রীযুত বাবু নবীনচন্দ্র মিত্র দুই মাসের ছুটী পাইয়াছেন।

জিলা চব্বিশপরগনার লবসার মুনসেফ শ্রীযুত মৌলবী ফজল উল্লা গত ফেব্রুআরি মাসের ১১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৮ সাল ১৯ আপ্রিল।

জিলা পশ্চিম বর্দ্ধমানের বড়যোড়ার মুনসেফ শ্রীযুত বাবু মোহনলাল পাঁড়ে বর্ত্তমান মাসের ৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৬৭৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর্ সাহেবের হুকুম।

ছুটী।

১৮৪৮ সাল ৩০ মার্চ।

আসামে শিবপুর সদর স্থানের সিবিল চিকিৎসকতা কর্ম্মের ভারপ্রাপ্ত শ্রীযুত জে কাম্বেল সাহেবের (Mr. J. Campbell,) কর্ম্ম শ্রীযুত ডবলিউ জে লং সাহেব (Mr. W. J. Long,) গ্রহণ করিলে তিনি আপনার অত্যাবশ্যক কর্ম্মোপলক্ষে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৮ সাল ১২ আপ্রিল।

জিলা চব্বিশপরগনার অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী ময়নুদ্দীন সফদর খাঁ বাহাদুর গত ফেব্রুআরি মাসের ২৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৮ সাল ১২ আপ্রিল।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জে গ্রাণ্ট সাহেব (Mr. J. Grant,) ১৮৪৮ সালের ত্রৈমাসিক দ্বিতীয় সেশনের মিছিল করিবার জন্যে মালদহে গমনার্থ বর্ত্তমান মাসের ৫ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন।

সারণের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ বি হেথর্ণ সাহেব (Mr. H. V. Hathorn,) বর্ত্তমান মাসের ৫ তারিখে আপন সিরিশ্তার কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের স্থানে পুনর্গ্রহণ করেন।

দিনাজপুরের কালেক্টর শ্রীযুত সি ষ্টিয়র সাহেব (Mr. C. Steer,) বর্ত্তমান মাসের ৭ তারিখে আপন খাজানাখানার কর্ম্মের ভার আসিষ্টাণ্ট শ্রীযুত জি কুপর সাহেবের (Mr. Assistant G. Couper,) স্থানে পুনর্গ্রহণ করেন।

পাটনার সিবিল ও সেশন জজ শ্রীযুত আর জে লফনন সাহেব (Mr. R. J. Loughnan,) বর্ত্তমান মাসের ৮ তারিখে আপন সিরিশ্তার কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

ইস্তাহারনামা কাছারি কালেক্‌টরি জেলা বীরভূম এই যে।

ইতঃপূর্ব্বে সন ১৮৪৫ সালের ১ প্রথম আইনের মর্ম্মানুসারে সন ১২৫৪ সালের ইস্তক পৌষ লাগাদী কিস্তি ফাল্গুণের বাকী রাজস্ব আদায় কারণ সন ১৮৪৮ সালের ২৮ মার্চ মতাবক সন ১২৫৪ সাল ১৬ চৈত্র সূর্য্যঅস্তপর্য্যন্ত টাকা দাখিলের দিবস ধার্য্য ছিল কিন্তু বাকীপড়া মাহালাতের বাকীদারান উক্ত তারিখে সূর্য্যঅস্তপর্য্যন্ত আপন২ বাকী দাখিল করে নাই অতএব উক্ত আইনের মর্ম্মানুসারে বাকীপড়া মাহালাত নীলাম করা আবশ্যক হইয়া ঐ আইনের ৬ ধারার বিধিক্রমে সন ১৮৪৮ সাল ২৪ আপ্রিল মতাবক সন ১২৫৫ সাল ১৩ বৈশাখ রোজ সোমবার নীলামের দিবস ধার্য্যে ইস্তাহার প্রচার করা গিয়াছিল এক্ষণে সেরেস্তা তদন্তে জানা গেল যে নীচের লিখিত মাহালের জমিদারের নাম নজিরা বিবি ও বছিরা বিবি লিখিত না হইয়া সাবেক মালিক তোফজ্জল হোছেনের নাম লিখিত হইয়া ইস্তাহার জারী হইয়াছে অতএব নজিরা বিবি ও বছিরা বিবির নাম লিখিতপূর্ব্বক পুনরায় এই ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৮ সাল ১১ মাই মতাবক সন ১২৫৫ সাল ৩০ বৈশাখ রোজ বৃহস্পতিবার বেলা দুই প্রহরের পর এই কাছারির প্রকাশ স্থানে নীচের লিখিত মাহাল নীলামে বিক্রী হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ উচিত যে ঐ তারিখ ও সময়ে এই কাছারিতে হাজির আসিয়া খরিদ করহ আর যে ব্যক্তি অধিক ডাকিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক ইতি সন ১৮৪৮ সাল তারিখ ২০ আপ্রিল মঃ সন ১২৫৫ সাল তারিখ ৯ বৈশাখ।

শ্রেণীর নম্বর	মাহালের শ্রেণী	নম্বর রেজষ্টরি	নাম মাহাল	নাম মালিকান	সদর জমা	বাকী লাৎ ফাল্গুণ সন ১২৫৪।	কৈঃ
২	দাএমী	৫১১ নং	শাউগ্রাম	নজিরা বিবি ও বছিরা বিবি	১১৮৮৴২	৭৫ ।/ ১	মহজম মাহাল।

A. Ogilvie, *Offg. Collector.*

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, made in the matter of the Petition of HENRY GEORGE SMITH, lately carrying on trade and business as Carver, Gilder, and Builder in Waterloo Street, in the Town of Calcutta, in copartnership with one Edward Townsend, under the style or firm of Townsend, Smith and Company, and late a prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the Ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, the hearing of the matters of the Petition of the said Insolvent is adjourned to Saturday, the sixth day of May next.

Calcutta, 1st April, 1848. Wm. H. Owen, *Insolvent's Attorney.*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

টৌনসেণ্ড স্মিথ কোম্পানির নামে এড্বার্ড টৌনসেণ্ড সাহেবের সঙ্গে কলিকাতা নগরের ওয়াটরলুষ্ট্রিটে যৌতায় খোদক ও সোণালী কর্ম্মকারী ও গৃহনির্ম্মাতা হেনরি জর্জ স্মিথ সাহেব সম্প্রতি কলিকাতা নগরের সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইন দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্ম আগামি মে মাসের ৬ তারিখ শনিবারে শুনা যাইবেক।

কলিকাতা ১৮৪৮। ১ আপ্রিল। ডবলিউ এচ ওএন। যোত্রহীনের উকীল।

NOTICE.—That by an order of the said Court, in the matter of RHAM RHAM DOSS, late of Punchanuntollah, Harcuttah Gully, in Calcutta, and lately carrying on trade and business as a Cotton Thread Merchant, and Banian, and lately residing in the French Settlement of Chandernagore, in the Province of Bengal, against whom an Adjudication of Insolvency was made and pronounced by the said Court, on the Petition of Roopchaund Doss, a Creditor, the matters of the said Petition are appointed to be heard by the said Court, on Saturday, the third day of June next.

The names of the Creditors of the said RHAM RHAM DOSS appear in a Schedule in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

Calcutta, 24th April, 1848. Bedell, *Insolvent's Attorney.*

কলিকাতা নগরের পঞ্চাননতলার হাড়কাটা গলিনিবাসি সূতার ব্যবসায়ী ও বণিক এবং সম্প্রতি বাঙ্গলা দেশে ফ্রাঙ্গীয়েরদের অধীন চন্দন নগরনিবাসি রামরাম দাস যোত্রহীন বটেন এমত নির্দ্ধারণ তাঁহার মহাজন রূপচাঁদ দাসের দরখাস্তমতে উক্ত আদালতে হইল তাহার বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার উক্ত দরখাস্তের মর্ম্ম আগামি জুন মাসের ৩ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত রামরাম দাসের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্তায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা। ১৮৪৮। ২৪ আপ্রিল। বিডেল। যোত্রহীনের উকীল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৮। ২৫ আপ্রিল।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 2, 1848.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৮ সাল ২ মে।

REPORTS OF SUMMARY CASES DETERMINED BY THE COURT OF SUDDER DEWANNY ADAWLUT.

1st March, 1848.

Sections 14 and 15, Regulation 9 of 1833, cannot be pleaded in bar of a suit, until the Board of Revenue shall have, under Section 13, prescribed rules for filing village accounts.

Dowlut Raiee, &c.—Petitioners.

The claim of Chowdree Nunkoo Raiee, and others against the petitioners, for Company's Rupees 149-1-10, principal and interest, for balances of rent for 1252 and 1253 F. S., having been dismissed by the Local Moonsiff on the 25th November, 1846, but adjudged in their favour by the Principal Sudder Ameen of Tirhoot on the 29th July, 1847, the petitioners preferred an application for a special appeal to the Sudder Dewanny Adawlut.

By the Court (Mr. Hawkins.) "The principal "argument of the petitioners, in support of their "application is, that Sections 14 and 15, Regula"tion 9 of 1833, and Construction No. 884, have not "been attended to; but by Section 13, the Board "of Revenue must first direct how and when the "village accounts are to be furnished. As the "Board has not prescribed any rules on the sub"ject, Sections 14 and 15 cannot be cited as bar"ring the plaintiff's suit against the petitioners, "whose application must therefore be rejected." Order accordingly.

7th March, 1848.

The Civil Courts cannot entertain actions for the recovery of money allowances, granted as charges upon estates previous to the Decennial Settlement.

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তি হওয়া সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৪৮ সাল ১ মার্চ।

সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা যাবৎ ১৮৩৩ সালের ৯ আইনের ১৩ ধারানুসারে গ্রামের হিসাব দাখিল করণের নিয়ম নির্দ্দিষ্ট না করেন তাবৎ ঐ আইনের ১৪ ও ১৫ ধারার কথা ধরিয়া মোকদ্দমা উপস্থিত করণের নিষেধ হইতে পারে না।

দৌলত রায় ও অন্যেরা। দরখাস্তকারী।

চৌধুরী নঙ্কু রায় এবং অন্যেরা ফসলী ১২৫২ ও ১২৫৩ সালের বাকী খাজানা বাবৎ সুদ কোং ১৪৯/১০ টাকার বাবৎ দরখাস্তকারিরদের নামে নালিশ করিলে ত্রিহুতের মুনসেফ ১৮৪৬ সালের ২৫ নবেম্বর তারিখে তাহারদের ঐ দাওয়া ডিসমিস করিলেন। কিন্তু ঐ জিলার প্রধান সদর আমীন ১৮৪৭ সালের ২৯ জুলাই তারিখে ফরিয়াদীরদের পক্ষে ডিক্রী করিলেন তাহাতে দরখাস্তকারিরা সদর দেওয়ানী আদালতে খাস আপীল গ্রাহ্য হওনের দরখাস্ত করিল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত হকিন্স সাহেব কহিলেন যে "দরখাস্তকারিরা আপনারদের দরখাস্তের "পোষকতার নিমিত্তে এই মুখ্য হেতু উপস্থিত করিয়াছে "যে ১৮৩৩ সালের ৯ আইনের ১৪ ও ১৫ ধারা এবং "৮৮৪ নম্বরী আইনের অর্থের অনুযায়ি কার্য্য হয় নাই। "কিন্তু ঐ আইনের ১৩ ধারায় লেখা আছে যে গ্রামের "হিসাবকিতাব যে প্রকারে ও যে সময়ে দাখিল করিতে "হইবেক তাহা বোর্ড রেবিনিউর সাহেবেরদের প্রথমে "হুকুম করিতে হইবেক। কিন্তু ঐ সাহেবেরা সেই বিষ"য়ের কোন নিয়ম নির্দ্দিষ্ট করেন নাই অতএব দর"খাস্তকারিরদের নামে ফরিয়াদীর নালিশ করনের "নিষেধ ঐ আইনের ১৪ এবং ১৫ ধারার কথা ধরিয়া "হইতে পারে না। এইপ্রযুক্ত দরখাস্তকারিরদের "দরখাস্ত নামঞ্জুর করিতে হইবেক।" তদনুসারে হুকুম হইল।

১৮৪৮ সাল ৭ মার্চ।

দশসনী বন্দোবস্তের পূর্ব্বে মহালের উৎপন্নহইতে যে তনখা দেওয়া যাইত তাহা পাইবার মোকদ্দমা দেওয়ানী আদালতে শুননি হইতে পারে না।

Isurchunder Thakoor,—Petitioner.

The Petitioner, representing that the former Zemindars of Pergunnah Buhra had granted his ancestor an allowance, at the rate of 1 pie per rupee, on the rent of their estate, for the purpose of performing idol worship, sued Lukhee Kunt Sein, the present owner of the property, for Rs. 126-4-6 being the arrears of it due from 1239 to 1250 B. S., and obtained a decree from the Moonsiff of Malda on the 17th March, 1846, which decision being reversed in appeal by the Judge of Dinagepore, on the 27th September, 1847, the petitioner presented an application for special appeal to the Sudder Dewanny Adawlut.

By the Court (present Mr. Hawkins.) " Claims " like the present are declared not cognizable in " any Court of Judicature by Section 17, Regula- " tion 24, 1793." Application rejected.

Note. A claim similar to the foregoing was disposed of in the same way by the Court (Mr. Tucker) on the 30th August, 1847. The following was the case:

Kishen Gobind Bhuttacharj,
versus
The Collector of Tipperah.

The plaintiff stated, that previous to the English rule, Mahomed Reza Khan had given his father a money allowance, for the performance of idol worship, by assignment on certain Pergunnahs in Dacca, Backergunge, Mymensingh, and other Districts which had been regularly paid to his father while alive, and afterwards to himself. On one occasion when it had been withheld, the Collector had issued Perwannahs to the Zemindars, who thereupon discharged the arrears.

The assignment upon Pergunnah Mihr, Zillah Tipperah, was 20 Sicca Rupees annually, and had been duly paid till Bysakh 1240, B. S.

Government, however, having become the owner of 7 annas, 6 gundas, 2 courees, 2 krants of the Pergunnah, by purchase at a revenue sale; and having discontinued the payment, the plaintiff brought an action for the arrears in the Court of one of the district Moonsiffs and obtained a decree on the 13th June, 1845, which was reversed by the Principal Sudder Ameen of the District, on the 21st March, 1846. Consequently, he applied for the admission of a special appeal to the Sudder Dewanny Adawlut.

By the Court (Mr. Tucker.) " The amount of " pensions, or allowances, formerly recoverable " from the proprietors, or farmers of lands, was in- " cluded at the Decennial Settlement in the revenue " of Government; and, by Section 5, Regulation " 24, 1793, claims to them were to be preferred to " the Collector. Their continuance, or discontinu- " ance, rested with Government, under Sections 2 " and 3 of that Regulation. Such claims as were " recognized, were acknowledged in Sunnuds given " according to Sections 11 and 12; and, in Section

ঈশ্বরচন্দ্র ঠাকুর। দরখাস্তকারী।

দরখাস্তকারী কহিল যে পরগনা বহরার সাবেক জমীদারেরা দেবসেবার জন্যে আপনারদের মহালের খাজানার উপর টাকা প্রতি এক পাইয়ের হিসাবে তনখা আমার পূর্ব্ব পুরুষকে দিয়াছিল তাহাতে দরখাস্তকারী বাঙ্গলা ১২৩৯ সালঅবধি ১২৫০ সালপর্য্যন্ত ঐ তনখার বাকী ১২৬।৬ টাকার বাবৎ ঐ মহালের বর্ত্তমান মালিক লক্ষ্মীকান্ত সেনের নামে নালিশ করিল এবং ১৮৪৬ সালের ১৭ মার্চ তারিখে মালদহের মুনসেফ তাহার পক্ষে ডিক্রী করিলেন। তাঁহার নিষ্পত্তির উপর দিনাজপুরের জজ সাহেবের নিকটে আপীল হইলে তিনি ১৮৪৭ সালের ২৭ সেপ্টেম্বর তারিখে তাহা অন্যথা করিলেন তাহাতে দরখাস্তকারী সদর দেওয়ানী আদালতে খাস আপীল গ্রাহ্য হওনের দরখাস্ত করিল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত হকিন্স সাহেব কহিলেন " যে ১৭৯৩ সালের ২৪ আইনের ১৭ ধারানু- " সারে এই প্রকার দাওয়ার তজবীজ কোন আদালতের " মোতালক নহে"। তাহাতে দরখাস্ত নামঞ্জুর হইল।

মন্তব্য কথা। সদর আদালতের জজ শ্রীযুত টকর সাহেব ১৮৪৭ সালের ৩০ আগষ্ট তারিখে ঐ প্রকারের এক দাওয়া সেইমতে নিষ্পত্তি করিলেন। সেই মোকদ্দমার বৃত্তান্ত এই।

কৃষ্ণগোবিন্দ ভট্টাচার্য্য। ফরিয়াদী।

ত্রিপুরার কালেক্টর সাহেব। আসামী।

ফরিয়াদী কহিল যে ইঙ্গরেজেরদের আমলের পূর্ব্বে মহম্মদ রেজা খাঁ দেবসেবার জন্যে টাকা ও বাকরগঞ্জ ও ময়মুনসিংহ এবং অন্যান্য জিলার কতক পরগনার উপর আমার পিতাকে তনখা দিয়াছিল এবং আমার পিতা যাবৎ জীবৎ ছিলেন তাবৎ তিনি নিত্য তাহা পাইতেন পরে আমি তাহা পাইয়া আসিতেছিলাম। কোন এক সময়ে তাহা দিবার ত্রুটি হওয়াতে কালেক্টর সাহেব জমীদারেরদের উপর পরওয়ানা জারী করিলেন এবং তাহারা ঐ তনখার বাকী টাকা দিল।

জিলা ত্রিপুরার পরগনা মেহরের উপর সালিয়ানা সিক্কা ২০৲ টাকার তনখা ধার্য্য ছিল তাহা বাঙ্গলা ১২৪০ সালের বৈশাখ মাসপর্য্যন্ত রীতিমত দেওয়া গিয়াছিল।

পরে বাকী রাজস্বের নিমিত্তে ঐ পরগনার নীলাম হইলে গবর্ণমেণ্ট ।৶৬॥= সাত আনা ছয় গণ্ডা দুই কড়া দুই ক্রান্তি খরীদ করিয়া তাহার মালিক হইলেন এবং ঐ তনখা বন্দ করাতে ফরিয়াদী বাকী তনখার বাবৎ ঐ জিলার এক জন মুনসেফের আদালতে নালিশ করিলে ১৮৪৫ সালের ১৩ জুন তারিখে তাহার পক্ষে ডিক্রী হইল। ঐ ডিক্রী ঐ জিলার প্রধান সদর আমীন ১৮৪৬ সালের ২১ মার্চ তারিখে অন্যথা করিলেন পরে ফরিয়াদী সদর দেওয়ানী আদালতে খাস আপীল গ্রাহ্য হওনের দরখাস্ত করিল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত টকর সাহেব কহিলেন যে " ভূম্যধিকারী বা ইজারদারদিগের স্থানে যে " মুশাহেরা ও তনখা পূর্ব্বে পাওয়া যাইত তাহা দশশনী " বন্দোবস্তে সদর জমাভুক্ত হইয়াছিল এবং ১৭৯৩ সালের " ২৪ আইনের ৫ ধারানুসারে তাহার বাবৎ সকল দাও- " য়ার দরখাস্ত কালেক্টর সাহেবের নিকটে করিতে " হুকুম হইল ও ঐ আইনের ২ এবং ৩ ধারানুসারে ঐ " মুশাহেরা ও তনখা বহাল রাখণ কি বাজেয়াপ্ত করণ " গবর্ণমেণ্টের এক্তিয়ার। সেইপ্রকার যে সকল দাওয়া " বহাল রাখা গেল তাহা ঐ আইনের ১১ ও ১২ ধারা- " নুসারে দেওয়া সনন্দে স্বীকার করা গিয়াছিল এবং ১৭

" 17 it was declared, that no claims of the sort " were cognizable in any Court of Judicature.

" In the present case, the plaintiff sues Govern- " ment as the successor by purchase of the former " Zemindar; but, as shown above, the Zemindar " has no longer any connection with the grant; " and, even if the Government were sued as being " itself responsible without reference to its owner- " ship of the estate, the claim would not be cogni- " zable; for, by the law, the continuance or dis- " continuance of the grant, rests with Government " alone, and not with the Courts. The petition " must therefore be rejected."

7th March, 1848.

A suit for reversal of a sale of real property, made in execution of a decree of Court, must be instituted in the district in which the property is situated.

Boodhai Singh,—Petitioner.

The petitioner having purchased Mouzah Bishoonpoor Jugdees alias Koolhooa, in Zillah Sarun, sold by the Collector of that District in satisfaction of the debts of Baboo Byjnath Sahoo and Gocool Das, was sued by Meer Ubdoolla in Zillah Patna, who claimed to have the village brought to sale, for the realization of the balance of a decree which he held against the above parties, who, in an instalment bond, executed in Patna, (for which reason the plaintiff brought his suit in that District) had pledged the village in question for the discharge of their debt.

The petitioner, objecting to the jurisdiction, appealed to the Sudder Dewanny Adawlut against the order of the Principal Sudder Ameen, dated 20th January, 1848, for the trial of the suit in Patna.

By the Court (Messrs. Tucker and Hawkins.) " As the property under litigation is in Zillah Sa- " run, and its sale was held there, the institution " and trial of the present suit in Zillah Patna is " contrary to law and practice. The plaintiff " must be nonsuited." Order accordingly.

18th March, 1848.

Consent to arbitration, once formally given, cannot be withdrawn, on the mere allegation of one of the parties of unwillingness to abide by the award.

Kaleekunt Bidyabachusputtee,—Petitioner.

The petitioner who had sued Rajnarain Bhuttacharj and others, for the possession of 1½ beegahs of Lakhiraj land and for the stoppage of a pathway, applied for the admission of a special appeal against a decision of the Principal Sudder Ameen of Zillah Nuddeah, dated 18th August, 1847, reversing that in his favour of the Moonsiff of Howrah, dated 10th August preceding.

" ধারাতে হুকুম হইল যে এই প্রকার কোন দাওয়ার " তজবীজ কোন আদালতের মোতালক নহে।

" এই মোকদ্দমায় গবর্ণমেণ্ট খরীদ করণ দ্বারা সাবেক " জমীদারের স্থলাভিষিক্ত হইয়াছেন বলিয়া ফরিয়াদী " গবর্ণমেণ্টের নামে নালিশ করিল কিন্তু পূর্ব্বকার লি- " খনমতে ঐ তনখার সঙ্গে জমীদারের আর কোন সম্পর্ক " নাই। এবং গবর্ণমেণ্টের ঐ মহালের মালিক হওনের " বিষয়ে কিছু উত্থাপন না হইয়া যদি গবর্ণমেণ্ট আপনি " দায়ী আছেন বলিয়া তাঁহার নামে নালিশ হইত " তথাপি ঐ দাওয়া গ্রাহ্য হইত না যেহেতুক আই- " নানুসারে ঐ তনখা বহাল রাখণ কি বাজেয়াপ্ত " করণ কেবল গবর্ণমেণ্টের এক্তিয়ার কোন আদালতের " এক্তিয়ার নাই। অতএব দরখাস্ত নামঞ্জুর করিতে " হইবেক।"

১৮৪৮ সাল ৭ মার্চ।

আদালতের ডিক্রী জারীক্রমে স্থাবর সম্পত্তির যে নীলাম হয় তাহা অন্যথা করণের মোকদ্দমা যে জিলাতে ঐ সম্পত্তি আছে সেই জিলাতে উপস্থিত করিতে হইবেক।

বুধই সিংহ। দরখাস্তকারী।

বাবু বৈজনাথ শাহু ও গোকুল দাসের কর্জ্জের জন্যে জিলা সারণের কালেক্টর সাহেব ঐ জিলার মৌজা বিষ্ণুপুর জগদীশ অর্থাৎ কুলহুআ নীলাম করিলে দরখাস্তকারী তাহা খরীদ করিয়াছিল। পরে মীর আবদুল্লা ইহা বলিয়া দরখাস্তকারির নামে জিলা পাটনায় নালিশ করিল যে বাবু বৈজনাথ শাহু ও গোকুল দাসের বিরুদ্ধে আমার হাতে এক ডিক্রী ছিল এবং তাহারা কিস্তিবন্দী খত লিখিয়া দিয়া আপনারদের কর্জ্জ পরিশোধ করিবার নিমিত্তে ঐ গ্রাম বন্ধক রাখিয়াছিল অতএব ডিক্রীর অবশিষ্ট টাকা পাইবার জন্যে ঐ গ্রাম নীলাম হওনের দাওয়া করিতেছি। (ঐ কিস্তিবন্দী খত পাটনা জিলাতে করা গিয়াছিল এইহেতুক ফরিয়াদী ঐ মোকদ্দমা ঐ জিলাতে উপস্থিত করিল।)

দরখাস্তকারী এই মোকদ্দমায় ঐ আদালতের এলাকা নাই বলিয়া প্রধান সদর আমীন ১৮৪৮ সালের ২০ জানুআরি তারিখে ঐ মোকদ্দমার বিচার পাটনাতে হইবার যে হুকুম করিলেন তাহার উপর সদর দেওয়ানী আদালতে আপীল করিল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত টকর সাহেব ও শ্রীযুত হকিন্স সাহেব কহিলেন যে " বিরোধি সম্পত্তি " জিলা সারণে আছে এবং সেই জিলাতে তাহার " নীলাম হইয়াছিল অতএব জিলা পাটনায় এই মোক- " দ্দমা উপস্থিত ও বিচার করণ আইন ও ব্যবহারের " বিরুদ্ধ অতএব ফরিয়াদীকে ননসুট করিতে হইবেক।" তদনুসারে হুকুম হইল।

১৮৪৮ সাল ১৮ মার্চ।

উভয় পক্ষ আপনারদের মোকদ্দমা সালিসীতে অর্পণ করার বিষয়ে রীতিমতে সম্মতি একবার জানাইলে পর যদি এক পক্ষ কেবল বলে যে ঐ সালিসেরদের ফয়সলার মতাচরণ করিতে আমার ইচ্ছা নাই তবে তাহাতে ঐ সম্মতি রহিত করা যাইতে পারে না।

কালীকান্ত বিদ্যাবাচস্পতি। দরখাস্তকারী।

দরখাস্তকারী ১॥০ বিঘা লাখরাজ ভূমির দখলের বাবৎ এবং এক পথ অবরোধ করণার্থ রাজনারায়ণ ভট্টাচার্য্য ও অন্যেরদের নামে নালিশ করিল তাহাতে হাবড়ার মুনসেফ ১৮৪৬ সালের ১০ আগষ্ট তারিখে তাহার পক্ষে ডিক্রী করিলেন। পরে জিলা নদীয়ার প্রধান সদর আমীন ১৮৪৭ সালের ১৮ আগষ্ট তারিখে ঐ ডিক্রী অন্যথা করিলেন। দরখাস্তকারী তাঁহার নিষ্পত্তির উপর খাস আপীল গ্রাহ্য হওনের দরখাস্ত করিল।

By the Court (Mr. Hawkins.) "The Principal "Sudder Ameen, before whom this case was pend- "ing in appeal, made it over to arbitrators for de- "cision, with the consent of the parties; but the "petitioner some time after the reference to the "arbitrators objected to the arrangement. How- "ever, on the return of the proceedings by the ar- "bitrators, the Principal Sudder Ameen disposed "of the case according to their award. As the pe- "titioner first consented, his subsequent retraction "cannot serve him, nor can his application be "granted; otherwise, any one against whom arbi- "trators may appear about to decide, will petition "against their proceeding with the case, which "would be opposed to the spirit and tenor of the "law on the subject. Besides, the petitioner "wishes to have his Ikrarnamah, given of his own "free will to abide by the decision of the arbitra- "tors cancelled, which cannot be allowed."

Application for special appeal rejected.

22d March, 1848.

A summary appeal does not lie against the order of costs in a decree of a regular suit.

Bhurrut Chunder Mujmooadar, and others,— Petitioners.

The Principal Sudder Ameen of Jessore having on the 29th November, 1847, in nonsuiting the Plaintiffs, in an action brought by them against certain parties, charged them with costs of the defendants and an opponent in the suit, they appealed to the Sudder Dewanny Adawlut.

By the Court (Mr. Hawkins.) "The petition- "ers pray to be relieved from costs charged against "them in a regular decree; but a summary appeal "for such a purpose is inadmissible; therefore "their arguments against the payment of costs can- "not be taken into consideration." Petition rejected.

22d March, 1848.

The alleged guardianship of a Minor, if disputed by another claimant to the office, should be enquired into before passing judgment in a case, in which such Minor and his guardian may be concerned.

Chunder Madhub Chuckerbutty,—Petitioner.

This was an appeal against an order of the Judge of Dacca, dated 20th September, 1847, striking off the file the petitioner's appeal against the decision of the Principal Sudder Ameen of that district, dated 3d June, 1846, in the case noted in the margin,* because he had not been a party to the case in the Court of First Instance. The Petitioner

* Shibnath Chatterjea, Plaintiff, *versus* Omasunker Biswas, himself and as the guardian of Soorj Koomar Biswas, the minor son of Kishnakunt Biswas, Defendant.

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত হকিন্স সাহেব কহিলেন যে "প্রধান সদর আমীনের সম্মুখে এই মো- "কদ্দমা আপীলক্রমে উপস্থিত থাকিতে তিনি উভয় "পক্ষের সম্মতিক্রমে তাহা নিষ্পত্তির নিমিত্তে সালি- "সেরদের নিকটে অর্পণ করিলেন কিন্তু সালিসেরদের "নিকটে অর্পণ হওনের কিছু কাল পরে দরখাস্তকারী "তাহাতে আপত্তি করিল। তথাপি সালিসেরা ঐ মো- "কদ্দমার কাগজপত্র ফিরিয়া পাঠাইলে প্রধান সদর "আমীন তাঁহারদের ফয়সলামতে মোকদ্দমা নিষ্পত্তি "করিলেন। দরখাস্তকারী প্রথমে সম্মত হইয়াছিল তা- "হার পর অসম্মত হইলে তাহা রহিত হইতে পারে না "এবং তাহার দরখাস্ত মঞ্জুর হইতে পারে না। যদি "তাহা গ্রাহ্য হয় তবে যে কোন ব্যক্তির বোধ হয় যে "সালিসেরা আমার বিরুদ্ধে ফয়সলা করিতে উদ্যত সেই "ব্যক্তি এই দরখাস্ত করিবেক যে সালিসেরা ঐ বিষয়ের "আর তজবীজ না করেন কিন্তু ইহা সালিসেরদের বিষয়ি "আইনের ভাব ও মর্ম্মের বিরুদ্ধ হয়। পুনশ্চ দরখাস্ত- "কারী আপন ইচ্ছামতে যে একরারনামা এই মজমুনে "লিখিয়া দিয়াছিল যে আমি সালিসেরদের ফয়সলাতে "সম্মত হইব সেই একরারনামা বাতিল করিতে চাহে। "কিন্তু ইহা হইতে পারে না।"

অতএব খাস আপীলের দরখাস্ত নামঞ্জুর হইল।

১৮৪৮ সাল ২২ মার্চ।

নম্বরী মোকদ্দমার ডিক্রীতে খরচার বিষয়ে যে হুকুম হয় তাহার উপর সরাসরী আপীল হইতে পারে না।

ভরতচন্দ্র মজুমদার এবং অন্যেরা। দরখাস্তকারী।

ফরিয়াদীরা কোন২ লোকের নামে যে মোকদ্দমা উপস্থিত করিয়াছিল তাহাতে যশোহরের প্রধান সদর আমীন ১৮৪৭ সালের ২৯ নবেম্বর তারিখে তাহারদিগকে ননসুট করিয়া হুকুম করিলেন যে ঐ মোকদ্দমাতে আসামীরদের এবং এক জন প্রতিবাদির খরচা ফরিয়াদীরদের দিতে হইবেক। তাহাতে ফরিয়াদীরা সদর দেওয়ানী আদালতে আপীল করিল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত হকিন্স সাহেব কহিলেন যে "নম্বরী ডিক্রীতে দরখাস্তকারিরদের বিরুদ্ধে "যে খরচা দিবার হুকুম হয় তাহাহইতে তাহারা মুক্ত- "হওনের প্রার্থনা করে কিন্তু এই বাবতে সরাসরী আ- "পীল গ্রাহ্য হইতে পারে না অতএব খরচা না "দেওনের বিষয়ে তাহারা যে কারণ জানাইয়াছে তা- "হার বিচার হইতে পারে না।" তাহাতে দরখাস্ত নামঞ্জুর হইল।

১৮৪৮ সাল ২২ মার্চ।

যদি নাবালগ ও তাহার সংসারাধ্যক্ষ কোন মোকদ্দমায় লিপ্ত থাকে এবং সেই পদের অন্য এক দাওয়াদার ঐ সংসারাধ্যক্ষতার বিষয়ে আপত্তি করে তবে সেই মোকদ্দমার ডিক্রী করণের পূর্ব্বে ঐ বিরোধি সংসারাধ্যক্ষতার বিষয় নিষ্পত্তি করিতে হইবেক।

চন্দ্রমাধব চক্রবর্ত্তী। দরখাস্তকারী।

* নীচের লিখিত মোকদ্দমাতে ঢাকার প্রধান সদর আমীন ১৮৪৬ সালের ৩ জুন তারিখে যে নিষ্পত্তি করিয়াছিলেন তাহার উপর দরখাস্তকারী ঐ জিলার জজ সাহেবের নিকটে আপীল করিলে তিনি ১৮৪৭ সালের ২০ সেপ্টেম্বর তারিখে ঐ আপীল নয়র খারিজ করিলেন যেহেতুক ঐ মোকদ্দমা আদালতে প্রথম উপস্থিত হইলে দরখাস্তকারী তাহার এক পক্ষ ছিল না তথাপি ঐ দরখাস্তকারী ঐ আদালতে এক দরখাস্ত দাখিল করি-

* যে মোকদ্দমাতে শিবনাথ চাটুয্যা ফরিয়াদী ও উমাশঙ্কর বিশ্বাস স্বয়ং ও কৃষ্ণকান্ত বিশ্বাসের নাবালগ পুত্র সূর্য্যকুমার বিশ্বাসের সংসারাধ্যক্ষস্বরূপ আসামী সেই মোকদ্দমা।

however had presented in it a petition, stating that he was the guardian of the minor; and that the suit was a collusive one to injure the latter's rights.

By the Court, (present Mr. Hawkins.) "The "papers of the case do not shew that petitioner "*is not guardian* of the minor, which he appeared "and represented himself to be. Enquiry should "have been made into his statement; and, if prov- "ed, the case should have been disposed of in his "presence. For these reasons, the Zillah Judge "will restore his appeal to the file; and pass such "orders on it as may be proper, with reference to "the above remarks." Order accordingly.

28th March, 1848.

Execution of a Zillah decree stayed by the Sudder Dewanny Adawlut, in consequence of the lands forming the subject of litigation being undefined in the plaint and equally so in the decree.

Ooman Dutt, and Gouree Dutt,—Petitioners.

This was an appeal from an order of the Judge of Patna, dated 1st September, 1847, directing the petitioners to be put in possession of 176 Beegahs as defined by the Moonsiff of Hilsa, and 19 other Beegahs of a corresponding quality, in execution of their decree obtained on the 18th December, 1841, against Ram Suhaee Sing and others.

It appeared, that on first execution of the decree Moolvee Ullee Kurreem, the auction purchaser of Mouzah Mudhoona, to which the lands in dispute appertained, and Munkur Muhton, and others ryots, separately complained that the decree did not refer to the lands pointed out by the petitioners as the subject of it. Their objections coming before the Sudder Dewanny Adawlut, an order was passed on the 2d November, 1846, that possession should only be given after local investigation, which having been made by the above Moonsiff, under the orders of the Zillah Judge, and the petitioners being unwilling to take the lands adjudged to them, they appealed to the Sudder Dewanny Adawlut.

By the Court (Mr. Hawkins.) "Mouzah Mu- "dhoona was sold for arrears of revenue after the "decree in favour of petitioners was passed; there- "fore it is doubtful if it can be executed, as the "subject of dispute was the right to hold lands "under a *Mocurrurree* lease granted long after the "Decennial Settlement. Apart from this, the Roo- "bookaree of the Judge does not indicate what lands "the petitioners are to be put in possession of. "The plaint and final decree mention only the "name of the village and 200 beegahs without "specification of boundaries. When the plaint is "so vague, and the decree so indefinite, the latter "cannot possibly be executed. Although it has been "pending execution for six years, it is just where it "was. Under the circumstances of so indistinct "a plaint and decree, the petitioners have no re-

[*Government Gazette, 2d May*, 1848.]

য়াছিল যে আমি ঐ নাবালগের সংসারাধ্যক্ষ ও ঐ নাবালগের স্বত্ব হানি করিবার জন্যে এই মোকদ্দমা গপ্তাক্রমে হইয়াছে। জজ সাহেবের ঐ হুকুমের উপর এই আপীল হয়।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত হকিন্স সাহেব কহিলেন "দৃষ্ট হয় যে দরখাস্তকারী ঐ নাবালগের "সংসারাধ্যক্ষ এবং তিনি আপনিও তাহা কহিয়াছেন "এবং তিনি যে সংসারাধ্যক্ষ নহেন ইহা মোকদ্দমার "কাগজপত্রের দ্বারা দৃষ্ট হইতেছে না। অতএব দরখাস্ত- "কারির এজহারের বিষয় প্রথম তজবীজ করা উচিত "ছিল এবং তাহা যদি সাব্যস্ত হইল তবে তাহার সম্মুখে "ঐ মোকদ্দমার নিষ্পত্তি করিতে হইত। এই২ হেতুতে "জিলার জজ সাহেব দরখাস্তকারির আপীল সাবেক "নম্বরে বহাল করিয়া উক্ত কথার প্রতি দৃষ্টি রাখিয়া "যে হুকুম উপযুক্ত বোধ হয় তাহা করিবেন।" তদনু- সারে হুকুম হইল।

১৮৪৮ সাল ২৮ মার্চ।

যে ভূমি লইয়া মোকদ্দমা হয় তাহার সীমা নালিশী আরজীতে এবং ডিক্রীতে নির্দ্দিষ্ট না হওয়াপ্রযুক্ত সদর দেওয়ানী আদালত জিলার ডিক্রী জারী স্থগিত রাখিলেন।

উমান দত্ত ও গৌরী দত্ত। দরখাস্তকারী।

দরখাস্তকারিরা রামসহায় সিংহ ও অন্যেরদের বিরুদ্ধে ১৮৪১ সালের ১৮ ডিসেম্বর তারিখে যে ডিক্রী পাইয়াছিল তাহা জারীক্রমে পাটনার জজ সাহেব ১৮৪৭ সালের ১ সেপ্টেম্বর তারিখে হুকুম করিয়াছিলেন যে হিলশ্যার মুনসেফের নির্দ্দিষ্টমতে ১৭৬/ বিঘা এবং তাহার তুল্য গুণের অন্য ১৯/ বিঘা ভূমির দখল দরখাস্তকারিরদিগকে দেওয়া যায়। জজ সাহেবের ঐ হুকুমের উপর এই আপীল হইল।

ঐ বিরোধি ভূমি মৌজা মধুনার শামিল এবং দৃষ্ট হইতেছে যে ডিক্রী প্রথমে জারী হওনের সময়ে ঐ মৌজার নীলামী খরীদার মৌলবী আলী করিম এবং মঙ্কর মহতুন রাইয়ত এবং অন্যান্য রাইয়ত স্বতন্ত্ররূপে এইমত নালিশ করিয়াছিল যে দরখাস্তকারিরা যে ভূমি দেখাইয়া বলে যে ইহার ডিক্রী হইয়াছে সেই ভূমির বিষয়েতে ঐ ডিক্রীর সম্পর্ক নাই। তাহারদের আপত্তি সদর দেওয়ানী আদালতে উপস্থিত করা গেলে ১৮৪৬ সালের ২ নবেম্বর তারিখে হুকুম হইল যে সরে জমীনে তহকীক না হইলে ভূমির দখল দেওয়া যাইবেক না অতএব জিলার জজ সাহেবের হুকুমমতে ঐ মুনসেফ সরে জমীনে তহকীক করিয়াছিলেন কিন্তু দরখাস্তকারিরদের যে ভূমি ঐ তহকীকমতে নির্দ্দিষ্ট হইল তাহা লইতে তাহারা নারাজ হইয়া সদর দেওয়ানী আদালতে আপীল করিল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত হকিন্স সাহেব কহিলেন যে "দরখাস্তকারিরদের পক্ষে ডিক্রী হইলে "পর মৌজা মধুনা বাকী রাজস্বের নিমিত্তে নীলাম হই- "য়াছিল। অতএব ঐ ডিক্রী জারী হইতে পারে কি না "এই বিষয়ে সন্দেহ হইতেছে যেহেতুক দশসনী বন্দো- "বস্তের অনেক কাল পরে যে মোকররী পাট্টা দেওয়া "যায় তৎক্রমে ভূমির দখলের স্বত্বের বিষয়ে বিরোধ "হইয়াছিল। তাহা ছাড়া দরখাস্তকারিরদিগকে যে২ "ভূমির দখল দিতে হইবেক তাহা জজ সাহেবের রুব- "কারীতে নির্দ্দিষ্ট হয় নাই। নালিশী আরজীতে এবং "চূড়ান্ত ডিক্রীতে গ্রামের নাম ও ২০০/ বিঘা এই- "মাত্র লেখা আছে কিন্তু ঐ ভূমির সীমা নির্দ্দিষ্ট "নাই। যদি নালিশী আরজী এমন অনিশ্চিত "এবং ডিক্রীও অনিশ্চিত তবে ডিক্রী কোন প্রকারে "জারী হইতে পারে না। ঐ ডিক্রী জারী ছয়-বৎসর- "অবধি হইতেছে তথাপি প্রথমে যেমন ছিল তেমনি.

" source but to apply for a review of the latter, till " they do which its execution must inevitably be " stopped. In the mean time the Judge's order, " confirming the investigation of the Moonsiff, must " be set aside." Order accordingly.

REPORTS OF REGULAR CASES DETERMINED BY THE COURT OF SUDDER DEWANNY ADAWLUT.

22d September, 1847.

Course to be pursued by an Appellate Court, in an appeal from an *ex-parte* award, when default has been explained or otherwise.

Bodha Mehton, and others,—(*Plaintiffs,*)

versus

Radha Bibi, and others,—(*Defendants.*)

This case was heard on the application of the defendant, Radha Bibi, for the admission of a special appeal from the decision of Ibrahim Khan, Principal Sudder Ameen of Patna, under date the 9th March, 1847, confirming that of the Sudder Moonsiff, dated 3d September, 1846.

The application was granted by the Court, (present Mr. J. A. F. Hawkins,) on the following grounds.

" A dispute existed between the Defendant, " Radha Bibi, and Durga Bibi, in regard to the " possession of certain real property, which was de- " cided by the Criminal Court, under Act 4 of " 1840, in favor of Radha Bibi. The plaintiffs " now sued to set aside that order, as farmers hold- " ing a lease from Durga Bibi.

" The defendant, Radha Bibi, did not appear in " the Moonsiff's Court, and the case was decided " *ex-parte* in favor of the plaintiffs.

" On appeal by Radha Bibi, the decree of the " Moonsiff was confirmed on the merits of the case " by the Principal Sudder Ameen.

" The Principal Sudder Ameen has acted irre- " gularly in proceeding as he has done. Under " the present practice of the Courts, he should " have called upon Radha Bibi, to justify her de- " fault in the Court of First Instance. In failure " of such justification, he should have rejected the " appeal on that ground only. If he considered, " on the other hand, that the default had been ex- " plained, so as to admit the defendant to a hearing " he should have remanded the case to the Moon- " siff for re-investigation, after taking the de- " fence.

" I admit the appeal, and remand the case to the " Principal Sudder Ameen to be disposed of with " reference to the foregoing remarks."

23d September, 1847.

To decide upon evidence given in a case in the Magistrate's Court, when the *viva voce* testimony of the same persons is to be had, is irregular.

" আছে এমত অস্পষ্ট আরজী ও ডিক্রী থাকিতে দর- " খাস্তকারিদের কেবল এই উপায় রহিল যে ডিক্রীর " পুনর্ব্বিচার হইবার দরখাস্ত করে তাহা যাবৎ না করে " তাবৎ ডিক্রী জারী অবশ্য স্থগিত রাখিতে হইবেক। " ইতিমধ্যে জজ সাহেবের যে হুকুমক্রমে মুনসেফের " তহকীক বহাল হইল তাহার অন্যথা করিতে হইবেক।" তদনুসারে হুকুম হইল।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তি হওয়া নম্বরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৪৭ সাল ২২ সেপ্টেম্বর।

একতরফা নিষ্পত্তির উপর আপীল হইলে যখন ত্রুটির কারণ স্পষ্ট জানান গিয়াছে কি না গিয়াছে তখন আপীল আদালতের যাহা কর্ত্তব্য তাহা।

বুদ্ধ মেহতন এবং অন্যেরা। ফরিয়াদী।

রাধা বিবি এবং অন্যেরা। আসামী।

পাটনার সদর মুনসেফ ১৮৪৬ সালের ৩ সেপ্টেম্বর তারিখে যে নিষ্পত্তি করিলেন তাহা ঐ জিলার প্রধান সদর আমীন ইবরাহিম খাঁ ১৮৪৭ সালের ৯ মার্চ তারিখে বহাল রাখিলেন। তাঁহার নিষ্পত্তির উপর আসামী রাধা বিবি খাস আপীল গ্রাহ্য হওনের দরখাস্ত করাতে এই মোকদ্দমার শুননি হইল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত জে এ এফ হকিন্স সাহেব এই২ হেতুতে ঐ দরখাস্ত মঞ্জুর করিলেন।

" আসামী রাধা বিবি এবং দুর্গা বিবির মধ্যে কতক " স্থাবর সম্পত্তির ভোগদখলের বিষয়ে বিবাদ হওয়াতে " তাহা ফৌজদারী আদালতে ১৮৪০ সালের ৪ আই- " নানুসারে রাধা বিবির পক্ষে নিষ্পত্তি হইল। তাহাতে " ফরিয়াদীরা দুর্গা বিবির স্থানে পাট্টা লইয়া ইজারদার " আছে বলিয়া ঐ হুকুম অন্যথা করিবার নিমিত্তে দর- " খাস্ত করিল।

" আসামী রাধা বিবি মুনসেফের আদালতে হাজির " না হওয়াতে মোকদ্দমার একতরফা বিচার হইয়া ফরি- " য়াদীরদের পক্ষে ডিক্রী হইল।

" তাহার উপর রাধা বিবি আপীল করিলে প্রধান " সদর আমীন মোকদ্দমার দোষগুণানুসারে বিচার ক- " রিয়া মুনসেফের ডিক্রী বহাল রাখিলেন।

" কিন্তু প্রধান সদর আমীনের এই কার্য্য বেদাঁড়া " হইয়াছে। আদালতের বর্ত্তমান ব্যবহারমতে তাঁ- " হার উচিত ছিল যে মোকদ্দমা যে আদালতে প্রথমে " উপস্থিত হইয়াছিল সেই আদালতে রাধা বিবির " ত্রুটি হইবার মাতবর কারণ জানাইতে তাহাকে " হুকুম করেন এবং মাতবর কারণ না জানাইলে " কেবল সেই হেতুতে আপীল নামঞ্জুর করেন। কিন্তু " যদি তিনি বোধ করিলেন যে ঐ ত্রুটির এমত মাতবর " কারণ দেওয়া গিয়াছে যে আসামীর মোকদ্দমার শুননি " হইতে পারে তবে তাঁহার উচিত যে ঐ মোকদ্দমা " মুনসেফের নিকটে ফিরিয়া পাঠান এবং তিনি তাহার " জওয়াব লইলে পর তাহা পুনর্ব্বিচার করিবেন।

" আমি আপীল মঞ্জুর করি এবং পূর্ব্বোক্ত কথায় " দৃষ্টি রাখিয়া মোকদ্দমার নিষ্পত্তি হওনের জন্যে প্রধান " সদর আমীনের নিকটে তাহা ফিরিয়া পাঠাই।"

১৮৪৭ সাল ২৩ সেপ্টেম্বর।

যখন সাক্ষিরদের জোবানবন্দী লওয়া যাইতে পারে তখন মাজিষ্ট্রেট সাহেবের আদালতে উপস্থিতহওয়া মোকদ্দমায় তাহারা যে সাক্ষ্য দিয়াছিল তদনুসারে মোকদ্দমার নিষ্পত্তি করা বেদাঁড়া।

Mitrjeet Lal and others,—Plaintiffs,
versus
Baboo Soondur Sahee,—Defendant.

This case was heard on the application of the defendant, for the admission of a special appeal from the decision of the Judge of Zillah Sarun, under date the 13th April, 1846, affirming that of the Principal Sudder Ameen of the same District, dated 8th August, 1844.

The application was granted by the Court (present Mr. C. Tucker) on the following grounds:

"The present suit was for possession of 41 *bee-*" *gahs*, 12 *biswas* and 4 *dhoons* of land, said to "appertain to *Mouzah* Delharee Khord. The de-"fendant claimed them as appertaining to *Mouzah* "Delharee Kullan. It was a boundary dispute, "and the possession of the defendant had been pre-"viously declared by the Magistrate in a case un-"der Act 4 of 1840.

"The Lower Courts have now decided in favour "of the plaintiffs, on the deposition of certain wit-"nesses taken by the law officer, who was deput-"ed by the Magistrate to make a local enquiry, "preparatory to the decision of the case under Act "4 of 1840; but without summoning those wit-"nesses, and taking their depositions, *de novo*, in "presence of the parties. This being irregular, I "admit a special appeal; and remand the proceed-"ings to the Zillah, in order that the irregularity "may be corrected. The Judge will return the "proceedings to the Principal Sudder Ameen, with "instructions to require the party, wishing for the "evidence of the witnesses above alluded to, to "summon them in the usual manner; and, after "examination duly had, to dispose of the case."

5th February, 1848.

Circular Order of the Nizamut Adawlut, dated 10th December, 1830, is no bar to the institution of a suit for the removal of a haut.

Komul Lochun Ghose, and others,—Appellants, (Plaintiffs.)

versus

Baghiruttee Dibbea,—Respondent, (Defendant.)

This case, which was instituted in Zillah Mymensingh, on the 1st July, 1842, was admitted to a special appeal, on the 1st March, 1845, under the following certificate recorded by Mr. J. F. M. Reid.

"The petitioners (appellants,) having, on 22d March, 1823, obtained a decree against the defendant, forbidding her to establish a haut in the vicinity of that established by petitioners at Kewulgunge, sued the defendant again to remove a haut established in Bhadoon, 1247, (August—September, 1840.) On the strength of the former decree, the Moonsiff of Nitrokona passed a decree for petitioners on the 26th August, 1843, but the Principal Sudder Ameen, on the strength of Circular Order

মিত্রজিৎ লাল এবং অন্যেরা। ফরিয়াদী।

বাবু সুন্দর [illegible]ী। আসামী।

জিলা সারণের প্রধান সদর আমীন ১৮৪৪ সালের ৮ আগষ্ট তারিখে যে নিষ্পত্তি করিলেন তাহা ঐ জিলার জজ সাহেব ১৮৪৬ সালের ১৩ আপ্রিল তারিখে বহাল রাখিলেন তাহাতে আসামী খাস আপীল গ্রাহ্য হওনের দরখাস্ত করাতে এই মোকদ্দমার শুননি হইল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত সি টকর সাহেব এই২ হেতুতে দরখাস্ত মঞ্জুর করিলেন।

"এই মোকদ্দমা ৪১ বিঘা ১২ বিশ্বা ৪ ধুন ভূমির "দখলের বাবৎ হইয়াছিল এবং কথিত ছিল যে ঐ "ভূমি মৌজা দেলহারি খর্দ্দের শামিল কিন্তু আসামী "তাহা মৌজা দেলহারি কল্লানের শামিল কহিয়া তাহার "দাওয়া করিল। অতএব ইহা সীমানার বিষয়ি বিবাদ "এবং মাজিষ্ট্রেট সাহেব ইহার পূর্ব্বে ১৮৪০ সালের "৪ আইনানুসারে মোকদ্দমা বিচার করিয়া স্থির করি"লেন যে ঐ ভূমি আসামীর দখলে আছে।

"১৮৪০ সালের ৪ আইনানুসারে ঐ মোকদ্দমা নিষ্পত্তি "করণের পূর্ব্বে মাজিষ্ট্রেট সাহেব সরেজমীনে তহকীক "করণার্থ যে ফতওয়াদায়ককে পাঠাইয়াছিলেন তিনি "কতক সাক্ষির যে জোবানবন্দী লইয়াছিলেন তদনুসারে "অধস্থ আদালতের বিচারকর্ত্তারা এক্ষণে ফরিয়াদীরদের "পক্ষে ডিক্রী করিয়াছেন কিন্তু তাঁহারা ঐ সাক্ষিরদি"গকে তলব করিলেন না এবং ঐ উভয় পক্ষের সাক্ষাতে "তাহারদের জোবানবন্দী পুনর্ব্বার লইলেন না ইহা "বেদাঁড়া হওয়াতে আমি খাস আপীল মঞ্জুর করি এবং "ঐ বেদাঁড়া কার্য্য শুধরাইবার নিমিত্তে আমি রুব"কারী জিলার জজ সাহেবের নিকটে ফিরিয়া পাঠাই। "তিনি ঐ মোকদ্দমার কাগজপত্র প্রধান সদর আমীনের "নিকটে পাঠাইয়া হুকুম করিবেন যে যে পক্ষ উপরের "উক্ত সাক্ষিরদের জোবানবন্দী লইতে চাহে সেই পক্ষ "রীতিমত তাহারদিগকে তলব করে তিনি এমত হুকুম "করেন এবং উপযুক্তমতে বিচার করিলে পর মোক-"দ্দমা নিষ্পত্তি করেন।"

১৮৪৮ সাল ৫ ফেব্রুআরি।

১৮৩০ সালের ১০ ডিসেম্বর তারিখের সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর হাট উঠাইয়া লইবার জন্যে মোকদ্দমা উপস্থিত করণের বাধাজনক নহে।

কমললোচন ঘোষ এবং অন্যেরা আপেলান্ট। ফরিয়াদী।

ভাগীরথী দেবী রেস্পাণ্ডেন্ট। আসামী।

এই মোকদ্দমা ১৮৪২ সালের ১ জুলাই তারিখে জিলা ময়মুনসিংহে উপস্থিত করা গিয়াছিল এবং শ্রীযুত জে এফ এম রীড় সাহেব নীচের লিখিত যে সর্টিফিকট লিখিয়াছিলেন তদনুসারে ১৮৪৫ সালের ১ মার্চ তারিখে ঐ মোকদ্দমা খাস আপীলে গ্রাহ্য হইল।

"দরখাস্তকারিরা অর্থাৎ আপেলান্টেরা কেবলগঞ্জে যে হাট বসাইয়াছিল তাহার নিকটে আসামীর অন্য এক হাট বসাইতে নিষেধ করিবার এক ডিক্রী তাহারা ১৮২৩ সালের ২২ মার্চ তারিখে পাইয়াছিল। পরে আসামী ১২৪৭ সালের ভাদ্র মাসে অর্থাৎ ১৮৪০ সালের আগষ্ট ও সেপ্টেম্বর মাসে যে হাট বসাইয়াছিল তাহা উঠাইবার জন্যে দরখাস্তকারিরা তাহার নামে পুনর্ব্বার নালিশ করিল। তাহাতে নেত্রকোণার মুনসেফ পূর্ব্বকার ডিক্রীর অনুসারে ১৮৪৩ সালের ২৬ আগষ্ট তারিখে দরখাস্তকারিরদের পক্ষে ডিক্রী করিলেন কিন্তু প্রধান সদর আমীন ১৮৩০ সালের ১০ ডিসেম্বর তারিখের সদর নিজামৎ আদালতের সর-

of Nizamut Adawlut, of 10th December, 1830, reversed the order on the 15th January following.

"As it has not been hitherto decided by this Court, whether the said Circular is or is not, a bar to the institution of suits for the purpose of putting down hauts, I think a special appeal should be admitted to try the point."

By the Court (present Mr. Tucker, Sir R. Barlow, and Mr. Hawkins.)

"The Court are of opinion, that the Circular
"Order of the Nizamut Adawlut is not a bar to
"the institution of a suit of the nature alluded to,
"nor to the investigation of the plaintiff's claim by
"the Civil Courts. The Principal Sudder Ameen
"has gone, according to the certificate, solely up-
"on the Circular; and therefore, considering his
"decree to be incomplete, we remand the case to
"be tried upon its merits."

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 26th April, 1848.

Moulvy Gholam Rubanee (who has obtained a diploma,) to be Acting Moonsiff of Commercolly, Zillah Jessore.

LEAVES OF ABSENCE.

The 22d April, 1848.

Baboo Shumbhoochunder Chatterjee, Moonsiff of Santipore, Zillah Nuddea, for one month.

Moulvy Syud Ahmud, Moonsiff of Tirmohunee, Zillah Jessore, for two days.

The unexpired portion of the leave of absence for six months, granted on the 5th November last, to Baboo Kassissur Mitter, Moonsiff of Sooksaugur, Zillah Nuddea, is cancelled at his own request from the 4th instant.

The 26th April, 1848.

Baboo Gopeemohun Roy, Moonsiff of Manikgunge, Dacca, for one month, in extension of that granted on the 17th ultimo.

Baboo Gungachurn Shome, Moonsiff of Sulimabad, Zillah East Burdwan, for fifteen days, from the 18th instant.

Baboo Radhanath Chatterjee, Moonsiff of Commercolly, Zillah Jessore, for six weeks from the 13th instant.

B. J. Colvin, *Register*.

রাজকর্ম্মে নিয়োগ।

৬৭৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্ন্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৮ সাল ১৫ আপ্রিল।

শ্রীযুত ডবলিউ জানসন সাহেব (Mr. W. Johnson,)

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৮। ২ মে।]

ক্যুলর অর্ডরঅনুসারে ১৮৪৪ সালের ১৫ জানুআরি তারিখে ঐ হুকুম অন্যথা করিলেন।

"পরন্তু হাট উঠাইয়া দেওনের জন্যে মোকদ্দমা করিতে উক্ত সরক্যুলর অর্ডরে নিষেধ আছে কি না এই বিষয় এই আদালতের দ্বারা এখনপর্য্যন্ত নিষ্পত্তি হয় নাই অতএব তাহার তজবীজ করিবার নিমিত্তে আমার বোধ হয় যে খাস আপীল মঞ্জুর করা উচিত।"

সদর আদালতের জজ শ্রীযুত টকর সাহেব ও শ্রীযুত সর আর বার্লো সাহেব ও শ্রীযুত হকিন্স সাহেব কহিলেন যে।

"সদর আদালতের সাহেবেরা বোধ করেন যে সদর
"নিজামৎ আদালতের সরকুলর অর্ডরের দ্বারা উক্ত
"প্রকার মোকদ্দমা উপস্থিত করণের এবং দেওয়ানী
"আদালতের দ্বারা ফরিয়াদীর দাওয়ার তজবীজ হওনের
"বাধা নাই। ঐ সর্টিফিকটে দৃষ্ট হইতেছে যে প্রধান
"সদর আমীন কেবল ঐ সরক্যুলর অর্ডরের উপর
"নির্ভর করিয়াছিলেন অতএব তাঁহার ডিক্রী অসম্পূর্ণ
"জ্ঞান করিয়া আমরা ঐ মোকদ্দমার দোষগুণঅনুসারে
"বিচার হইবার জন্যে তাহা ফিরিয়া পাঠাই।"

John C. Marshman, *Bengalee Translator*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৮ সাল ২৬ আপ্রিল।

যোগ্য তার পত্রপ্রাপ্ত শ্রীযুত মৌলবী গোলাম রবানী জিলা যশোহরে কুমারখালীর এক্টিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৮ সাল ২২ আপ্রিল।

জিলা নদীয়ার শান্তিপুরের মুনসেফ শ্রীযুত বাবু শম্ভুচন্দ্র চাটুয্যা এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা যশোহরের ত্রিমোহনীর মুনসেফ শ্রীযুত মৌলবী সৈয়দ আহমদ দুই দিনের ছুটী পাইয়াছেন।

জিলা নদীয়ার সুখসাগরের মুনসেফ শ্রীযুত বাবু কাশীশ্বর মিত্রকে গত নবেম্বর মাসের ৫ তারিখে যে ছয় মাসের ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল তাঁহার প্রার্থনামতে বর্ত্তমান মাসের ৪ তারিখঅবধি রহিত হইল।

১৮৪৮ সাল ২৬ আপ্রিল।

জিলা ঢাকার মাণিকগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু গোপীমোহন রায় গত মাসের ১৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের সলীমাবাদের মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাচরণ সোম বর্ত্তমান মাসের ১৮ তারিখঅবধি পনের দিনের ছুটী পাইয়াছেন।

জিলা যশোহরের কুমারখালীর মুনসেফ শ্রীযুত বাবু রাধানাথ চাটুয্যা বর্ত্তমান মাসের ১৩ তারিখ অবধি ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

কর্ম্মে ইশ্তাফা দেওয়াতে শ্রীযুত জে সি গ্রেহাম সাহেব (Mr. J. C. Graham,) সম্বলপুরের ডাকাধ্যক্ষের আসিষ্টান্ট হইবেন।

ছুটী।

১৮৪৮ সাল ১২ আপ্রিল।

পশ্চিম বর্দ্ধমানের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী একরামউল হক গত মাসের ৩০ তারিখের প্রাপ্ত ছুটীর অতিরিক্ত বর্ত্তমান মাসের ১০ তারিখে যে দুই সপ্তাহের

ছুটী পাইয়াছিলেন তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

১৮৪৮ সাল ১৭ আপ্রিল।

শাহাবাদের কালেক্টর শ্রীযুত আর এন ফারকর্সন সাহেব (Mr. R. N. Farquharson,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৮ সাল ১৫ আপ্রিল।

শ্রীযুত কাপ্তান এচ এল তামস সাহেব (Captain H. L. Thomas,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা কলিকাতার মাষ্টর এটেণ্ডেণ্টী কর্ম্মে নিযুক্ত হইয়া বর্ত্তমান মাসের ১০ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৬৯৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৮ সাল ১৭ আপ্রিল।

শ্রীযুত সি এফ মণ্ট্রেসর সাহেবের (Mr. C. F. Montresor,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জে আর মসপ্রাট সাহেব (Mr. J. R. Muspratt,) যশোহরে জাইণ্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটী কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং খুলনা এলাকা খণ্ডের কর্ম্ম চালাইবেন।

ছুটী।

১৮৪৮ সাল ১৭ আপ্রিল।

ভাগলপুরের সদর আমীন শ্রীযুত বাবু নকুড়চন্দ্র চৌধুরী স্বীয় কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৮ সাল ১৯ আপ্রিল।

ঢাকার সিবিল ও সেশন জজ শ্রীযুত হেনরি সুইটনহাম সাহেব (Mr. Henry Swetenham,) বর্ত্তমান মাসের ১১ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত সৈয়দ আবাস আলীর প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৭১৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ সাহেবের হুকুম।

ছুটী।

১৮৪৮ সাল ১৯ আপ্রিল।

মেদিনীপুরের প্রধান সদর আমীন শ্রীযুত সি মাকি সাহেব (Mr. C. Mackay,) স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

পশ্চিম বর্দ্ধমানের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু চন্দ্রশেখর চৌধুরী স্বীয় কর্ম্মোপলক্ষে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

যশোহরের দ্বিতীয় প্রধান সদর আমীন শ্রীযুত বাবু লোকনাথ বসুকে বর্ত্তমান মাসের ১০ তারিখে যে ছুটী ঐ মাসের ৯ তারিখঅবধি ১৬ তারিখপর্য্যন্ত স্বীয় কর্ম্মোপলক্ষে দেওয়া গিয়াছিল তাহা কম হইয়াছে অর্থাৎ তিনি বর্ত্তমান মাসের ১৩ ও ১৪ তারিখে দুই দিনের ছুটী পাইয়াছেন।

ত্রিপুরার অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নবচন্দ্র চাটুর্য্যা পূর্ব্বে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে আরো তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৮ সাল ২৬ আপ্রিল।

ময়মুনসিংহের সিবিল ও সেশন জজ শ্রীযুত আর ই কনলিফ সাহেব (Mr. R. E. Cunliffe,) বর্ত্তমান মাসের ১৪ তারিখে আপনার সিরিশ্তার কর্ম্মের ভার একটিং প্রধান সদর আমীনের স্থানে পুনর্গ্রহণ করেন।

ভাগলপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত ডবলিউ এস আলেকজাণ্ডর সাহেব (Mr. W. S. Alexander,) দায়েরসায়েরী কর্ম্মে গমনার্থ আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জেম্স গ্রাণ্ট সাহেব (Mr. James Grant,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের স্থানে পুনর্গ্রহণ করেন।

রঙ্গপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত টি ওয়াইয়েট সাহেব (Mr. T. Wyatt,) দায়েরসায়েরী কর্ম্মে বগুড়াতে গমনার্থ বর্ত্তমান মাসের ১৮ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন।

ত্রিপুরার একটিং কালেক্টর শ্রীযুত ও ডবলিউ মালেট সাহেব (Mr. O. W. Malet,) বর্ত্তমান মাসের ১৮ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত সি আর কার্ণক সাহেবের (Mr. C. R. Carnac,) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারি।

---

৭৪৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ সাহেবের হুকুম।

ছুটী।

১৮৪৮ সাল ২৬ আপ্রিল।

বেহারের সিবিল ও সেশন জজ শ্রীযুত অনরবিল রাবর্ট ফর্বস সাহেব গত ফেব্রুআরি মাসের ১৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিপুরার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডবলিউ পিট সাহেব (Mr. W. Pitt,) স্বীয় কর্ম্মোপলক্ষে দশ দিনের ছুটী পাইয়াছেন।

ভাগলপুরের মাজিষ্ট্রেট সাহেবের ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ সি ওয়াটসন সাহেবকে (Mr. W. C. Watson,) গত মাসের ১৬ তারিখে যে আট মাসের ছুটী দেওয়া যায় তাহা ঐ মাসের ২৪ তারিখঅবধি আরম্ভ হইবেক।

বিজ্ঞাপন।

১৮৪৮ সাল ২৬ আপ্রিল।

ভাগলপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত ডবলিউ এস আলেকজাণ্ডর সাহেব (Mr. W. S. Alexander,) বর্ত্তমান মাসের ২১ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের স্থানে পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

MEDICAL COLLEGE.

14TH YEAR—SESSION 1848-49.

SUMMER TERM.

The first division of the Session will commence on Thursday, the 15th June, 1848, and continue until the 15th November, when lectures will be delivered on the following subjects:

ENGLISH CLASS.

ANATOMY AND PHYSIOLOGY, By *H. Walker, Esq.,*......	Daily except Tuesday, from 11 to 12.
DESCRIPTIVE & SURGICAL ANATOMY, ... By *A. Webb, Esq.,*	Mondays, Wednesdays and Fridays, from 12 to 1.
BOTANY, ... By *H. Falconer, Esq., M. D.,*	Tuesdays, Wednesdays, Fridays, and Saturdays, from 10 to 11 A. M.
CHEMISTRY, ... By *A. Robertson, Esq.,* ...	Mondays, Wednesdays and Fridays, at 3 P. M.
PRINCIPLES & PRACTICE OF MEDICINE, ... By *J. Jackson, Esq., M. B.,*	Mondays, from 3 to 4; Tuesdays, Thursdays and Saturdays, from 2 to 3 P. M.
PRINCIPLES OF SURGERY,... By *R. O'Shaughnessy, Esq.,*	Mondays and Wednesdays, from 2 to 3 P. M.
CLINICAL SURGERY, ... By *Ditto,*	Fridays, from 2 to 3 P. M.
MATERIA MEDICA AND THERAPEUTICS, ... By *F. J. Mouat, Esq., M. D.,*	Daily, from 10 to 11 A. M.
MIDWIFERY, ... By *H. H. Goodeve, Esq., M. D.,*	Tuesdays, Wednesdays, Fridays and Saturdays, at 3 P. M.

MILITARY CLASS.

PUNDIT MUDUSUDEN GUPTA will lecture on Anatomy and Surgery. Sub-Assistant Surgeon SHIBCHUNDER KURMOKAR will teach Medicine and Materia Medica.

HOSPITAL ATTENDANCE.

MALE HOSPITAL, ... *Medical Visit,*	From 1½ to 2 P. M., daily.
DITTO, ... *Surgical Visit,*..	1 P. M. daily.
FEMALE AND LYING-IN HOSPITAL, ...	Daily at 4 P. M.

OUT-DOOR DISPENSARY, from 7 to 11 A. M. daily, and from 5 to 6 P. M.

A general introductory lecture will be delivered on the 15th June by Professor Goodeve.

(By Order,)

FRED. J. MOUAT, M. D.,
Secretary.

Council of Education,
April 4, 1848.

[গবর্নমেন্ট গেজেট । ১৮৪৮ । ২ মে ।]

মেডিকেল কালেজ ।

চতুর্দ্দশ বৎসর—সেশন ১৮৪৮ । ৪৯ ।

গ্রীষ্মকালীন বৈঠক ।

বৈঠকের প্রথমাংশ ১৮৪৮ সালের ১৫ জুন তারিখ বৃহস্পতিবারে আরম্ভ হইয়া নবেম্বর মাসের ১৫ তারিখ পর্য্যন্ত চলিবেক সেই বৈঠকে নীচের লিখিত বিদ্যার শিক্ষা হইবেক ।

ইঙ্গরেজী সম্প্রদায় ।

ব্যবচ্ছেদবিদ্যা ও তত্ত্বজ্ঞানের শিক্ষা শ্রীযুত এচ ওয়াকর সাহেব দিবেন ।	মঙ্গলবার ছাড়া প্রতিদিন ১১ ঘণ্টাঅবধি দুই প্রহরপর্য্যন্ত ।
ব্যাখ্যার্থ ও অস্ত্রঘটিত ব্যবচ্ছেদবিদ্যার শিক্ষা শ্রীযুত এ উএব সাহেব দিবেন ।	সোমবার ও বুধবার ও শুক্রবার বেলা ১২ ঘণ্টাঅবধি ১ ঘণ্টা পর্য্যন্ত ।
উদ্ভিদ্বিদ্যা শ্রীযুত ডাক্তর এচ ফকনর সাহেব ।	মঙ্গলবার বুধবার শুক্রবার ও শনিবার ১০ ঘণ্টাঅবধি ১১ ঘণ্টাপর্য্যন্ত ।
কিমিয়াবিদ্যা শ্রীযুত এ রাবর্টসন সাহেব ।	সোমবার ও বুধবার ও শুক্রবার ৩ ঘণ্টার সময়ে ।
ঔষধের মূলনিয়ম ও ব্যবহারের শিক্ষা শ্রীযুত জে জাকসন সাহেব দিবেন ।	সোমবার ৩ ঘণ্টাঅবধি ৪ ঘণ্টাপর্য্যন্ত মঙ্গলবার বৃহস্পতিবার শনিবার ২ ঘণ্টাঅবধি ৩ ঘণ্টাপর্য্যন্ত
অস্ত্রচিকিৎসা বিদ্যার মূলনিয়ম শ্রীযুত আর ওশাগনেসি সাহেব	সোমবার ও বুধবার ২ ঘণ্টাঅবধি ৩ ঘণ্টা পর্য্যন্ত।
শয্যাগত ব্যক্তিরদের অস্ত্রচিকিৎসা ঐ সাহেব ।	শুক্রবার ২ ঘণ্টাঅবধি ৩ ঘণ্টাপর্য্যন্ত ।
মাটিরিয়া মেডিকা এবং রোগের উপশমক বিদ্যা শ্রীযুত ডাক্তর এফ জে মৌআট সাহেব ।	প্রতিদিন ১০ ঘণ্টাঅবধি ১১ ঘণ্টা পর্য্যন্ত ।
ধাত্রীত্ব বিদ্যা শ্রীযুত ডাক্তর এচ এচ গুডীব সাহেব ।	মঙ্গল ও বুধ ও শুক্র ও শনিবার ৩ ঘণ্টার সময় ।

সৈন্যসম্পর্কীয় সম্প্রদায় ।

শ্রীযুত পণ্ডিত মধুসূদন গুপ্ত ব্যবচ্ছেদ বিদ্যা ও অস্ত্র চিকিৎসা বিদ্যার বিষয়ে শিক্ষা দিবেন । সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত শিবচন্দ্র কর্ম্মকার ঔষধ এবং মাটিরিয়া মিডিকা বিষয়ে শিক্ষা দিবেন ।

হাসপাটালে রোগিরদের সেবা ।

পুরুষেরদের হাসপাটালে চিকিৎসা করণার্থ গমন ।... ...	প্রতিদিন ১॥ ঘণ্টাঅবধি ২ঘণ্টা পর্য্যন্ত ।
ঐ অস্ত্র ব্যবহারার্থ গমন । ...	প্রতিদিন বেলা ১ ঘণ্টা সময়ে ।
স্ত্রীলোকেরদের ও ধাত্রী সম্বন্ধীয় হাসপাটাল ।	প্রতিদিন ৪ ঘণ্টা সময়ে ।
বাহিরের ঔষধালয় ।	প্রতিদিন পূর্ব্বাহ্নে ৭ ঘণ্টাঅবধি ১১ ঘণ্টা পর্য্যন্ত । অপরাহ্নে ৫ ঘণ্টা অবধি ৬ ঘণ্টা পর্য্যন্ত ।

উক্ত বৈঠকের আরম্ভে জুন মাসের ১৫ তারিখে শ্রীযুত ডাক্তর গুডিব সাহেব শিক্ষার ভূমিকাস্বরূপ সাধারণ বক্তৃতা করিবেন ।

(হুকুমক্রমে ।)

এফ জে মৌআট । সেক্রেটারী ।

বিদ্যাধ্যাপনের কোন্সেল । ১৮৪৮ । ৪ আপ্রিল ।

ADVERTISEMENT.

SIX HUNDRED RUPEES REWARD.

The above reward will be given, for the apprehension of Hurrish Chunder Pal, who effected his escape after murdering Mudhoosoodun Mojumdar, in the town of Sherpore, Thannah Sherpore, Zillah Bograh on the 10th November, 1847, corresponding to the 25th Kartick, 1254, B. S. Of the 600 Rupees, 500 have been offered by direction of the Superintendent of Police, Lower Provinces, the remaining 100 is offered by the relatives of the person murdered.

Description of the Murderer.

Hurrish Chunder Pal, son of Muddun Pal, a resident of Rarabundeepore, name of the Thannah unknown, Zillah 24-Purgunnahs or Baraset, about 30 or 32 years of age, blackish complexion, short and stout person, open eyebrows, small nose, short hair (bâbree), small whiskers, no particular marks on the body, can read and write the common Bengallee, and is slightly acquainted with English.

৬০০৲ টাকা পারিতোষিক।

উপরের লিখিত পারিতোষিক হরিশ্চন্দ্র পালনামক ব্যক্তিকে ধৃতকরণ নিমিত্তক দেওয়া যাইবেক উক্ত ব্যক্তি জেলা বগুড়ার অন্তঃপাতি থানা শেরপুরের অধীন শেরপুর নগরের মধুসূদন মজুমদারকে সন ১৮৪৭ ইঙ্গরেজীর ১০ নবেম্বর মোতাবেক সন ১২৫৪ বাঙ্গলার ২৫ কার্ত্তিক তারিখে হত্যাকরণানন্তর পলায়ন করিয়াছে। উক্ত ৬০০৲ টাকা মধ্যে ৫০০৲ টাকা বাঙ্গলা দেশের শ্রীল শ্রীযুক্ত সুপরিন্টেণ্ডেণ্ট পোলীস সাহেব বাহাদুরের আদেশ মত এবং বাকী ১০০৲ টাকা মৃত ব্যক্তির উত্তরাধিকারির দ্বারা প্রদত্ত হইবেক।

হত্যাকারকের আকৃতি।

হরিশ্চন্দ্র পাল পিতার নাম মদন পাল সাকিন রড়াবন্দিপুর থানার নাম অজ্ঞাত জেলা চব্বিশপরগনা কি বারাসত বয়স প্রায় ৩০। ৩২ বৎসর প্রায় কাল বর্ণ খর্ব্ব ছন্দ দোহারা কায় খোলা ভুরু খর্ব্ব নাসিকা মাথায় ছোট ছোট চুল (বাবরি) বিরল বিরল মোচ শরীরে কিছু ক্ষত চিহ্ন প্রকাশ নাই পলায়িত ব্যক্তি কিছু কিছু ইঙ্গরেজী আর সাধারণমত বাঙ্গলা লেখাপড়া জানে।

سما   چھ سو روپیہ انعام

چونکہ سنہ ۱۸۴۷ مسیحہ کے تاریخ دسوین ۱۰ مہینا نومبر مطابق سنہ ۱۲۵۴ بنگلہ کے تاریخ پچیسا ۲۵ مہینا کاتک اِسی ضلع بگورہ کی متعلق تھانہ شیرپور کا بیچ شہر شیرپور کا باشندہ مدہوسودن مجموعہ دار کو مسمی ہریشچندر پال خون کرکے فرار ہواہی اوپر کا لکھا ہوا چھ سو روپیہ انعام کہ اُسے پانسو روپیہ حضور سے صاحب سپرنتندنت پولیس بہادر صوبجات بنگالہ و بہار و اُریسہ کے مقرر ہواہی اور یکسو مالک کے وارث لوگ دینے کا اقرار کئے ہین جو کوئی فرار مذکور کو گرفتار کریگا اُنکو چھ سو روپیہ دیا جایگا فقط

جلیہ قاتل

ہریشچندر پال اسامی فرار ولد مدن پال ساکن رڑابندی پور تھانہ از معلوم ضلع بیست و چہار پرگنہ یا براست عمر انداز تیس یا بتیس برس کچھ سیاہ فام کوتاہ قد میانہ اندام کھولا ابرو وپست بینے سر مین بابری یعنے چوتر چوتر بال تھورہ تھورہ یعنے پتال موچھ بدن مین کچھ داغ زخم اشکارہ نہین ہی فرار کچھ کچھ علم انگریزی اور عوام کے مطابق بنگلہ جانتاہی فقط

Zillah Bograh, Fouz. Adawlut, 7th Dec., 1847. G. U. YULE, *Joint Magistrate.*

[*Government Gazette, 2d May, 1848.*]

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of ALBERT JOHN DEHOCHEPIED LARPENT, and JOHN BECKWITH, of the Town of Calcutta, lately carrying on trade and business, in copartnership together, in Clive Street, in the Town of Calcutta, in Bengal, under the name, style and firm of Cockerell and Company, Merchants and Agents, against whom an Adjudication of Insolvency was made and pronounced on the Petition of John Freeman, a Creditor.

NOTICE is hereby given, that by an order of the Court for the Relief of Insolvent Debtors at Calcutta, made on the Twenty-sixth day of April instant, the matters of the Petition of the said John Freeman, for an Adjudication of Insolvency against the said Insolvents were appointed to be heard in the said Court, on Saturday, the fifth day of August next.

The names of the Creditors of the said Insolvents appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

GRANT and REMFRY, *Insolvents' Attornies.*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

কাকরেল কোম্পানির নামে বাঙ্গলা দেশের কলিকাতা নগরের ক্লাইব ষ্ট্রিটে যৌতায় সওদাগরী ও এজেণ্টী কর্ম্মকারী আলবর্ট জান ডিহচিপিড লারপেণ্ট সাহেব ও জান বেকউইথ সাহেব যোত্রহীন বটেন এমত নির্দ্ধারণ তাঁহারদের মহাজন জান ফ্রিমান সাহেবের দরখাস্তমতে হইল তাঁহারদের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কলিকাতা নগরে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আদালতে বর্ত্তমান আপ্রিল মাসের ২৬ তারিখে হুকুম হইল যে উক্ত যোত্রহীনেরদের যোত্রহীনতা নির্দ্ধারণার্থ উক্ত জান ফ্রিমান সাহেবের দরখাস্ত আগামি আগষ্ট মাসের ৫ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত যোত্রহীনেরদের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্তায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

গ্রাণ্ট ও রেমফ্রি। যোত্রহীনেরদের উকীল।

In the matter of the Petition of ALBERT JOHN DEHOCHEPIED LARPENT, heretofore carrying on business in Calcutta aforesaid, in partnership with John Beckwith, as Merchants and Agents, under the style or firm of Cockerell and Company, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entituled "An Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies."

NOTICE is hereby given, that by an order of the Court for the Relief of Insolvent Debtors at Calcutta, made on the Twenty-sixth day of April instant, the matters of the Petition of the said Insolvent were appointed to be heard in the said Court, on Saturday, the fifth day of August next.

The names of the Creditors of the said Insolvent appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

GRANT and REMFRY, *Insolvent's Attornies.*

কাকরেল কোম্পানির নামে জান বেকউইথ সাহেবের সঙ্গে কলিকাতায় যৌতায় সওদাগরী ও এজেণ্টী কর্ম্মকারি আলবর্ট জান ডিহচিপিড লারপেণ্ট সাহেব ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইন দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন।

অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কলিকাতা নগরে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আদালতে বর্ত্তমান আপ্রিল মাসের ২৬ তারিখে হুকুম হইল যে উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্ম আগামি আগষ্ট মাসের ৫ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত যোত্রহীনের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্তায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

গ্রাণ্ট ও রেমফ্রি। যোত্রহীনের উকীল।

In the matter of the Petition of JOHN BECKWITH, heretofore carrying on business in Calcutta, aforesaid, in partnership with Albert John DeHochepied Larpent, as Merchants and Agents, under the style or firm of Cockerell and Company, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entituled An Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies.

NOTICE is hereby given, that by an order of the Court for the Relief of Insolvent Debtors at Calcutta, made on the Twenty-sixth day of April instant, the matters of the Petition of the said Insolvent were appointed to be heard in the said Court, on Saturday, the fifth day of August next.

The names of the Creditors of the said Insolvent appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

GRANT and REMFRY, *Insolvent's Attornies.*

কাকরেল কোম্পানির নামে কলিকাতা নগরে আলবর্ট জান ডিহচিপিড লারপেণ্ট সাহেবের সঙ্গে যৌতায় সওদাগরী ও এজেণ্টী কর্ম্মকারি জান বেকউইথ সাহেব ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইন দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন।

অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কলিকাতার যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আদালতে বর্ত্তমান আপ্রিল মাসের ২৬ তারিখে হুকুম হইল যে উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্ম আগামি আগষ্ট মাসের ৫ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত যোত্রহীনের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্তায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

গ্রাণ্ট ও রেমফ্রি। যোত্রহীনের উকীল।

In the matter of JOHN AIRD, WILLIAM ANDERSON and THOMAS EDMOND, carrying on business in the Town of Calcutta, as Merchants and Agents, in copartnership with William Ewing the younger and George Anderson, who are out of the jurisdiction of this Court, under the name, style or firm of Ewing, Aird and Andersons, Insolvents.

NOTICE is hereby given, that by an order made by this Court on the 29th day of April instant, it was ordered that unless cause be shewn to the contrary on or before Saturday, the sixth day of May next, William Wildman Kettlewell, of Calcutta Esquire, be appointed Co assignee with William Macpherson, Esquire the Assignee of the Estate and Effects of the said Insolvents.

Calcutta, 29th April, 1848. SHAW and LYONS, *Attornies.*

ইউয়িং এর্ড ও আণ্ডরসন নামে এই আদালতের এলাকার বহির্ভূত ছোট উলিয়ম ইউয়িং সাহেবের ও জর্জ আণ্ডরসন সাহেবের সঙ্গে যৌতায় কলিকাতা নগরে সওদাগরী ও এজেন্টী কর্ম্মকারী যোত্রহীন জান এর্ড সাহেব ও উলিয়ম আণ্ডরসন সাহেব ও তামস এডমণ্ড সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান আপ্রিল মাসের ২৯ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে আগামি মে মাসের ৬ তারিখ শনিবারে বিপরীত কারণ দর্শান না গেলে কলিকাতা নগর নিবাসি উলিয়ম ওয়াইল্ডম্যান কেটলওএল সাহেব উক্ত যোত্রহীনেরদের মাল ও সম্পত্তির আসৈনি শ্রীযুত উলিয়ম মাকফরসন সাহেবের সহ-আসৈনি পদে নিযুক্ত হন।

কলিকাতা। ১৮৪৮। ২৯ আপ্রিল। শা ও লায়ন্স। উকীল।

In the matter of JOHN AIRD, WILLIAM ANDERSON and THOMAS EDMOND, carrying on business in the Town of Calcutta, as Merchants and Agents, in copartnership with William Ewing the younger and George Anderson, who are out of the jurisdiction of this Court, under the name, style or firm of Ewing, Aird and Andersons, and which said John Aird, William Anderson and Thomas Edmond are now of the French Settlement of Chandernagore in the Province of Bengal.

NOTICE is hereby given, that by an order made in this matter on the 19th day of April instant, it was adjudged that the aboveramed John Aird, William Anderson and Thomas Edmond had committed an act of insolvency within the provisions of the Statute 9th, George IV. Chapter 73.

FAITH, SANDES and WATTS, *Attornies.*

ইউয়িং এর্ড ও আণ্ডরসন কোম্পানির নামে যৌতায় এই আদালতের এলাকার বহির্ভূত ছোট উলিয়ম ইউয়িং সাহেব ও জর্জ আণ্ডরসন সাহেবের সঙ্গে কলিকাতা নগরে সওদাগরী ও এজেন্টী কর্ম্মকারী এক্ষণে বাঙ্গলা দেশে ফ্রান্সীয়েরদের অধীন চন্দননগর নিবাসী জান এর্ড সাহেব ও উলিয়ম আণ্ডরসন সাহেব ও তামস এডমণ্ড সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে এই বিষয়ে বর্ত্তমান আপ্রিল মাসের ১৯ তারিখে নির্দ্ধারণ হইল যে উক্ত জান এর্ড সাহেব ও উলিয়ম আণ্ডরসন সাহেব ও তামস এডমণ্ড সাহেব যোত্রহীন হইয়া চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের ৭৩ অধ্যায়ের বিধিমতে উপকার পাইতে পারেন।

স্মিথ ও সাণ্ডিস ও ওয়াট্স। উকীল।

In the matter of JOHN AIRD, WILLIAM ANDERSON and THOMAS EDMOND, lately carrying on business in Calcutta, as Merchants and Agents, in copartnership with William Ewing the younger and George Anderson, under the name, style or firm of Ewing, Aird and Andersons.

NOTICE is hereby given, that by an order of the Court, made on the 27th day of April instant, it was ordered that William Macpherson, Esquire, the official Assignee of this Court, be appointed Assignee of the Estate and Effects of the said Insolvents.

W. H. SMOULT.

ইউয়িং এর্ড ও আণ্ডরসন নামে ছোট উলিয়ম ইউয়িং সাহেব ও জর্জ আণ্ডরসন সাহেবের সঙ্গে যৌতায় কলিকাতা নগরে সওদাগরী ও এজেন্টী কর্ম্মকারী জান এর্ড সাহেব ও উলিয়ম আণ্ডরসন সাহেব ও তামস এডমণ্ড সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান আপ্রিল মাসের ২৭ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে এই আদালতের আসৈনি পদে নিযুক্ত শ্রীযুত উলিয়ম মাকফরসন সাহেব উক্ত যোত্রহীনেরদের মাল ও সম্পত্তির আসৈনি পদে নিযুক্ত হন্।

ডবলিউ এচ স্মোল্ট।

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of WILLIAM HENRY, late of Loudon's Buildings, in the Town of Calcutta, Surgeon, Dentist, and late a prisoner confined for debt in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entituled An Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court, on Saturday, the first day of July next.

The names of the Creditors of the said William Henry appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

6, Somerset Place, Strand. WILLIAM THOMPSON, *Insolvent's Attorney.*

কলিকাতা নগরের লৌডন বিল্ডিং নিবাসী দন্তের চিকিৎসক উলিয়ম হেনরি সাহেব সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনদ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি জুলাই মাসের ১ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত উলিয়ম হেনরি সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার উক্ত দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্তায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

৬ নম্বর সমরসেট প্লেস। ষ্ট্রাণ্ড। উলিয়ম তামসন। যোত্রহীনের উকীল।

[*Government Gazette, 2d May*, 1848.